কুরআন মাজিদ ও তাজভিদ

قرآن مجید وتجوید

দাখিল

সপ্তম শ্রেণি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ২০১৩ শিক্ষাবর্ষ থেকে
দাখিল সপ্তম শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

اَلْقُرْاٰنُ الْمَجِيْدُ وَالتَّجْوِيْدُ

কুরআন মাজিদ ও তাজভিদ

দাখিল
সপ্তম শ্রেণি

রচনা ও সংকলন

মাওলানা আ.খ.ম. আবু বকর সিদ্দীক
মাওলানা মুহাম্মদ আব্দুল লতিফ শেখ
মাওলানা আ.ন.ম. আব্দুল কাইউম
মাওলানা মুহাম্মদ আবুবকর সিদ্দীক

সম্পাদনা

প্রফেসর এ.কে.এম. ইয়াকুব হোসাইন

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯–৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ কর্তৃক প্রকাশিত

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত]

প্রথম প্রকাশ : সেপ্টেম্বর, ২০১৩

পরিমার্জিত সংস্করণ : সেপ্টেম্বর, ২০১৮

পুনর্মুদ্রণ : , ২০২২

ডিজাইন
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে :

বিসমিল্লাহির রহমানির রহিম

প্রসঙ্গ-কথা

শিক্ষা জাতীয় উন্নয়নের পূর্বশর্ত। পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য দেশপ্রেমে উদ্বুদ্ধ, সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়বদ্ধ, নৈতিকতা সম্পন্ন সুশিক্ষিত জনশক্তি প্রয়োজন। আল্লাহ তাআলা ও তাঁর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশিত পন্থায় ইসলাম ধর্মের বিশুদ্ধ আকিদা-বিশ্বাসের প্রতি দৃঢ় আস্থা অনুযায়ী জীবন গঠনের মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় পারদর্শী সুনাগরিক তৈরি করা এবং জাতীয় উন্নয়নে অবদান রাখাই মাদ্রাসা শিক্ষার লক্ষ্য।

জাতীয় শিক্ষানীতি ২০১০-এর লক্ষ্য-উদ্দেশ্য সামনে রেখে পরিমার্জন করা হয়েছে মাদ্রাসা শিক্ষাধারার শিক্ষাক্রম। পরিমার্জিত শিক্ষাক্রমে জাতীয় আদর্শ, লক্ষ্য-উদ্দেশ্য ও সমকালীন চাহিদার প্রতিফলন ঘটানো হয়েছে। সেই সাথে শিক্ষার্থীদের বয়স, মেধা ও ধারণক্ষমতা অনুযায়ী শিখনফল নির্ধারণ করা হয়েছে। এছাড়া শিক্ষার্থীর ইসলামি মূল্যবোধ থেকে শুরু করে দেশপ্রেম ও মানবতাবোধ জাগ্রত করার চেষ্টা করা হয়েছে। একটি বিজ্ঞানমনস্ক জাতি গঠনের জন্য জীবনের প্রতিটি ক্ষেত্রে বিজ্ঞানের স্বতঃস্ফূর্ত প্রয়োগ ও **ডিজিটাল বাংলাদেশ** গড়ার লক্ষ্য বাস্তবায়নে শিক্ষার্থীদের সক্ষম করে তোলার চেষ্টা করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষা ধারার শিক্ষাক্রমের আলোকে প্রণীত হয়েছে ইবতেদায়ি ও দাখিল স্তরের ইসলামি ও আরবি বিষয়ের সকল পাঠ্যপুস্তক। এতে শিক্ষার্থীদের বয়স, প্রবণতা, শ্রেণি, ধারণক্ষমতা ও পূর্ব অভিজ্ঞতাকে গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। পাঠ্যপুস্তকগুলোর বিষয় নির্বাচন ও উপস্থাপনের ক্ষেত্রে শিক্ষার্থীর সৃজনশীল প্রতিভার বিকাশ সাধনের দিকেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

কুরআন মাজিদ আল্লাহ তাআলার মহান বাণী ও ইসলামি শরিয়তের মূল উৎস। কুরআন অনুযায়ী জীবন গঠনের জন্য এর পঠন শিক্ষা, বিশুদ্ধ তেলাওয়াত এবং এর অর্থ ও ব্যাখ্যা জানা প্রয়োজন। এ উদ্দেশ্যকে সামনে রেখে **কুরআন মাজিদ ও তাজভিদ** পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে। পাঠ্যপুস্তকে বাংলা বানানের ক্ষেত্রে বাংলা একাডেমির বানানরীতি এবং পবিত্র কুরআন শরিফ থেকে উদ্ধৃত আয়াতের অনুবাদের ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত **আল-কুরআনুল করীম** এর অনুবাদ অনুসরণ করা হয়েছে।

একবিংশ শতকের অঙ্গীকার ও প্রত্যয়কে সামনে রেখে বিভিন্ন পর্যায়ে বিশেষজ্ঞ আলেম, কারিকুলাম বিশেষজ্ঞ, শ্রেণিশিক্ষক, শিক্ষক প্রশিক্ষক এবং ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ-এর প্রতিনিধির সমন্বয়ে সংশোধন ও পরিমার্জন করে পাঠ্যপুস্তকটি অধিকতর পরিশুদ্ধ করা হয়েছে, যার প্রতিফলন বর্তমান সংস্করণে পাওয়া যাবে। এতদসত্ত্বেও কোনো প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

পুস্তকটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন, পরিমার্জন ও প্রকাশনার কাজে যারা নিজেদের মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের জানাই আন্তরিক মোবারকবাদ। যাদের জন্য পুস্তকটি রচিত হলো তারা যদি উপকৃত হয় তবেই আমাদের প্রচেষ্টা সার্থক হবে।

প্রফেসর কায়সার আহমেদ
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

সূচিপত্র

বিষয় পৃষ্ঠা

প্রথম অধ্যায়
আল কুরআনের পরিচয় ও ইতিহাস

১ম পাঠঃ ওহির বিবরণ ১
২য় পাঠঃ কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত ৫

দ্বিতীয় অধ্যায়
তাজভিদসহ পঠন ও অর্থসহ মুখস্থকরণ

১. সুরা আশ শামস	১০	২. সুরা আল লায়ল	১২
৩. সুরা আদ দোহা	১৩	৪. সুরা আল ইনশিরাহ	১৪
৫. সুরা আত তিন	১৪	৬. সুরা আল আলাক	১৫
৭. সুরা আল কদর	১৬	৮. সুরা আল বাইয়্যিনাহ	১৭
৯. সুরা আল যিলযাল	১৮	১০. সুরা আল আদিয়াত	১৯

তৃতীয় অধ্যায় : আল-কুরআন
১ম পরিচ্ছেদঃ (ইমান)

১ম পাঠ : ফেরেশতাদের প্রতি বিশ্বাস ২০
২য় পাঠ : আসমানি কিতাবের প্রতি বিশ্বাস ২৮
৩য় পাঠ : তাকদিরের প্রতি বিশ্বাস ৩৪

২য় পরিচ্ছেদ (ইবাদত)

১ম পাঠ : সালাত ৪১
২য় পাঠ : সাওম ৪৮
৩য় পাঠ : জাকাত ৫৬

৩য় পরিচ্ছেদ (আখলাক)
ক. আখলাকে হাসানা বা সৎচরিত্র

১ম পাঠ : তাকওয়া ৬৩
২য় পাঠ : আল্লাহ ও রসুলের প্রতি আনুগত্য ৬৯
৩য় পাঠ : ধৈর্যশীলতা ৭৮
৪র্থ পাঠ : প্রতিবেশী ও সাথীদের সাথে সদাচারণ ৮৩
৫ম পাঠ : অঙ্গীকার পূরণের গুরুত্ব ৯১

খ. আখলাকে যামিমা বা অসৎচরিত্র

১ম পাঠ : খারাপ ধারণা ৯৬
২য় পাঠ : ঠাট্টা-বিদ্রূপ ও উপহাস করা থেকে বিরত থাকা ১০১
৩য় পাঠ : দ্বিমুখী স্বভাব ১০৬
৪র্থ পাঠ : জুলুম ১১২
৫ম পাঠ : লৌকিকতা ১১৮

৪র্থ অধ্যায়
তাজভিদ শিক্ষা

১ম পাঠ : তায়া'উজ ও তাসমিয়া পড়ার নিয়ম ১২৬
২য় পাঠ : মাদ্দের বর্ণনা ১২৯
৩য় পাঠ : হায়ে জমির পড়ার নিয়ম ১৩২
৪র্থ পাঠ : জমিরে আনা পড়ার নিয়ম ১৩৩
৫ম পাঠ : পোর ও বারিকের বিবরণ ১৩৪
৬ষ্ঠ পাঠ : লাহান ১৩৬

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রথম অধ্যায়

আল কুরআনের পরিচয় ও ইতিহাস

১ম পাঠ

ওহির বিবরণ

জ্ঞান অর্জনের মাধ্যম ৩টি। যথা- (১) পঞ্চ ইন্দ্রিয় (২) আকল এবং (৩) ওহি। প্রথম দুটি দ্বারা কেবল বাহ্যিক ও চাক্ষুষ বিষয়ের জ্ঞান অর্জন করা যায়। কিন্তু ইন্দ্রিয় ও আকল যেখানে অকার্যকর সে জ্ঞান একমাত্র ওহি দ্বারাই লাভ করা সম্ভব। যেমন- আখেরাত, জান্নাত, জাহান্নাম ইত্যাদির জ্ঞান। তদ্রূপ মানুষকে পথ প্রদর্শনের জন্য শুধু বুদ্ধি ও ইন্দ্রিয় যথেষ্ট নয়, বরং ওহির জ্ঞান প্রয়োজন। এমনি ভাবে দীনের আকিদা সম্পর্কীয় জ্ঞান লাভ করাও ওহির কাজ, বুদ্ধির কাজ নয়। তাইতো আল্লাহ পাক যুগে যুগে অসংখ্য নবি-রসুল পাঠিয়েছেন ওহির জ্ঞান দিয়ে। তার ধারাবাহিকতায় সবশেষে মহানবি (ﷺ) কে সর্বশেষ ওহি তথা আল কুরআন দিয়ে প্রেরণ করেন।

ওহির পরিচয় : ওহি আরবি শব্দ। এর অর্থ اَلْإِعْلَامُ بِخَفَاءٍ গোপনে জানিয়ে দেওয়া, ইলহাম, চিঠি ইত্যাদি। পরিভাষায় ওহি বলা হয়- هُوَ كَلَامُ اللّٰهِ الْمُنَزَّلُ عَلٰى نَبِيٍّ مِّنْ أَنْبِيَائِهِ তা (অহি) আল্লাহর বাণী, যা তার নবিগণের মধ্যে কোন নবির উপর নাজিল হয়।

আল্লাহ পাক বলেন- اِنَّآ اَوْحَيْنَآ اِلَيْكَ كَمَآ اَوْحَيْنَآ اِلٰى نُوْحٍ وَّالنَّبِيّٖنَ مِنْۢ بَعْدِهٖ

আমি তো আপনার নিকট 'ওহি' প্রেরণ করেছি যেমন নুহ ও তাঁর পরবর্তী নবীগণের নিকট ওহি প্রেরণ করেছিলাম। বুঝা গেল, নবি ছাড়া অন্য কারো উপর ওহি অবতীর্ণ হয় না।

ওহির প্রকার : আল্লামা আনোয়ার শাহ কাশ্মিরি রহ. বলেন : মাধ্যম অনুযায়ী ওহি তিন প্রকার। যথা-

১. وَحْيٌ قَلْبِيّ: যে ওহি আল্লাহ পাক কোনো মাধ্যম ছাড়া সরাসরি নবির কলবে ঢেলে দেন।

২. كَلَامٌ إِلٰهِيّ : সরাসরি আল্লাহ তাআলার বাণী।

৩. وَحْيٌ مَلَكِيّ : ফেরেশতার মাধ্যমে ওহি প্রেরণ।

মহানবি (ﷺ) সহ সকল নবির কাছে যে ফেরেশতা ওহি নিয়ে আসতেন তার নাম হজরত জিবরাইল আমিন (عليه السلام)। তিনি মহানবি (ﷺ) এর কাছে সর্বমোট ২৪০০০ বার এসেছিলেন।

উক্ত তিন প্রকার ওহির প্রতি ইঙ্গিত করে কুরআন মাজিদে বলা হয়েছে-

{وَمَا كَانَ لِبَشَرٍ أَنْ يُكَلِّمَهُ اللهُ إِلَّا وَحْيًا أَوْ مِنْ وَرَاءِ حِجَابٍ أَوْ يُرْسِلَ رَسُولًا فَيُوحِيَ بِإِذْنِهِ مَا يَشَاءُ إِنَّهُ عَلِيٌّ حَكِيمٌ} [الشورى:٥١]

মানুষের এমন মর্যাদা নেই যে, আল্লাহ তার সঙ্গে কথা বলবেন ওহির মাধ্যম ব্যতিত, অথবা পর্দার অন্তরাল ব্যতিত, অথবা এমন দূত প্রেরণ ব্যতিত, যে দূত তাঁর অনুমতিক্রমে তিনি যা চান তা ব্যক্ত করেন, তিনি সমুন্নত, প্রজ্ঞাময়। (সূরা শুরা- ৫১)

রসুল (ﷺ) এর উপর যে ওহি অবতীর্ণ হয়েছে তা ২ প্রকার। যথা-

১. وحي متلو : পঠিত ওহি। যেমন : কুরআন ।

২. وحي غير متلو : অপঠিত ওহি। যেমন : হাদিস।

ওহি নাজিলের পদ্ধতি: অন্যান্য আসমানি কিতাবের ন্যায় আল কুরআন মহানবি (ﷺ) এর উপর একত্রে নাজিল হয়নি। বরং প্রথমত এ কুরআন لوح محفوظ হতে ليلة القدر এ দুনিয়ার আসমানের بيت العزة এ অবতীর্ণ হয়। তারপর সেখান হতে নবি-জীবনের ২৩ বৎসরব্যাপী প্রয়োজন অনুযায়ী নাজিল হয়। আল্লামা সুহাইলি মহানবি হজরত মুহাম্মদ (ﷺ) এর কাছে ওহি নাজিলের ৭টি পদ্ধতি বর্ণনা করেন। যথা-

১. مثل صلصلة الجرس : ঘন্টা ধ্বনির ন্যায়। অর্থাৎ, যখন ওহি নাজিল হতো, মহানবি (ﷺ) তখন ঘন্টার ধ্বনির ন্যায় এক প্রকার আওয়াজ শুনতে পেতেন। এটা ছিল ওহি গ্রহণের ক্ষেত্রে মহানবি (ﷺ) এর জন্য সবচেয়ে বেশি কষ্টকর অবস্থা।

২. تمثل الملك بشرا : ফেরেশতার মানবরূপ ধারণ করা। সাধারণত হজরত দেহিয়া কালবি (رضي الله عنه) এর রূপ ধরে জিবরাইল (عليه السلام) আসতেন।

৩. إتيان الملك في صورته : ফেরেশতার নিজস্ব আকৃতিতে আগমন করা। যেমন- হেরা গুহায় ও সিদরাতুল মুনতাহায় নবি (ﷺ) জিবরাইল (عليه السلام)- কে স্বীয় আকৃতিতে দেখেছেন।

৪. الرؤيا الصالحة : সত্য স্বপ্ন । এটা নবুয়তের ৪৬ ভাগের ১ ভাগ। ওহি শুরু হয়েছে সত্য স্বপ্ন দিয়ে।

৫. الكلام مع الله : সরাসরি আল্লাহ পাকের সাথে কথা বলা।

৬. النفث في الروع : কলবে কালামে পাক ঢেলে দেওয়া।

৭. وحي إسرافيل : মাঝে মাঝে ইসরাফিল (عليه السلام) ওহি নিয়ে আসতেন।

আল কুরআন সংকলনের ইতিহাস:

মহাগ্রন্থ আল কুরআন গ্রন্থাকারে একবারে নাজিল হয়নি, বরং প্রয়োজনানুসারে ধীরে ধীরে দীর্ঘ ২৩ বৎসর যাবৎ নাজিল হয়েছে। যার সূচনা হয়েছিল মহানবি (ﷺ) এর ৪০ বছর বয়সকালে সুরা আলাকের প্রথম পাঁচ আয়াতের মাধ্যমে। তখন তিনি মক্কার অদূরে হেরা পর্বতের গুহায় ধ্যানমগ্ন ছিলেন। পরবর্তীতে পবিত্র কুরআন সংকলন করে গ্রন্থাকারে সাজানো হয়েছে। জানা প্রয়োজন যে, কুরআন সংকলনের ইতিহাস কয়েকটি যুগে বিভক্ত।

মহানবি (ﷺ) এর যুগ:

মহানবি (ﷺ) এর জীবদ্দশায় কুরআন সংরক্ষণ ও সংকলনের জন্য মহানবি (ﷺ) নিজে মুখস্থ করা ছাড়াও আরো ২টি পদক্ষেপ গ্রহণ করেছিলেন। যথা-

১. একদল সাহাবি কুরআন মুখস্থ করে নিতেন। তাদেরকে হাফেজ বলা হতো।

২. আরেক দল সাহাবি নাজিলকৃত কালামে পাককে কাঠ,বাকল, চামড়া, হাড়, পাথর ইত্যাদিতে লিখে নিতেন। তাদেরকে কাতেবে ওহি বলা হতো। নবি (ﷺ) এর দরবারে মোট ৪২ জন কাতেবে ওহি ছিলেন।

হজরত আবু বকর (رضي الله عنه) এর যুগ :

মহানবি (ﷺ) এর যুগে কুরআনকে গ্রন্থাকারে সাজানো হয়নি। তবে কোন সুরার অবস্থান কোথায়, আবার কোন আয়াত আগে, কোন আয়াত পরে, তা নির্ধারিত হয়। হজরত আবু বকর (رضي الله عنه) এর আমলে ভন্ডনবি মুসায়লামাতুল কাজ্জাবের বিরুদ্ধে ইয়ামামার যুদ্ধে কুরআনের হাফেজগণের একটি বৃহৎ জামাত শাহাদত বরণ করেন। তখন হজরত ওমর (رضي الله عنه)- এর পরামর্শে হজরত আবু বকর (رضي الله عنه) প্রধান কাতেব জায়েদ বিন সাবেত (رضي الله عنه) এর নেতৃত্বে ১টি কুরআন সংকলন বোর্ড গঠন করেন। তারা অনেক চেষ্টা করে হাফেজদের স্মৃতি হতে এবং কাঠ, হাড়, পাতা, চামড়া ইত্যাদিতে লিখিত কুরআন একত্রিত করে গ্রন্থাকারে সংকলন করেন। হজরত আবু বকর (رضي الله عنه) এর ইন্তেকালের পর উক্ত গ্রন্থখানা উমর (رضي الله عنه) এর কাছে ছিল। উমর (رضي الله عنه) নিজের শাহাদাতের পূর্বে উহা স্বীয় কন্যা ও উম্মুল মুমিনিন

হাফসা (رضي الله عنها) এর কাছে রেখে যান। হজরত উসমান (رضي الله عنه) তার কাছ থেকে নিয়েই কুরআনের কপি তৈরি করেন।

হজরত উসমান (رضي الله عنه) এর যুগ :

হজরত উমর (رضي الله عنه) এর আমলে ইসলাম বিজয়ী বেশে পৃথিবীর দূরদূরান্তে ছড়িয়ে যায়। হজরত উসমান (رضي الله عنه) এর আমলে হজরত হুযাইফা (رضي الله عنه) ইয়ামান, আরমিনিয়া, আজারবাইজান সীমান্তে জিহাদে মশগুল থাকা অবস্থায় দেখলেন সেখানে মানুষের মাঝে কুরআনের পঠন রীতি নিয়ে মতবিরোধ চলছে। এমন কি একদল অপর দলকে কাফের পর্যন্ত বলছে। তিনি জিহাদ থেকে ফিরে হজরত উসমান (رضي الله عنه) কে এক রীতিতে কুরআন পড়ার রেওয়াজ জারি করার কথা বললেন। উসমান (رضي الله عنه) জায়েদ বিন সাবেত (رضي الله عنه) এর সাথে আরো ৩জন কুরাইশ ব্যক্তিকে দিয়ে পুনরায় কুরআন সংকলন করালেন এবং ৭টি কপি করে বিভিন্ন প্রদেশে পাঠিয়ে দিলেন। আর কুরায়শি লাহ্জা ছাড়া বাকি কপিগুলোকে পুড়িয়ে দিলেন। আজ পর্যন্ত পৃথিবীতে উসমান (رضي الله عنه) এর সে রীতির কুরআনই বিদ্যমান রয়েছে। উসমান (رضي الله عنه) এ কাজে অগ্রণী ভূমিকা রেখে জাতিকে কুরআন পাঠে বিভক্ত হওয়া থেকে রক্ষা করেন বিধায় তাকে جامع القرآن বা কুরআন একত্রকারী বলা হয়।

মুদ্রনযন্ত্র আবিষ্কার হওয়ার পূর্ব পর্যন্ত মাছহাফে উসমানির অনুকরণে সুন্দর হস্তলিপি দ্বারা কুরআন লেখা হতো। ১৬১৬ সালে প্রথম জার্মানের হামবুর্গে কুরআন মুদ্রণ হয়, যার এক কপি এখনো মিশরে সংরক্ষিত আছে। কুরআন মাজিদে হরকত ও নুকতা সংযোজন করেছেন হজরত আবুল আসওয়াদ দোআইলি (رحمه الله) এবং পরবর্তীতে খলীল আহমদ ফারাহিদী রহ.।

২য় পাঠ

কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত

কুরআন মাজিদ মানব জাতির পূর্ণাঙ্গ জীবনবিধান। জীবন গঠনের জন্য একে জানা একান্ত প্রয়োজন। কুরআনকে জানতে হলে পড়তে হবে। কুরআন তেলাওয়াত অপরিহার্য হওয়া সত্ত্বেও মহান আল্লাহ এ কুরআন তেলাওয়াতের উপর বান্দার উৎসাহ বৃদ্ধির জন্য বিভিন্নভাবে প্রতিদান দেওয়ার অঙ্গীকার করেছেন। সর্বপ্রথম পড়ার ব্যাপারে আদেশ দিয়ে আল্লাহ তাআলা বলেন-

اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ [سورة العلق: ١]

পাঠ কর তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন।

তিনি অন্য আয়াতে বলেন-

فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنَ الْقُرْاٰنِ [سورة المزمل: ٢٠]

কাজেই তোমরা কুরআন থেকে যতটুকু সহজসাধ্য আবৃত্তি কর।

আল্লাহ তাআলা নিজ নবিকেও কুরআন মাজিদ তেলাওয়াতের জন্য আদেশ করেছেন। যেমন-

اُتْلُ مَآ اُوْحِىَ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ [العنكبوت: ٤٥]

আপনি আবৃত্তি করুন কিতাব হতে যা আপনার প্রতি প্রত্যাদেশ করা হয়েছে।

সুতরাং কুরআন তেলাওয়াতের গুরুত্ব সমধিক। আদেশ করা ছাড়াও আল্লাহ তাআলা কুরআন তেলাওয়াতের জন্য প্রতিদানের ব্যবস্থা করেছেন। যেমন তিনি এরশাদ করেন:

اِنَّ الَّذِيْنَ يَتْلُوْنَ كِتَابَ اللهِ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا وَّعَلَانِيَةً يَّرْجُوْنَ تِجَارَةً لَّنْ تَبُوْرَ .
لِيُوَفِّيَهُمْ اُجُوْرَهُمْ وَيَزِيْدَهُمْ مِّنْ فَضْلِهٖ اِنَّهٗ غَفُوْرٌ شَكُوْرٌ [فاطر: ٢٩، ٣٠]

যারা আল্লাহর কিতাব তিলাওয়াত করে, সালাত কায়েম করে, আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, তারাই আশা করে এমন ব্যবসায়ের, যার ক্ষয় নাই।
এজন্য যে, আল্লাহ্ তাদের কর্মের পূর্ণ প্রতিফল দিবেন এবং তিনি নিজ অনুগ্রহে তাদেরকে আরও বেশি দিবেন। তিনি তো ক্ষমাশীল, গুণগ্রাহী। (সুরা ফাতির, ২৯-৩০)

কাতাদা (রহ.) বলেন : ইমাম মুতাররিফ (রহ.) যখন এ আয়াতটি পাঠ করতেন তখন বলতেন, এটা ক্বারিদের আয়াত।

রসুলে পাক (ﷺ) কুরআন পাঠের প্রতি গুরুত্বারোপ করে বলেন : خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْاٰنَ وَعَلَّمَهُ
তোমাদের মধ্যে সে ব্যক্তি সর্বোত্তম যে কুরআন নিজে শিখে এবং তা অন্যকে শিক্ষা দেয়। (বুখারি)

তিনি আরো বলেন :

مَنْ قَرَأَ حَرْفًا مِّنْ كِتَابِ اللهِ فَلَهُ بِهِ حَسنَةٌ وَالْحَسَنَةُ بِعَشْرِ أَمْثَالِهَا لَا أَقُوْلُ الٓمٓ حَرْفٌ وَلَكِنْ أَلِفٌ حَرْفٌ وَلَامٌ حَرْفٌ وَمِيْمٌ حَرْفٌ (رواه الترمذي عن ابن مسعود رضي الله عنه)

যে ব্যক্তি আল্লাহর কিতাব হতে ১টি অক্ষর পাঠ করবে তার জন্য রয়েছে ১টি নেকি এবং নেকিটিকে ১০ গুণ করা হবে। আমি বলি না الم একটি হরফ, বরং। একটি হরফ, ل একটি হরফ এবং م একটি হরফ। (তিরমিজি)

রসুল (ﷺ) অন্যত্র বলেন- اقْرَءُوْا الْقُرْاٰنَ فَاِنَّهُ يَأْتِى يَوْمَ الْقِيٰمَةِ شَفِيْعًا لِأَصْحَابِهِ (مسلم)

তোমরা কুরআন পাঠ কর। কেননা, উহা কিয়ামত দিবসে পাঠকারীর জন্য সুপারিশ করবে। (মুসলিম)

রসুল (ﷺ) আরো বলেন- أَفْضَلُ الْعِبَادَةِ قِرَاءَةُ الْقُرْاٰنِ

সর্বোত্তম নফল ইবাদত কুরআন তেলাওয়াত।

তিনি আরো বলেন-

اِقْرَءُوا الْقُرْآنَ فَإِنَّ اللهَ لَا يُعَذِّبُ قَلْبًا وَعَى الْقُرْاٰنَ (ابن عساكر عن أبى أمامة)

তোমরা কুরআন পড়। কারণ আল্লাহ তাআলা ঐ অন্তরকে শাস্তি দিবেন না, যা কুরআন আয়ত্ব করেছে। উপরোক্ত আয়াত ও হাদিসসমূহ দ্বারা কুরআন তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত প্রমাণিত হয়। তাছাড়া সকল বালেগ মুসলিমের উপর যেহেতু সালাত আদায় করা ফরজ আর কুরআন পাঠ ছাড়া সালাত আদায় হয় না। তাই কুরআন শিক্ষা ও তেলাওয়াতের গুরুত্ব কতটুকু তা সহজেই বুঝা যায়।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. জ্ঞান অর্জনের মাধ্যম কয়টি ?

ক. ২ খ. ৩

গ. ৪ ঘ. ৫

২. নবির উপর অবতীর্ণ আল্লাহর কালামকে কী বলে ?

ক. ইলহাম খ. ওহি

গ. মুজিজা ঘ. কারামত

৩. মহানবি (ﷺ) এর যুগে কুরআন সংরক্ষণের জন্য কয়টি পদক্ষেপ নেয়া হয়?

ক. ২টি খ. ৩টি

গ. ৪টি ঘ. ৫টি

নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :

আব্দুর রহিম ও আব্দুল করিম ৭ম শ্রেণির ছাত্র। ওহির প্রকারভেদ নিয়ে দুজনে বিতর্কে লিপ্ত হয়। আব্দুর রহিম বলল, ওহি ৩ প্রকার। কিন্তু আব্দুল করিম বলল, ওহি ৫ প্রকার ।

৪. ওহির প্রকার নিয়ে বিতর্কের কারণ কী ?

ক. পাঠ্যপুস্তকের সাথে আব্দুল করিমের সম্পর্কহীনতা খ. আব্দুল করিমের অজ্ঞতা

গ. ওহি সম্পর্কে আব্দুল করিমের উপস্থাপনাগত ত্রুটি। ঘ. আব্দুর রহিমের অদূরদর্শিতা

৫. ওহির প্রকার নিয়ে বিতর্কে লিপ্ত হওয়া তোমার মতে কী ?

ক. হারাম খ. জায়েজ

গ. মুবাহ ঘ. মাকরুহ

৬. আল্লাহ তাআলা নবিকে কিসের আদেশ দিয়েছেন ?

ক. কুরআন শোনার খ. কুরআন লেখার

গ. কুরআন তেলাওয়াতের ঘ. কুরআন মুখস্থের

৭. الم তেলাওয়াত করলে কত নেকি পাওয়া যায় ?

ক. ১০টি খ. ২০টি

গ. ৩০টি ঘ. ৪০টি

৮. আল কুরআন মানুষের-

i. জীবন বিধান ii. পাঠ্যপুস্তক

iii. সংবিধান

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :

করম আলি ব্যবসায় লোকসানের কথা ভেবে সময় নষ্ট হওয়ার আশঙ্কায় কুরআন তেলাওয়াত করেনা। রহম আলি তাকে উপদেশ দিয়ে বলেন, নিয়মিত কুরআন তেলাওয়াত করলে আল্লাহ তাআলা ব্যবসায় বরকত দিবেন।

৯. রহম আলির উপদেশ কেমন হয়েছে ?

ক. কুরআন সম্মত　　খ. হাদিস সম্মত

গ. অযথা উপদেশ　　ঘ. মোটামুটি ভালো উপদেশ

১০. কুরআন তেলাওয়াতের ব্যাপারে করম আলির মানসিকতা–

i. ধ্বংসাত্মক　　ii. হীন মানসিকতা

iii. দুর্বল ইমানের পরিচায়ক

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii　　খ. ii ও iii

গ. i ও iii　　ঘ. i, ii ও iii

খ. সৃজনশীল প্রশ্ন

আলিপুর মসজিদের খতিব সাহেব বললেন, যারা কুরআন তেলাওয়াত করে, সালাত কায়েম করে এবং আল্লাহর রাস্তায় দান করে আল্লাহ তাদেরকে পুরোপুরি সাওয়াব দেবেন এবং নিজ অনুগ্রহে আরো বেশি দেবেন। এ বক্তব্য শুনে এক মুসল্লি বলে উঠলেন, সত্যিই তো কুরআন তেলাওয়াতের অনেক ফজিলত।

ক. اقرأ অর্থ কী ?

খ. ওহি বলতে কী বুঝায় ?

গ. খতিব সাহেবের বক্তব্য কুরআনের কোন আয়াতকে ইঙ্গিত করে ব্যাখ্যা কর ।

ঘ. মুসল্লির মন্তব্যের আলোকে কুরআন তেলাওয়াতের ফজিলত বিশ্লেষণ কর।

২য় অধ্যায়

তাজভিদসহ পঠন এবং অর্থসহ মুখস্থ করণ

কুরআন মাজিদ আল্লাহ প্রদত্ত এক মহাগ্রন্থ। এর পঠন বিধি নির্ধারিত। হজরত জিবরাইল (عليه السلام) প্রিয় নবি হজরত মুহাম্মদ (ﷺ) এর কাছে তাজভিদ সহকারে কুরআন পাঠ করে শোনাতেন। এমনকি স্বয়ং আল্লাহ রাব্বুল আলামিন তাজভিদ সহকারে কুরআন তেলাওয়াতের নির্দেশ দিয়েছেন। আল্লাহ তাআলা বলেন وَرَتِّلِ الْقُرْآنَ تَرْتِيلًا [المزمل:٤] অর্থাৎ,আর কুরআন আবৃত্তি কর ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে।

তাজভিদ অনুযায়ী কুরআন তেলাওয়াত করা ফরজ। তাজভিদ অনুযায়ী কুরআন মাজিদ তেলাওয়াত না করলে অনেক সময় ভুল তেলাওয়াতের কারণে সালাত নষ্ট হয়ে যায়। এমনকি অশুদ্ধ কুরআন তেলাওয়াত করায় পাপ হয়। এ সম্পর্কে হাদিস শরিফে নবি করিম (ﷺ) বলেন :

رُبَّ تَالٍ لِلْقُرْآنِ وَالْقُرْآنُ يَلْعَنُهُ (كذا في الإحياء عن أنس)

অর্থাৎ,"কুরআনের এমন কিছু পাঠক আছে, কুরআন যাকে লানত করে।"

কিয়ামতের ময়দানে কুরআন মাজিদ তাজভিদ সহকারে পাঠকারীর পক্ষে সাক্ষ্য দিবে। আর ভুল পাঠকারীর বিপক্ষে সাক্ষ্য দিবে। তাই তাজভিদের জ্ঞান অর্জন করা অতীব জরুরি। এ প্রসঙ্গে আল্লামা জাজারি বলেন :

اَلْأَخْذُ بِالتَّجْوِيْدِ حَتْمٌ لَازِمٌ + مَنْ لَمْ يُجَوِّدِ الْقُرْآنَ اٰثِمٌ

অর্থাৎ, "তাজভিদকে আকঁড়ে ধরা আবশ্যক, যে কুরআনকে তাজভিদ সহকারে পড়ে না সে পাপী।"

তাই ইলমে তাজভিদের কায়দাগুলো জানা অতীব জরুরি। কুরআনকে তাজভিদ অনুযায়ী পড়া যেমন গুরুত্বপূর্ণ, ঠিক এর অর্থ জানাও জরুরি। কেননা, প্রয়োজন মত কুরআন মুখস্থ করণ ও ব্যাখ্যা জানা ফরজে আইন। অবশ্য পূর্ণ কুরআন মুখস্থ করা ও সমগ্র কুরআনের ব্যাখ্যা জানা ফরজে কেফায়া।

কুরআন মাজিদকে অর্থসহ বুঝা ও তা নিয়ে গবেষণার তাকিদও রয়েছে। যেমন আল্লাহ তাআলা বলেন:

أَفَلَا يَتَدَبَّرُونَ الْقُرْآنَ أَمْ عَلَىٰ قُلُوبٍ أَقْفَالُهَا [محمد: ٢٤]

অর্থ: তবে কি তারা কুরআন সম্পর্কে অভিনিবেশ সহকারে চিন্তা করে না? না তাদের অন্তর তালাবদ্ধ?

মহাগ্রন্থ আল-কুরআন মানব জাতির পূর্ণাঙ্গ জীবন বিধান। তাছাড়া দৈনন্দিন ফরজ ইবাদত তথা সালাত আদায়ের জন্য ইহা শিক্ষা করা অপরিহার্য। কারণ, সালাতে কেরাত পড়া ফরজ। যেমন, আল্লাহ তাআলা বলেন– فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنَ الْقُرْاٰنِ কাজেই তোমরা কুরআন থেকে যতটুকু সহজসাধ্য আবৃত্তি কর। (সুরা মুজ্জাম্মিল : ২০)

হাদিস শরিফে আছে – خَيْرُكُمْ مَّنْ تَعَلَّمَ الْقُرْاٰنَ وَعَلَّمَهٗ তোমাদের মধ্যে সর্বোত্তম ঐ ব্যক্তি যে নিজে কুরআন শিক্ষা করে এবং অন্যকে শিক্ষা দেয়। (বুখারি)

কুরআন নাজিলের পর নবি করিম (ﷺ) সাহাবায়ে কেরামকে উহা মুখস্ত করার নির্দেশ দিতেন। তাছাড়া সাহাবায়ে কেরাম কুরআন হতে যা শিক্ষা করতেন তা মুখস্থ করেই শিক্ষা করতেন। কেননা, প্রবাদে আছে – اَلْعِلْمُ فِي الصُّدُوْرِ لَا فِي السُّطُوْرِ ইলম হলো উহা, যা বক্ষে থাকে। যা ছত্রে থাকে তা নয়। যেমন– বাংলা বচনে আছে, 'গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন, নহে বিদ্যা নহে ধন হলে প্রয়োজন।' তাই আমাদেরকে কুরআন শিক্ষার ক্ষেত্রে উহার মুখস্থ করে নেওয়ার দিকটাকে প্রাধান্য দেওয়া প্রয়োজন। তাছাড়া নামাজে যে কেরাত পড়তে হয় তাও মুখস্থই পড়তে হয়। দেখে তেলাওয়াত করলে সালাত ফাসেদ হয়ে যায়।

কুরআন শরিফ মুখস্থ করার ফজিলত প্রসঙ্গে হাদিসে রয়েছে- إِنَّ اللهَ لَا يُعَذِّبُ قَلْبًا وَعَى الْقُرْاٰنَ (رواه الحكيم عن أبي أمامة) যে অন্তর কুরআন মুখস্থ করেছে আল্লাহ তাআলা তাকে শাস্তি দিবেন না। মোটকথা, কুরআন শিক্ষার ক্ষেত্রে উহা তাজভিদসহ পড়া, অনুবাদ করা এবং মুখস্থ করণের গুরুত্ব অপরিসীম। নিম্নে মুখস্থকরণ ও অনুবাদ শিক্ষার নিমিত্তে ১০টি সুরা প্রদত্ত হলো।

৯১ . সুরা আশ–শামস

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ১৫

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. শপথ সূর্যের এবং তার কিরণের, ২. শপথ চাঁদের, যখন তা সূর্যের পর আবির্ভূত হয়, ৩. শপথ দিবসের, যখন সে তাকে প্রকাশ করে,	١. وَالشَّمْسِ وَضُحٰهَا ٢. وَالْقَمَرِ اِذَا تَلٰهَا ٣. وَالنَّهَارِ اِذَا جَلّٰهَا

٤. وَالَّيْلِ اِذَا يَغْشٰهَا	৪. শপথ রাতের, যখন সে তাকে আচ্ছাদিত করে,
٥. وَالسَّمَآءِ وَمَا بَنٰهَا	৫. শপথ আকাশের এবং যিনি তা নির্মাণ করেছেন তাঁর,
٦. وَالْاَرْضِ وَمَا طَحٰهَا	৬. শপথ পৃথিবীর এবং যিনি তাকে বিস্তৃত করেছেন তাঁর,
٧. وَنَفْسٍ وَّمَا سَوّٰىهَا	৭. শপথ মানুষের এবং তাঁর, যিনি তাকে সুঠাম করেছেন,
٨. فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰىهَا	৮. অতঃপর তাকে তার অসৎকর্ম ও তার সৎকর্মের জ্ঞান দান করেছেন।
٩. قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰىهَا	৯. সে-ই সফলকাম হবে, যে নিজেকে পবিত্র করবে।
١٠. وَقَدْ خَابَ مَنْ دَسّٰىهَا	১০. এবং সেই ব্যর্থ হবে, যে নিজেকে কলুষিত করবে।
١١. كَذَّبَتْ ثَمُوْدُ بِطَغْوٰىهَا	১১. সামুদ সম্প্রদায় অবাধ্যতাবশত অস্বীকার করেছিল।
١٢. اِذِ انْۢبَعَثَ اَشْقٰىهَا	১২. তাদের মধ্যে যে সর্বাধিক হতভাগা, সে যখন তৎপর হয়ে উঠল,
١٣. فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا	১৩. তখন আল্লাহর রাসুল তাদেরকে বললেন, 'আল্লাহর উষ্ট্রী ও তাকে পানি পান করার বিষয়ে সাবধান হও।'
١٤. فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ بِذَنْۢبِهِمْ فَسَوّٰىهَا	১৪. কিন্তু তারা রাসুলকে অস্বীকার করল এবং উষ্ট্রীর পা কেটে ফেলল। তাদের পাপের জন্য তাদের প্রতিপালক তাদেরকে সমূলে ধ্বংস করে একাকার করে দিলেন।
١٥. وَلَا يَخَافُ عُقْبٰهَا	১৫. এবং এর পরিণাম সম্পর্কে তিনি ভয় করেন না।

৯২. সুরা আল-লায়ল

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ২১

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. শপথ রাতের, যখন সে আচ্ছন্ন করে,	١. وَالَّيْلِ اِذَا يَغْشٰى
২. শপথ দিবসের, যখন তা উদ্ভাসিত হয়	٢. وَالنَّهَارِ اِذَا تَجَلّٰى
৩. এবং শপথ তাঁর, যিনি নর ও নারী সৃষ্টি করেছেন-	٣. وَمَا خَلَقَ الذَّكَرَ وَالْاُنْثٰٓى
৪. অবশ্যই তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন প্রকৃতির ।	٤. اِنَّ سَعْيَكُمْ لَشَتّٰى
৫. সুতরাং কেউ দান করলে, মুত্তাকি হলে	٥. فَاَمَّا مَنْ اَعْطٰى وَاتَّقٰى
৬. এবং যা উত্তম তাহা সত্য বলে গ্রহণ করলে,	٦. وَصَدَّقَ بِالْحُسْنٰى
৭. আমি তার জন্য সুগম করে দিব সহজ পথ ।	٧. فَسَنُيَسِّرُهٗ لِلْيُسْرٰى
৮. এবং কেউ কার্পণ্য করলে ও নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করলে,	٨. وَاَمَّا مَنْۢ بَخِلَ وَاسْتَغْنٰى
৯. আর যা উত্তম তা অস্বীকার করলে,	٩. وَكَذَّبَ بِالْحُسْنٰى
১০. তার জন্য আমি সুগম করে দিব কঠোর পথ ।	١٠. فَسَنُيَسِّرُهٗ لِلْعُسْرٰى
১১. এবং তার সম্পদ তার কোন কাজে আসবে না, যখন সে ধ্বংস হবে ।	١١. وَمَا يُغْنِىْ عَنْهُ مَالُهٗٓ اِذَا تَرَدّٰى
১২. আমার কাজ তো কেবল পথনির্দেশ করা,	١٢. اِنَّ عَلَيْنَا لَلْهُدٰى
১৩. আমি তো মালিক পরলোকের ও ইহলোকের ।	١٣. وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى
১৪. আমি তোমাদেরকে লেলিহান আগুন সম্পর্কে সতর্ক করে দিয়েছি ।	١٤. فَاَنْذَرْتُكُمْ نَارًا تَلَظّٰى
১৫. তাতে প্রবেশ করবে সে-ই, যে নিতান্ত হতভাগা,	١٥. لَا يَصْلٰىهَآ اِلَّا الْاَشْقَى
১৬. যে অস্বীকার করে ও মুখ ফিরিয়ে নেয় ।	١٦. الَّذِىْ كَذَّبَ وَتَوَلّٰى

১৭. আর তা হতে দূরে রাখা হবে পরম মুত্তাকিকে,	١٧. وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى
১৮. যে নিজ সম্পদ দান করে আত্মশুদ্ধির জন্য,	١٨. الَّذِىْ يُؤْتِىْ مَالَهٗ يَتَزَكّٰى
১৯. এবং তার প্রতি কারও অনুগ্রহের প্রতিদানে নয়,	١٩. وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ مِنْ نِّعْمَةٍ تُجْزٰٓى
২০. কেবল তার মহান প্রতিপালকের সন্তুষ্টির প্রত্যাশায় ;	٢٠. اِلَّا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْاَعْلٰى
২১. সে তো অচিরেই সন্তোষ লাভ করবে ।	٢١. وَلَسَوْفَ يَرْضٰى

৯৩. সুরা আদ-দোহা

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ১১

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. শপথ পূর্বাহ্নের,	١. وَالضُّحٰى
২. শপথ রাতের যখন তা হয় নিঝুম,	٢. وَالَّيْلِ اِذَا سَجٰى
৩. তোমার প্রতিপালক তোমাকে পরিত্যাগ করেন নাই এবং তোমার প্রতি বিরূপও হন নাই ।	٣. مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلٰى
৪. তোমার জন্য পরবর্তী সময় তো পূর্ববর্তী সময় অপেক্ষা শ্রেয় ।	٤. وَلَلْاٰخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْاُوْلٰى
৫. অচিরেই তোমার প্রতিপালক তোমাকে অনুগ্রহ দান করবেন আর তুমি সন্তুষ্ট হবে ।	٥. وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ فَتَرْضٰى
৬. তিনি কি তোমাকে ইয়াতিম অবস্থায় পান নাই আর তোমাকে আশ্রয় দান করেন নাই?	٦. اَلَمْ يَجِدْكَ يَتِيْمًا فَاٰوٰى
৭. তিনি তোমাকে পেলেন পথ সম্পর্কে অনবহিত, অতঃপর তিনি পথের নির্দেশ দিলেন ।	٧. وَوَجَدَكَ ضَآلًّا فَهَدٰى
৮. তিনি তোমাকে পেলেন নিঃস্ব অবস্থায়, অতঃপর অভাবমুক্ত করলেন,	٨. وَوَجَدَكَ عَآئِلًا فَاَغْنٰى
৯. সুতরাং তুমি ইয়াতিমের প্রতি কঠোর হবে না ;	٩. فَاَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ
১০. এবং প্রার্থীকে ভর্ৎসনা করবে না ।	١٠. وَاَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ
১১. তুমি তোমার প্রতিপালকের অনুগ্রহের কথা জানিয়ে দাও ।	١١. وَاَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ

৯৪ . সুরা আল-ইনশিরাহ

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ০৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. আমি কি তোমার বক্ষ তোমার কল্যাণে প্রশস্ত করে দেইনি?	١. اَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ
২. আমি অপসারণ করেছি তোমার ভার,	٢. وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ
৩. যা ছিল তোমার জন্য অতিশয় কষ্টদায়ক,	٣. الَّذِيْٓ اَنْقَضَ ظَهْرَكَ
৪. এবং আমি তোমার খ্যাতিকে উচ্চমর্যাদা দান করেছি।	٤. وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ
৫. কষ্টের সঙ্গেই তো স্বস্তি আছে,	٥. فَاِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا
৬. অবশ্যই কষ্টের সঙ্গেই স্বস্তি আছে।	٦. اِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا
৭. অতএব তুমি যখনই অবসর পাও একান্তে ইবাদত কর।	٧. فَاِذَا فَرَغْتَ فَانْصَبْ
৮. এবং তোমার প্রতিপালকের প্রতি মনোনিবেশ কর।	٨. وَاِلٰى رَبِّكَ فَارْغَبْ

৯৫ . সুরা আত-তিন

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ০৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	আয়াত
১. শপথ 'তিন' ও 'যায়তুন'-এর,	١. وَالتِّيْنِ وَالزَّيْتُوْنِ
২. শপথ 'সিনাই' পর্বতের	٢. وَطُوْرِ سِيْنِيْنَ
৩. এবং শপথ এই নিরাপদ নগরীর,	٣. وَهٰذَا الْبَلَدِ الْاَمِيْنِ
৪. আমি তো সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতম গঠনে,	٤. لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْٓ اَحْسَنِ تَقْوِيْمٍ

৫. অতঃপর আমি তাকে হীনতাগ্রস্তদের হীনতমে পরিণত করি-	٥. ثُمَّ رَدَدْنٰهُ اَسْفَلَ سٰفِلِيْنَ
৬. কিন্তু তাদেরকে নয় যারা মুমিন ও সৎকর্মপরায়ণ; তাদের জন্য তো আছে নিরবিচ্ছিন্ন পুরস্কার ।	٦. اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَلَهُمْ اَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ
৭. সুতরাং এরপর কিসে তোমাকে কর্মফল সম্বন্ধে অবিশ্বাসী করে?	٧. فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِالدِّيْنِ
৮. আল্লাহ কি বিচারকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ বিচারক নন?	٨. اَلَيْسَ اللّٰهُ بِاَحْكَمِ الْحٰكِمِيْنَ

৯৬ . সুরা আল– আলাক

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ১৯

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. পাঠ করুন আপনার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন-	١. اِقْرَاْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ
২. সৃষ্টি করেছেন মানুষকে 'আলাক' হতে ।	٢. خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ
৩. পাঠ করুন, আর আপনার প্রতিপালক মহামহিমান্বিত,	٣. اِقْرَاْ وَرَبُّكَ الْاَكْرَمُ
৪. যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন-	٤. الَّذِىْ عَلَّمَ بِالْقَلَمِ
৫. শিক্ষা দিয়েছেন মানুষকে, যা সে জানত না ।	٥. عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ
৬. বস্তুত মানুষ তো সীমালংঘন করে থাকে,	٦. كَلَّآ اِنَّ الْاِنْسَانَ لَيَطْغٰٓى
৭. কারণ সে নিজকে অভাবমুক্ত মনে করে ।	٧. اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى
৮. আপনার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন সুনিশ্চিত ।	٨. اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى
৯. আপনি কি তাকে দেখেছেন, যে বাধা দেয়,	٩. اَرَاَيْتَ الَّذِىْ يَنْهٰى

১০. এক বান্দাকে- যখন সে সালাত আদায় করে?	١٠. عَبْدًا اِذَا صَلّٰى
১১. আপনি লক্ষ্য করেছেন কি, যদি সে সৎপথে থাকে	١١. اَرَاَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰٓى
১২. অথবা তাকওয়ার নির্দেশ দেয়,	١٢. اَوْ اَمَرَ بِالتَّقْوٰى
১৩. আপনি লক্ষ্য করেছেন কি, যদি সে মিথ্যা আরোপ করে ও মুখ ফিরিয়ে নেয়,	١٣. اَرَاَيْتَ اِنْ كَذَّبَ وَتَوَلّٰى
১৪. তবে সে কি জানে না যে, আল্লাহ্ দেখে?	١٤. اَلَمْ يَعْلَمْ بِاَنَّ اللّٰهَ يَرٰى
১৫. সাবধান, সে যদি বিরত না হয় তবে আমি তাকে অবশ্যই টেনে নিয়ে যাব, মাথার সামনের চুলগুলো ধরে-	١٥. كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ ۙ لَنَسْفَعًا ۢ بِالنَّاصِيَةِ
১৬. মিথ্যাচারী, পাপিষ্ঠের চুল ।	١٦. نَاصِيَةٍ كَاذِبَةٍ خَاطِئَةٍ
১৭. অতএব সে তার পার্শ্বচরদেরকে আহ্বান করুক!	١٧. فَلْيَدْعُ نَادِيَهٗ
১৮. আমিও আহ্বান করব জাহান্নামের প্রহরীদেরকে ।	١٨. سَنَدْعُ الزَّبَانِيَةَ
১৯. সাবধান ! আপনি তার অনুসরণ করবেন না এবং সিজ্‌দাহ করুন ও আমার নিকটবর্তী হন। (সাজদাহ)	١٩. كَلَّا لَا تُطِعْهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ [السجدة]

৯৭ . সুরা আল-কদর

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ০৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. নিশ্চয় আমি কুরআন অবতীর্ণ করেছি মহিমান্বিত রাতে ;	١. اِنَّآ اَنْزَلْنَاهُ فِيْ لَيْلَةِ الْقَدْرِ
২. আর মহিমান্বিত রাত সম্বন্ধে আপনি কী জানেন?	٢. وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ
৩. মহিমান্বিত রাত হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ ।	٣. لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِّنْ اَلْفِ شَهْرٍ

৪. সেই রাতে ফেরেশতাগণ ও রূহ্ অবতীর্ণ হয় প্রত্যেক কাজে তাদের প্রতিপালকের অনুমতিক্রমে ।	٤. تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ مِّنْ كُلِّ اَمْرٍ
৫. শান্তিই শান্তি, সেই রাতের সকালের আবির্ভাব পর্যন্ত ।	٥. سَلٰمٌ ۛ هِيَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ

৯৮. সুরা আল-বাইয়্যিনাহ

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ০৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. কিতাবিদের মধ্যে যারা কুফরি করেছিল তারা এবং মুশরিকরা আপন মতে অবিচলিত ছিল যে পর্যন্ত না তাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসল-	١. لَمْ يَكُنِ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ مُنْفَكِّيْنَ حَتّٰى تَاْتِيَهُمُ الْبَيِّنَةُ
২. আল্লাহর নিকট হতে এক রাসুল, যে আবৃত্তি করে পবিত্র গ্রন্থ,	٢. رَسُوْلٌ مِّنَ اللّٰهِ يَتْلُوْ صُحُفًا مُّطَهَّرَةً
৩. যাতে আছে সঠিক বিধান ।	٣. فِيْهَا كُتُبٌ قَيِّمَةٌ
৪. যাদেরকে কিতাব দেয়া হয়েছিল তারা তো বিভক্ত হল তাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসার পর ।	٤. وَمَا تَفَرَّقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنَةُ
৫. তারা তো আদিষ্ট হয়েছিল আল্লাহর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে একনিষ্ঠভাবে তাঁর ইবাদত করতে এবং সালাত কায়েম করতে ও যাকাত দিতে, এটা সঠিক দীন ।	٥. وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ حُنَفَآءَ وَيُقِيْمُوا الصَّلٰوةَ وَيُؤْتُوا الزَّكٰوةَ وَذٰلِكَ دِيْنُ الْقَيِّمَةِ
৬. কিতাবিদের মধ্যে যারা কুফরি করে তারা এবং মুশরিকরা জাহান্নামের আগুনে স্থায়ীভাবে অবস্থান করবে ; তারাই সৃষ্টির অধম ।	٦. اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ فِيْ نَارِ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ۭ اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ

৭. যারা ঈমান আনে ও সৎকর্ম করে, তারাই সৃষ্টির শ্রেষ্ঠ।	٧. اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اُولٰٓئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ
৮. তাদের প্রতিপালকের নিকট আছে তাদের পুরস্কার স্থায়ী জান্নাত, যার নিম্নদেশে নদী প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে। আল্লাহ তাদের প্রতি প্রসন্ন এবং তারাও তাঁতে সন্তুষ্ট। এটা তার জন্য, যে তার প্রতিপালককে ভয় করে।	٨. جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا رَضِىَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ذٰلِكَ لِمَنْ خَشِىَ رَبَّهٗ

৯৯. সুরা আল-যিলযাল

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ০৮

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. পৃথিবী যখন আপন কম্পনে প্রবলভাবে প্রকম্পিত হবে,	١. اِذَا زُلْزِلَتِ الْاَرْضُ زِلْزَالَهَا
২. এবং পৃথিবী যখন তার ভার বের করে দিবে,	٢. وَاَخْرَجَتِ الْاَرْضُ اَثْقَالَهَا
৩. এবং মানুষ বলবে, 'এর কী হল?'	٣. وَقَالَ الْاِنْسَانُ مَا لَهَا
৪. সেই দিন পৃথিবী তার বৃত্তান্ত বর্ণনা করবে,	٤. يَوْمَئِذٍ تُحَدِّثُ اَخْبَارَهَا
৫. কারণ তোমার প্রতিপালক তাকে আদেশ করবেন,	٥. بِاَنَّ رَبَّكَ اَوْحٰى لَهَا
৬. সেই দিন মানুষ ভিন্ন ভিন্ন দলে বের হবে, যাতে তাদেরকে তাদের কৃতকর্ম দেখানো যায়,	٦. يَوْمَئِذٍ يَّصْدُرُ النَّاسُ اَشْتَاتًا ۙ لِّيُرَوْا اَعْمَالَهُمْ

৯. কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে সে তা দেখবে	٧. فَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهٗ
৮. এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে সে তাও দেখবে।	٨. وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ

১০০. সুরা আল-আদিয়াত

মক্কায় অবতীর্ণ : আয়াত সংখ্যা ১১

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১. শপথ ঊর্ধ্বশ্বাসে ধাবমান অশ্বরাজির,	١. وَالْعٰدِيٰتِ ضَبْحًا
২. যারা খুরাঘাতে অগ্নি-স্ফুলিংগ বিচ্ছুরিত করে,	٢. فَالْمُوْرِيٰتِ قَدْحًا
৩. যারা অভিযান করে প্রভাতকালে,	٣. فَالْمُغِيْرٰتِ صُبْحًا
৪. এবং সেই সময়ে ধূলি উৎক্ষিপ্ত করে;	٤. فَاَثَرْنَ بِهٖ نَقْعًا
৫. অতঃপর শত্রুদলের অভ্যন্তরে ঢুকে পড়ে।	٥. فَوَسَطْنَ بِهٖ جَمْعًا
৬. মানুষ অবশ্যই তার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ	٦. اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ
৭. এবং সে অবশ্যই এই বিষয়ে অবহিত,	٧. وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ لَشَهِيْدٌ
৮. এবং অবশ্যই সে ধন-সম্পদের আসক্তিতে প্রবল।	٨. وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ
৯. তবে কি সে সেই সম্পর্কে অবহিত নয় যখন কবরে যা আছে তা উত্থিত হবে	٩. اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِى الْقُبُوْرِ
১০. এবং অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে?	١٠. وَحُصِّلَ مَا فِى الصُّدُوْرِ
১১. সেই দিন তাদের কী ঘটবে, তাদের প্রতিপালক অবশ্যই তা সবিশেষ অবহিত।	١١. اِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيْرٌ

তৃতীয় অধ্যায়

আল কুরআন

১ম পরিচ্ছেদ

ইমান

১ম পাঠ : ফেরেশতাদের প্রতি বিশ্বাস

কিয়ামতে নাজাত পাওয়ার সর্বশ্রেষ্ঠ অসিলা হলো ব্যক্তির ইমান। অদৃশ্য জগতের প্রতি বিশ্বাস করা ইমানের অঙ্গ। ফেরেশতাদের প্রতি বিশ্বাস স্থাপন করা অদৃশ্য জগতের প্রতি বিশ্বাসের অন্তর্ভুক্ত। এ সম্পর্কে আল কুরআনে বলা হয়েছে–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
৬- হে মুমিনগণ, তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকে রক্ষা কর দোযখ হতে, যার ইন্ধন হবে মানুষ ও পাথর, যাতে নিয়োজিত আছে নির্মমহৃদয়, কঠোরস্বভাব ফেরেশতাগণ, যারা অমান্য করে না তা, যা আল্লাহ্ তাদেরকে আদেশ করেন। আর তারা যা করতে আদিষ্ট হয় তাই করে। (সুরা তাহরিম- ০৬)	٦- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قُوْٓا اَنْفُسَكُمْ وَاَهْلِيْكُمْ نَارًا وَّقُوْدُهَا النَّاسُ وَالْحِجَارَةُ عَلَيْهَا مَلٰٓئِكَةٌ غِلَاظٌ شِدَادٌ لَّا يَعْصُوْنَ اللّٰهَ مَآ اَمَرَهُمْ وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ
৭- যারা আরশ বহন করছে এবং যারা এর চারপাশ ঘিরে আছে, তারা তাদের প্রতিপালকের পবিত্রতা ও মহিমা ঘোষণা করে প্রশংসার সঙ্গে এবং তাঁর প্রতি বিশ্বাস স্থাপন করে এবং মুমিনদের জন্য ক্ষমা প্রার্থনা করে বলে, 'হে আমাদের প্রতিপালক! তোমার দয়া ও দান সর্বব্যাপী। অতএব যারা তাওবা করে ও তোমার পথ অবলম্বন করে তুমি তাদেরকে ক্ষমা কর এবং জাহান্নামের শাস্তি হতে রক্ষা কর।'	٧- اَلَّذِيْنَ يَحْمِلُوْنَ الْعَرْشَ وَمَنْ حَوْلَهٗ يُسَبِّحُوْنَ بِحَمْدِ رَبِّهِمْ وَيُؤْمِنُوْنَ بِهٖ وَيَسْتَغْفِرُوْنَ لِلَّذِيْنَ اٰمَنُوْا رَبَّنَا وَسِعْتَ كُلَّ شَيْءٍ رَّحْمَةً وَّعِلْمًا فَاغْفِرْ لِلَّذِيْنَ تَابُوْا وَاتَّبَعُوْا سَبِيْلَكَ وَقِهِمْ عَذَابَ الْجَحِيْمِ

৮- ‘হে আমাদের প্রতিপালক! তুমি তাদেরকে দাখিল কর স্থায়ী জান্নাতে, যার প্রতিশ্রুতি তুমি তাদেরকে দিয়েছ এবং তাদের পিতামাতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততিদের মধ্যে যারা সৎকর্ম করেছে তাদেরকেও। তুমি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	٨- رَبَّنَا وَاَدْخِلْهُمْ جَنّٰتِ عَدْنِ الَّتِيْ وَعَدْتَّهُمْ وَمَنْ صَلَحَ مِنْ اٰبَآئِهِمْ وَاَزْوَاجِهِمْ وَذُرِّيّٰتِهِمْ اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ
৯- এবং তুমি তাদেরকে শাস্তি হতে রক্ষা কর। সেই দিন তুমি যাকে শাস্তি হতে রক্ষা করবে, তাকে তো অনুগ্রহই করবে; এটাই তো মহাসাফল্য।’ (সুরা গাফির, ৭-৯)	٩- وَقِهِمُ السَّيِّئَاتِ وَمَنْ تَقِ السَّيِّئَاتِ يَوْمَئِذٍ فَقَدْ رَحِمْتَهٗ وَذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

أمنوا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব افعال মাসদার الإيمان মাদ্দাহ أ+م+ن জিনস مهموز فاء অর্থ তারা বিশ্বাস স্থাপন করেছে।

قوا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব ضرب মাসদার الوقاية মাদ্দাহ و+ق+ي জিনস لفيف مفروق অর্থ তোমরা বাঁচাও বা রক্ষা কর।

أنفسكم : كم শব্দটি ضمير مجرور متصل আর انفس শব্দটি বহুবচন। এর একবচন হলো نفس মাদ্দাহ ن+ف+س অর্থ তোমাদের অন্তরসমূহ।

أهليكم : অর্থ তোমাদের পরিবারসমূহ।

نار : শব্দটি একবচন, বহুবচন হলো نيران অর্থ আগুন। এখানে نار দ্বারা জাহান্নামের আগুন উদ্দেশ্য।

وقودها : ها শব্দটি ضمير مجرور متصل আর وقود এর অর্থ ইন্ধন বা লাকড়ী। উভয় মিলে অর্থ হলো- তার ইন্ধন।

الناس : শব্দটি বহুবচন। একবচন হলো إنسان মাদ্দাহ ن+و+س অর্থ মানুষ।

الحجارة : শব্দটি বহুবচন। একবচন হলো الحجر মাদ্দাহ ح+ج+ر অর্থ পাথরসমূহ।

ملائكة : শব্দটি বহুবচন। একবচন হলো ملك মাদ্দাহ م+ل+ك অর্থ ফেরেশতাগণ।

لا يعصون: ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع منفي معروف বাব ضرب মাসদার العصيان মাদ্দাহ ع+ص+ي জিনস ناقص يائي অর্থ তারা অমান্য করে না।

ما أمرهم : ما টি ما موصول اسم আর هم শব্দটি ضمير منصوب متصل واحد مذكر غائب ছিগাহ বাহাছ ماضي مثبت معروف বাব نصر মাসদার الأمر মাদ্দাহ أ+م+ر জিনস مهموز فاء অর্থ যা তিনি তাদেরকে আদেশ করেন।

يحملون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব ضرب মাসদার الحمل মাদ্দাহ ح+م+ل জিনস صحيح অর্থ তারা বহন করে।

يسبحون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব تفعيل মাসদার التسبيح মাদ্দাহ س+ب+ح জিনস صحيح অর্থ তারা পবিত্রতা বর্ণনা করে বা করবে।

ويستغفرون : و টি حرف عطف ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব استفعال মাসদার الاستغفار মাদ্দাহ غ+ف+ر জিনস صحيح অর্থ আর তারা ক্ষমা প্রার্থনা করে বা করবে।

وسعت : ছিগাহ ماضي مثبت معروف বাহাছ واحد مذكر حاضر বাব سمع মাসদার الوسع মাদ্দাহ و+س+ع জিনস مثال واوي অর্থ আপনি প্রশস্ত হয়েছেন।

أزواجهم : أزواج শব্দটি বহুবচন। এর একবচন হলো زوج আর هم শব্দটি ضمير مجرور متصل মাদ্দাহ ز+و+ج অর্থ তাদের স্ত্রীগণ।

ذريتهم : ذرية শব্দটি একবচন। এর বহুবচন হলো ذراري আর هم শব্দটি ضمير مجرور متصل অর্থ তাদের বংশধর।

السيئات : এটি বহুবচন, একবচনে السيئة অর্থ পাপসমূহ বা গুনাহসমূহ।

তারকিব :



মূল বক্তব্য :

আলোচ্য আয়াতে কারিমায় মহান আল্লাহ তাআলা মানুষদের নিজেদের এবং তাদের পরিবার পরিজনদের জাহান্নাম থেকে বাঁচানোর আদেশ দেওয়ার পাশাপাশি জাহান্নামের ফেরেশতাদের গুনাগুণ বর্ণনা করেছেন যে, তারা আল্লাহর নির্দেশের অমান্য করেন না। আর সূরা গাফেরের মধ্যে আরশবাহী ফেরেশতাগণের গুনাবলি বর্ণনা এবং পাশাপাশি সৎ মুমিন ব্যক্তির জন্য ফেরেশতাদের দোআর কথা বর্ণিত আছে।

টীকা :

قوا أنفسكم و أهليكم نارا:

তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবারকে জাহান্নাম থেকে বাঁচাও। অত্র আয়াতে আল্লাহ তাআলা মুমিন বান্দাদেরকে একটি বিশেষ উপদেশ দিয়েছেন। এ আয়াতের ব্যাখ্যায় তাফসিরে মাআরেফুল কুরআনে আছে- এই আয়াতে সাধারণ মুসলমানদেরকে বলা হয়েছে যে, তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার পরিজনদেরকে জাহান্নামের অগ্নি থেকে রক্ষা কর। অতঃপর জাহান্নামের অগ্নির ভয়াবহতা উল্লেখ করে অবশেষে একথাও বলা হয়েছে যে, যারা জাহান্নামে নিপতিত হবে তারা কোনোভাবেই জাহান্নামে নিয়োজিত কঠোরপ্রাণ ফেরেশতাদের কবল থেকে আত্মরক্ষা করতে সক্ষম হবে না।

أهليكم শব্দের মধ্যে পরিবার পরিজন তথা স্ত্রী, সন্তান-সন্ততি, চাকর-নওকর সবই দাখিল আছে। এক রেওয়ায়েতে আছে, এই আয়াত নাজিল হওয়ার পর হজরত ওমর (رضي الله عنه) আরজ করলেন, ইয়া রসুলুল্লাহ (ﷺ) নিজেদেরকে জাহান্নাম থেকে বাঁচানোর ব্যাপারটি তো বুঝে আসে যে, আমরা গুনাহ থেকে বেঁচে থাকব এবং আল্লাহ তাআলার বিধি নিষেধ মেনে চলব, কিন্তু পরিবার-পরিজনকে আমরা কিভাবে জাহান্নাম থেকে রক্ষা করব?

রসুল (ﷺ) বললেন : এর উপায় এই যে, তোমরা তাদেরকে সেসব কাজ করতে নিষেধ কর এবং সে সব করতে আদেশ কর যার ব্যাপারে আল্লাহ আদেশ দিয়েছেন বা নিষেধ করছেন। এই কর্মপন্থা তাদের জাহান্নামের অগ্নি থেকে রক্ষা করবে। (রুহুল মাআনি)

যেমন হাদিস শরিফে উল্লেখ আছে–

عن ابن سبرة قال قال النبي صلى الله عليه وسلم مُرُوْا الصَّبِيَّ بِالصَّلَاةِ إِذَا بَلَغَ سَبْعَ سِنِيْنَ وَإِذَا بَلَغَ عَشْرَ سِنِيْنَ فَاضْرِبُوْهُ عَلَيْهَا

অর্থাৎ, রসুল (ﷺ) এরশাদ করেন, তোমরা শিশুকে সালাতের আদেশ দাও, যখন তার বয়স সাত হবে। আর যখন তার বয়স দশ বছরে পৌঁছাবে তখন (সালাত না পড়লে) তাকে প্রহার কর। (আবু দাউদ, হাদিস নং-৪৯৪)

এ প্রসঙ্গে আল-কুরআনে বলা হয়েছে- وَأْمُرْ أَهْلَكَ بِالصَّلٰوةِ وَاصْطَبِرْ عَلَيْهَا অর্থাৎ, আপনি আপনার পরিবারবর্গকে সালাতের আদেশ দিন এবং তাতে অবিচল থাকুন। এই আয়াতের উপর আমল করে জগতে উজ্জল দৃষ্টান্ত রেখে গেছেন স্বয়ং রসুলে করিম (ﷺ)। তিনি প্রত্যহ ফজরের সময় হজরত আলি ও ফাতেমা এর গৃহে গমন করে الصلوة ، الصلوة বলে ডাকতেন। (কুরতুবি)

এমনিভাবে, কোনো ধনকুবের ব্যক্তির ধন এবং জাঁকজমকের উপর যখন হজরত ওরওয়া ইবনে জুবায়ের র. এর দৃষ্টি পড়ত তখনই তিনি নিজ গৃহে ফিরে পরিবারবর্গকে সালাতের আদেশ দিতেন এবং আলোচ্য আয়াত পাঠ করে শুনাতেন। হজরত ওমর ফারুক (رضي الله عنه) যখন রাত্রিকালে তাহাজ্জুদের সালাতের জন্য জাগ্রত হতেন তখন পরিবার পরিজনদের জাগিয়ে দিতেন এবং এই আয়াত পড়ে শুনাতেন। (কুরতুবি)

عليها ملائكة غلاظ شداد .... الخ : আলোচ্য আয়াতে ও পাঠের পরবর্তী আয়াতে ফেরেশতাদের গুনাবলি নিয়ে আলোচনা করা হয়েছে।

ফেরেশতার পরিচয় :

ফেরেশতা শব্দটি ফার্সি এর আরবি প্রতিশব্দ হল ملك । মালাকুন এর বহুবচন হলো- ملائكة যা الالوكة থেকে উৎকলিত। যার শাব্দিক অর্থ হলো বার্তা, চিঠি ইত্যাদি। যেহেতু ফেরেশতা আল্লাহর পক্ষ থেকে মানুষের নিকট বিভিন্ন বার্তা নিয়ে আসে তাই তাদের ملائكة বা ফেরেশতা বলা হয়।

ফেরেশতাদের বৈশিষ্ট্য :

১. তারা নুরের তৈরি। এ সম্পর্কে হাদিসে আছে- خُلِقَتِ الْمَلَائِكَةُ مِنْ نُوْرٍ (مسلم)

২. তারা আল্লাহর সম্মানিত বান্দা।

৩. তারা আল্লাহর কোনো আদেশের অবাধ্যতা করে না।

৪. তারা দিবারাত্রি আল্লাহর তাসবিহ পাঠ করেন।

৫. তারা নারীও নন, পুরুষও নন।

৬. তাদের দুই, তিন, চার বা ততোধিক ডানা থাকে।

৭. রহমতের ফেরেশতারা কতেকে এমন আছেন, যারা নেককার বান্দাদের জন্য সর্বদা ক্ষমা প্রার্থনা করে।

৮. আর আজাবের কতিপয় ফেরেশতা আছে, যারা জাহান্নাম পাহারা দেওয়ার দায়িত্ব পালন করেন।

বিশেষ বিশেষ ফেরেশতাদের পরিচিতি :

১.জিবরাইল (عليه السلام) :তিনি হলেন ফেরেশতাদের মধ্যে সর্বাধিক সম্মানিত এবং আল্লাহর নৈকট্যশীল। তার আরেক নাম রুহুল আমিন। তার কাজ হলো, নবিদের নিকট ওহি নিয়ে আসা।

২. মিকাইল (عليه السلام) : আল্লাহ রাব্বুল আলামিন তাকে মেঘ পরিচালনা এবং রিজিক বন্টনের দায়িত্ব দিয়েছেন।

৩. ইসরাফিল (عليه السلام) : তিনি কিয়ামতের দিন শিঙ্গায় ফুৎকার দিবেন।

৪. মালাকুল মউত : তার দায়িত্ব হলো সকল বান্দার রুহ কবজ করা। তার অপর নাম আজরাইল।

৫. কিরামান কাতিবিন : তারা সম্মানিত লেখক ফেরেশতা। তারা মানুষের ভালো-মন্দ আমলগুলো লিখে রাখেন এবং উহার হিসাব রাখেন।

৬. মালাকুল মউতের সাথী : আজরাইল (عليه السلام) এর সাথী ফেরেশতারা থাকে দু'ধরনের। যথা- ১. রহমতের ফেরেশতা ২. আজাবের ফেরেশতা। আজরাইল (عليه السلام) নেককার বান্দাদের রুহ কবজ করে রহমতের ফেরেশতাদের হাতে এবং বদকার বান্দাদের রুহ কবজ করে আজাবের ফেরেশতার হাতে দেন।

৭. হাফাজা : সকল প্রকার জিন শয়তাদের অনিষ্ট থেকে তারা মানুষদের রক্ষা করার দায়িত্ব পালন করেন।

৮. যাবানিয়া : এরা হচ্ছে উনিশজন ফেরেশতা, যারা জাহান্নামিদের জাহান্নামে নিয়ে যান। তারা জাহান্নামের প্রহরীও।

৯. মুনকার নাকির : মুনকার এবং নাকির ফেরেশতা কবরে প্রত্যেক বান্দাকে তার রব, রসুল. দীন সম্পর্কে প্রশ্ন করে।

১০. আরশবাহী ফেরেশতা : তারা চারজন ফেরেশতা, যারা কিয়ামত পর্যন্ত আল্লাহর আরশ নিয়ে দাঁড়িয়ে থাকবে।

টীকা : الذين يحملون العرش : যারা আরশ বহন করে। আরশবাহী ফেরেশতা হলেন চার জন। কিয়ামতের সময় এই চারজনের সাথে আরও চারজন যোগ করা হবে। অর্থাৎ, আটজন হবে। আরশবাহী ফেরেশতাদের কাজ হলো–

১. তারা সর্বদা আল্লাহর প্রশংসা করে।

২. মুমিনদের জন্য ক্ষমা প্রার্থনা করে।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. নিজে সংশোধন হওয়ার পর পরিবার, সমাজ ও রাষ্ট্র সংশোধন করা আবশ্যক।
২. ফেরেশতা দু'ধরনের। রহমতের ফেরেশতা ও আজাবের ফেরেশতা।
৩. ইমানের ৭টি রোকনের মধ্যে ফেরেশতাদের প্রতি বিশ্বাস করা অন্যতম একটি রোকন।
৪. রহমতের ফেরেশতারা নেককারদের জন্য দোআ করতে থাকে।
৫. ফেরেশতারা নুরের তৈরি। তারা সর্বদা আল্লাহর নির্দেশিত কাজে ব্যস্ত থাকেন।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. কিয়ামতে নাজাতের শ্রেষ্ঠ অসিলা কী ?

ক. ইমান　　খ. আমল

গ. দান　　ঘ. মহব্বত

২. ملائكة শব্দের একবচন কী ?

ক. ملاك খ. ملك

গ. ملوك ঘ. ملكة

৩. ما أمرهم মধ্যে ما টি কোন প্রকার ?

ক. ما مصدرية খ. ما موصولة

গ. ما نافية ঘ. ما شرطية

৪. আব্দুর রহিম ৭ম শ্রেণিতে পড়ে । একদা সালাত না পড়ায় তার পিতা তাকে প্রহার করে। আব্দুর রহিমের পিতার কাজটি কেমন ?

ক. جائز খ. حرام

গ. مكروه ঘ. مباح

৫. নবিদের নিকট ওহি নিয়ে আসা–

i. জিবরাইল (عليه السلام) এর কাজ ii. মিকাইল (عليه السلام) এর কাজ

iii. ইসরাফিল (عليه السلام) এর কাজ

নিচের কোনটি সঠিক ?

ক. i খ. ii

গ. iii ঘ. i ও iii

খ. সৃজনশীল প্রশ্ন :

খালেদ একদা তার বাবাকে বলল, বাবা! ফেরেশতা কী ? বাবা বললেন, তারাও আমাদের মত আল্লাহর বান্দা। তাদেরকে দেখা যায় না। কোনো ফেরেশতা মানুষের রুহ কবজ করেন, আবার কোনো ফেরেশতা নবিদের কাছে ওহি নিয়ে আসেন।

ক. ফেরেশতা কিসের তৈরি ?

খ. জাবানিয়া বলতে কী বোঝায় ?

গ. খালেদের বাবার বক্তব্য কুরআন ও হাদিসের দৃষ্টিতে ব্যাখ্যা কর।

ঘ. উদ্দিপকে উল্লেখিত ফেরেশতাদের মধ্যে কার মর্যাদা বেশি? তাঁর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

২য় পাঠ

আসমানি কিতাবের প্রতি বিশ্বাস

ইমানের মৌলিক শাখা হলো তাওহিদ, রিসালাত এবং আখেরাত। আর এ বিষয়ে বিশ্বাস স্থাপনের মাধ্যম হলো আসমানি কিতাব। কেননা, কিতাবের মাধ্যমেই আমরা উক্ত বিষয় সম্পর্কে জানতে পারি। এ সম্পর্কে আল্লাহ তাআলা এরশাদ করেন-

অনুবাদ	আয়াত
৪. এবং তোমার প্রতি যা নাজিল হয়েছে ও তোমার পূর্বে যা নাজিল হয়েছে তাতে যারা ইমান আনে ও আখেরাতে যারা নিশ্চিত বিশ্বাসী। (সুরা বাকারা, ৪)	وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ ۚ وَبِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ. [البقرة: ٤]
১৩৬. হে মু'মিনগণ! তোমরা আল্লাহর, তাঁর রাসুলের, তিনি যে কিতাব তাঁর রাসুলের প্রতি অবতীর্ণ করেছেন তার এবং যে কিতাব তিনি পূর্বে অবতীর্ণ করেছেন তার প্রতি ইমান আন। এবং কেউ আল্লাহ, তাঁর ফেরেশতাগণ, তাঁর কিতাবসমূহ, তাঁর রাসূলগণ এবং আখেরাতকে প্রত্যাখ্যান করলে সে তো ভীষণভাবে পথভ্রষ্ট হয়ে পড়বে। (সুরা নিসা, ১৩৬)	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَالْكِتٰبِ الَّذِيْ نَزَّلَ عَلٰى رَسُوْلِهٖ وَالْكِتٰبِ الَّذِيْٓ اَنْزَلَ مِنْ قَبْلُ وَمَنْ يَّكْفُرْ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ فَقَدْ ضَلَّ ضَلٰلًا بَعِيْدًا. [النساء: ١٣٦]

تحقيقات الالفاظ (শব্দ বিশ্লেষণ) :

يؤمنون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإيمان মাদ্দাহ أ+م+ن জিনস مهموز فاء অর্থ- তারা বিশ্বাস করে বা করবে।

أنزل : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي مثبت مجهول বাব إفعال মাসদার الإنزال মাদ্দাহ ن+ز+ل জিনস صحيح অর্থ- অবতীর্ণ করা হয়েছে।

أخرة : ছিগাহ واحد مؤنث বাহাছ اسم فاعل অর্থ পরকাল।

يوقنون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإيقان মাদ্দাহ ي+ق+ن জিনস مثال يائي অর্থ- তারা দৃঢ় বিশ্বাস করে বা একিন রাখে।

اٰمِنُوْا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব إفعال মাসদার الإيمان মাদ্দাহ أ+م+ن জিনস مهموز فاء অর্থ- তোমরা বিশ্বাস স্থাপন করো।

رسول : শব্দটি একবচন। বহুবচনে رسل মাদ্দাহ ر+س+ل অর্থ দুত।

كتاب : শব্দটি একবচন। বহুবচনে كتب মাদ্দাহ ك+ت+ب অর্থ গ্রন্থ।

نَزَّلَ : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব تفعيل মাসদার التنزيل মাদ্দাহ ن+ز+ل জিনস صحيح অর্থ- তিনি অবতীর্ণ করেছেন।

أنزل : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব إفعال মাসদার الإنزال মাদ্দাহ ن+ز+ل জিনস صحيح অর্থ- তিনি অবতীর্ণ করেছেন।

يكفر : ছিগাহ واحد مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব نصر মাসদার الكفر মাদ্দাহ ك+ف+ر জিনস صحيح অর্থ- সে অস্বীকার করে/কুফরি করে।

يوم : শব্দটি একবচন, বহুবচনে أيام মাদ্দাহ ي+و+م জিনস لفيف مقرون অর্থ দিন।

ضل : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব ضرب মাসদার الضلالة মাদ্দাহ ض+ل+ل জিনস مضاعف ثلاثي অর্থ- সে পথভ্রষ্ট হলো।

তারকিব:



মূল বক্তব্য :

সুরা বাকারার ৪নং আয়াতে আল্লাহ তাআলা রসুল (ﷺ) ও তার পূর্ববর্তী নবি রসুলগণের উপর অবতীর্ণ কিতাবের প্রতি বিশ্বাস স্থাপন করা মুমিনদের বৈশিষ্ট্য বলে আখ্যা দিয়েছেন। সেই সাথে আখেরাতের উপর বিশ্বাস করা জরুরি বলে উল্লেখ করেছেন। পরে সুরা নিসার ১৩৬ নং আয়াতে আল্লাহ, রসুল (ﷺ) ও আসমানি কিতাবসমূহের প্রতি দৃঢ় বিশ্বাস স্থাপন করার জন্য নির্দেশ দিয়েছেন এবং এগুলো অবিশ্বাসকারীদের সম্পর্কে পথভ্রষ্ট হওয়ার কড়া হুশিয়ারি উচ্চারণ করেছেন।

টীকা :

وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَا اُنْزِلَ اِلَيْكَ وَمَا اُنْزِلَ مِنْ قَبْلِكَ : 'আর যারা বিশ্বাস করে আপনার ও আপনার পূর্ববর্তী নবি রসুলগণের উপর নাজিলকৃত কিতাবের প্রতি।' আলোচ্য আয়াতে খতমে নবুয়ত এর প্রতি ইঙ্গিত করা হয়েছে। মহানবি (ﷺ)–ই শেষনবি এবং তার উপর অবতীর্ণ কিতাবই হলো শেষ কিতাব। কেননা, কুরআনের পরে যদি আর কোনো কিতাব নাজিল করা হতো তাহলে পূর্ববর্তী কিতাবের ন্যায় পরবর্তী কিতাবের প্রতিও বিশ্বাস স্থাপন করার কথা বলা হতো। কুরআনের পর যদি অন্য কোনো ওহি নাজিল হওয়ার সম্ভাবনা থাকতো, তাহলে তাওরাত, ইঞ্জিলে যেমনিভাবে কুরআন ও শেষনবি মুহাম্মদ (ﷺ) সম্পর্কে সুস্পষ্ট বিবৃতি দেওয়া আছে, ঠিক তেমনি কুরআনেও পরবর্তী ওহির প্রতি ইঙ্গিত থাকতো। যেহেতু কোনো ইঙ্গিত নেই, সেহেতু স্পষ্ট যে, মুহাম্মদ (ﷺ)–ই শেষ নবি। তাছাড়া পবিত্র কুরআনের প্রায় পঞ্চাশটি স্থানে ইমানের সাথে পূর্ববর্তী কিতাব ও নবি রসুলগণের কথা উল্লেখ থাকলেও পরবর্তী কোনো নবি–রসুল কিংবা কিতাবের বিন্দুমাত্র ইঙ্গিত নেই। (মাআরেফুল কুরআন)

আসমানি কিতাবের পরিচয় :

মহান আল্লাহ তাআলা যুগে যুগে নবি রসুলগণের উপর ওহির মাধ্যমে যে কিতাবসমূহ অবতীর্ণ করেছেন তাকে আসমানি কিতাব বলে।

আসমানি কিতাবের প্রতি বিশ্বাস স্থাপন :

ইমানের ৭টি রোকনের মধ্যে আসমানি কিতাবের প্রতি ইমান আনা অন্যতম একটি রোকন। আসমানি কিতাবের প্রতি বিশ্বাস স্থাপন করা ফরজ এবং অস্বীকার করা কুফরি। যেমন আল্লাহ তাআলা এরশাদ করেছেন–

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ ءَامِنُوا۟ بِٱللَّهِ وَرَسُولِهِۦ وَٱلْكِتَٰبِ ٱلَّذِى نَزَّلَ عَلَىٰ رَسُولِهِۦ وَٱلْكِتَٰبِ ٱلَّذِىٓ أَنزَلَ مِن قَبْلُ ۚ وَمَن يَكْفُرْ بِٱللَّهِ وَمَلَٰٓئِكَتِهِۦ وَكُتُبِهِۦ وَرُسُلِهِۦ وَٱلْيَوْمِ ٱلْءَاخِرِ فَقَدْ ضَلَّ ضَلَٰلًۢا بَعِيدًا. [النساء: ١٣٦]

আসমানি কিতাবের সংখ্যা :

সর্বমোট আসমানি কিতাব ১০৪ খানা। তন্মধ্যে প্রধান কিতাব ৪ খানা। যথা:–

১. তাওরাত: এটি নাজিল হয়েছে ইবরানি ভাষায় হজরত মুসা (عليه السلام) এর উপর।

২. যাবুর: এটি নাজিল হয়েছে ইউনানি ভাষায় হজরত দাউদ (عليه السلام) এর উপর।

৩. ইঞ্জিল: এটি নাজিল হয়েছে সুরিয়ানি ভাষায় হজরত ইসা (عليه السلام) এর উপর।

৪. কুরআন: এটি নাজিল হয়েছে আরবি ভাষায় শেষ নবি হজরত মুহাম্মদ (ﷺ) এর উপর।

এছাড়া ১০০ খানা সহিফা রয়েছে। তন্মধ্যে–

১. ৫০ খানা শিস (عليه السلام) এর উপর,

২. ৩০ খানা দাউদ (عليه السلام) এর উপর,

৩. ১০ খানা ইব্রাহিম (عليه السلام) এর উপর,

৪. এবং মুসা (عليه السلام) এর উপর তাওরাত কিতাব নাজিল হওয়ার পূর্বে ১০ খানা সহিফা নাজিল হয়েছে। (সহিহ ইবনে হিব্বান পৃ: ২১৪)

এছাড়া, কোনো কোনো কিতাবে মুসা (عليه السلام) এর পরিবর্তে আদম (عليه السلام) এর উপর ১০ খানার কথা উল্লেখ আছে।

সর্বশেষ আসমানি কিতাব :

সর্বশেষ আসমানি কিতাব আল কুরআন নাজিল হয়েছে সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি মুহাম্মদ (ﷺ) এর উপর। আল-কুরআন নাজিল হওয়ার ফলে পূর্ববর্তী অন্যান্য সকল আসমানি কিতাবের হুকুম রহিত হয়ে গেছে। এখন পূর্ববর্তী কোনো আসমানি কিতাবের হুকুমের অনুসরণ করা যাবে না। বরং কেবল মাত্র আল কুরআনকেই মানতে হবে। তবে সকল আসমানি কিতাবের উপর বিশ্বাস রাখা জরুরি। যেমন হাদিস শরিফে বর্ণিত আছে –

হজরত জাবের (رضي الله عنه) মহানবি (ﷺ) থেকে বর্ণনা করেন, একদা ওমর (رضي الله عنه) রসুল (ﷺ) এর নিকট আসলেন এবং বললেন, হে রসুল (ﷺ), আমরা ইহুদিদের থেকে পূর্ববর্তী অনেক ঘটনা শুনি। তার থেকে কিছু ঘটনা কি লিখে রাখব? তখন তিনি বললেন, ইহুদি নাসারাদের ন্যায় তোমরাও ধ্বংস হতে চাও ? আমি তোমাদের নিকট স্পষ্ট বিষয় নিয়ে এসেছি। অন্য হাদিসে আছে–

لَوْ كَانَ مُوْسٰى حَيًّا مَا وَسِعَهُ إِلَّا اِتِّبَاعِيْ (أحمد)

যদি মুসা (عليه السلام)ও বেঁচে থাকতেন তবে তাকেও আমার অনুসরণ করতে হতো। (আহমদ)

সুতরাং, আল কুরআনই হলো সর্বশেষ নাজিলকৃত আসমানি কিতাব এবং সমস্ত জ্ঞান-বিজ্ঞানের ভাণ্ডার। এমন কোনো বিষয় নেই, যা আল্লাহ রাব্বুল আলামিন এতে আলোচনা করেননি। এতে আলোচিত হয়েছে সামাজিক, অর্থনৈতিক, আধ্যাত্মিক, রাষ্ট্রীয় সকল বিষয়ের সুস্পষ্ট বর্ণনা। যেমন আল্লাহ তাআলা এরশাদ করেছেন :

مَا فَرَّطْنَا فِي الْكِتَابِ مِنْ شَيْءٍ (الانعام ـ ٣٨)

এ কিতাবে আমি কোন কিছুই বাদ দেই নি । (সূরা আনআম-৩৮) অতএব আল-কুরআনই হলো মানবজীবনের গ্রহণযোগ্য একমাত্র জীবনবিধান।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. কুরআনসহ পূর্ববর্তী সকল কিতাবের উপর ইমান আনা ফরজ।
২. আখেরাতের উপর অবিচল বিশ্বাস ইমানের গুরুত্বপূর্ণ একটি শাখা।
৩. এর দ্বারা খতমে নবুয়ত প্রমাণিত হয়। কারণ, মহানবি এর পর কোনো নবি আসলে তার কাছে ওহি আসত এবং সে ওহির উপর বিশ্বাস স্থাপনের কথা কুরআনে বলা হতো। অথচ তা বলা হয়নি।
৪. ইমানের মূল ৭টি বিষয়ের উপর ইমান আনা ফরজ এবং অস্বীকারকারী কুফরির মাঝে নিমজ্জিত।
৫. আল-কুরআন নাজিলের পর পূর্ববর্তী সকল কিতাবের হুকুম রহিত হয়ে গেছে।
৬. আসমানি কিতাবের মধ্যে বর্তমানে আল কুরআনই মানবজীবনের একমাত্র জীবনবিধান।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. رَسُوْلٌ শব্দের বহুবচন কী ?

ক. راسلون খ. رسل

গ. رسلة ঘ. أرسلة

২. ইমানের মৌলিক শাখা হলো–

i. তাওহিদ ii. রেসালাত

iii. আখেরাত

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. وبالأخرة هم يوقنون বাক্যে هم টি তারকিবে কী হয়েছে ?

ক. ضمير فاصل খ. تاكيد

গ. مبتدأ ঘ. خبر

৪. আসমানি কিতাবের প্রতি বিশ্বাস স্থাপন করা কী ?

ক. ফরজ খ. ওয়াজিব

গ. সুন্নাত ঘ. মুস্তাহাব

৫. তাওরাত নাজিল হয়েছে–

i. ইঞ্জিলের পর ii. ইবরানি ভাষায়

iii. মুসা (عليه السلام) এর উপর

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

খ. সৃজনশীল প্রশ্ন :

খালেদের হাতে বাইবেলের একটি কপি দেখে আব্দুর রহিম রাগান্বিত হয়ে বলল, তুমি মুসলিম হয়ে বাইবেল পড়ছ ? খালেদ বলল : বাইবেলও আসমানি কিতাব। তাই দোষ কোথায় ?

ক. আসমানি কিতাব মোট কতখানা ?

খ. মহানবি (ﷺ) এর শেষ নবি হওয়া কিভাবে বুঝায় ?

গ. খালেদের কাজটি ইসলামের দৃষ্টিতে মূল্যায়ন কর।

ঘ. তুমি খালেদ ও আব্দুর রহিমের মধ্যে কার সাথে একমত হবে এবং কেন ? যুক্তি দাও।

৩য় পাঠ

তাকদিরের প্রতি বিশ্বাস

তাকদিরের ভালো-মন্দ আল্লাহ তাআলার সৃষ্টি। তাকদির আল্লাহ তাআলার এক গুপ্ত রহস্য এবং তাঁর অসীম জ্ঞানের প্রমাণ। ইমানের পূর্ণতা এবং মানসিক শান্তির জন্য তাকদিরের প্রতি বিশ্বাস অত্যন্ত জরুরি। তাকদির সম্পর্কে আল্লাহ তাআলা বলেন-

অনুবাদ	আয়াত
২২. পৃথিবীতে অথবা ব্যক্তিগতভাবে তোমাদের উপর যে বিপর্যয় আসে আমি তা সংঘটিত করার পূর্বেই তা লিপিবদ্ধ থাকে, আল্লাহর পক্ষে এটা খুবই সহজ। ২৩. এটা এজন্য যে, তোমরা যা হারিয়েছ তাতে যেন তোমরা বিমর্ষ না হও এবং যা তিনি তোমাদেরকে দিয়েছেন তার জন্য হর্ষোৎফুল্ল না হও। আল্লাহ পছন্দ করেন না উদ্ধত ও অহংকারীদেরকে। (সুরা হাদিদ ২২-২৩)	مَآ اَصَابَ مِنۡ مُّصِيۡبَةٍ فِى الۡاَرۡضِ وَلَا فِىۡٓ اَنۡفُسِكُمۡ اِلَّا فِىۡ كِتَابٍ مِّنۡ قَبۡلِ اَنۡ نَّبۡرَاَهَا اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيۡرٌ ۚ لِّكَيۡلَا تَاۡسَوۡا عَلٰى مَا فَاتَكُمۡ وَلَا تَفۡرَحُوۡا بِمَآ اٰتٰىكُمۡ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ مُخۡتَالٍ فَخُوۡرِ

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

ما أصاب : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي منفي معروف বাব إفعال মাসদার الإصابة মাদ্দাহ ب + و + ص জিনস أجوف واوي অর্থ- বিপদ আসে না।

أنفسكم : كم + انفس এখানে كم শব্দটি ضمير مجرور متصل আর انفس শব্দটি বহুবচন, একবচনে نفس মাদ্দাহ س + ف + ن অর্থ- তোমাদের অন্তরসমূহ।

نبرأها : ها শব্দটি ضمير منصوب متصل ছিগাহ جمع متكلم বাহাছ مضارع مثبت معروف বাব فتح মাসদার البرء মাদ্দাহ ب+ر+ء জিনস مهموزلام অর্থ-আমি উহাকে সৃষ্টি করি।

يسير : ছিগাহ واحد مذكر বাহাছ اسم فاعل বাব كرم মাসদার اليسر মাদ্দাহ ي + س + ر জিনস مثال يائي অর্থ- সহজ।

لكيلا تأسوا: ل টি কারণ বুঝানোর জন্য। كي শব্দটি حرف ناصب ছিগাহ جمع مذكر حاضر বাহাছ مركب জিনস أ + س + ي মাদ্দাহ الأسي মাসদার سمع বাব مضارع منفي معروف অর্থ- যেন তোমরা দুঃখিত না হও।

لا تفرحوا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ مضارع منفي معروف বাব سمع মাসদার الفرح মাদ্দাহ ح + ر + ف জিনস صحيح অর্থ- তোমরা খুশি বা উল্লাসিত হবে না। (পূর্ববর্তী كي শব্দের কারণে শব্দটির শেষের ن পড়ে গেছে।)

لا يحب : ছিগাহ واحد مذكر غائب বাহাছ مضارع منفي معروف বাব إفعال মাসদার الإحباب মাদ্দাহ ب + ب + ح জিনস مضاعف ثلاثي অর্থ- তিনি ভালোবাসেন না।

مختال : ছিগাহ واحد مذكر বাহাছ اسم فاعل বাব افتعال মাসদার الاختيال মাদ্দাহ خ + ي + ل জিনস أجوف يائي অর্থ- অহংকারী, দাম্ভিক।

তারকিব :



মূল বক্তব্য :

আলোচ্য আয়াতদ্বয়ে আল্লাহ তাআলা বলেন, পৃথিবীতে মানুষ যা কিছুরই সম্মুখীন হয় না কেন, তা সব তিনি তাদেরকে সৃষ্টির পূর্বেই কিতাবে লিপিবদ্ধ করে রেখেছেন। যাতে সুখে বা দুঃখে যেন তারা সান্ত্বনা পায়, আর সীমালংঘন না করে । কেননা, সীমালংঘন করা বা গর্ব অহংকার করা আল্লাহ তাআলার অপছন্দ।

টীকা :

ما أصاب من مصيبة ــ الخ

আয়াতে বলা হয়েছে যে, পৃথিবীতে মানুষ যে সকল বিপদের বা ঘটনার সম্মুখীন হয় যেমন, দুর্ভিক্ষ ইত্যাদি এবং নিজেদের মধ্যে যেগুলোর সম্মুখীন হয় যেমন, অসুখ-ব্যধি ইত্যাদি সব কিছুই আল্লাহ তাআলা পূর্ব থেকে লিখে রেখেছেন। এ আয়াতে আল্লাহ তাআলার অগাধ এবং ব্যাপক জ্ঞানের কথা ও তাঁর তাকদির নির্ধারণের বিষয়টি নিয়ে আলোকপাত করা হয়েছে।

উক্ত আয়াতের ব্যাখ্যায় কাতাদা (رضي الله عنه) বলেন, যে কারোর কোনো কাঠের খোঁচা, পায়ে হোচট বা রগের টান লাগুক না কেন তা তার গুনার কারণেই হয়ে থাকে। তবে আল্লাহ তাআলা অনেক কিছু মাফ করেন। (ইবনে কাসির)

তাকদির :

تقدير অর্থ নির্ধারণ করা। পরিভাষায়- বিশ্বজগত সৃষ্টির পূর্বে আল্লাহ তাআলা কর্তৃক তাতে ঘটিতব্য সব কিছু তার অনাদি জ্ঞান মোতাবেক লিখে রাখাকে তাকদির বলে।

তাকদিরের প্রতি বিশ্বাস করা ইমানের রোকন এবং অত্যাবশ্যকীয় ফরজ কাজ।

তাকদিরের প্রকার :

তাফসিরে মাজহারিতে এ প্রসঙ্গে বলা হয়েছে যে, তাকদির ২ প্রকার। যথা-

১. مبرم বা চূড়ান্ত অকাট্য এবং

২. معلق শর্তযুক্ত।

অর্থাৎ, لوح محفوظ এ এভাবে লেখা হয় যে, অমুক ব্যক্তি আল্লাহ তাআলার আনুগত্য করলে তার বয়স উদাহরণস্বরূপ ৬০ হবে এবং আনুগত্য না করলে ৫০ বছরে খতম করে দেওয়া হবে।

২য় প্রকার তাকদির শর্তের অনুপস্থিতিতে পরিবর্তন হতে পারে। উভয় প্রকার তাকদির কুরআনের এই আয়াতে উল্লেখ আছে- يَمْحُو اللهُ مَا يَشَاءُ وَيُثْبِتُ وَعِنْدَهُ أُمُّ الْكِتَابِ (الرعد: ٣٩)

অর্থাৎ, আল্লাহ যা ইচ্ছা তা নিশ্চিহ্ন করেন এবং যা ইচ্ছা তা প্রতিষ্ঠিত রাখেন। আর তাঁরই নিকট আছে উম্মুল কিতাব।

উম্মুল কিতাব বলতে সেই কিতাব বুঝানো হয়েছে যাতে অকাট্য তাকদির রয়েছে। কেননা, শর্তযুক্ত তাকদিরে লিখিত শর্ত সম্পর্কে আল্লাহ তাআলা পূর্ব থেকেই জানেন যে, এ ব্যক্তি শর্ত পূর্ণ করবে কি, করবে না। তাই চূড়ান্ত তাকদিরে অকাট্য ফায়সালা লিখা হয়। হাদিসে বলা হয়েছে –

لَا يَرُدُّ الْقَضَاءَ إِلاَّ الدُّعَاءُ وَلاَ يَزِيْدُ فِي الْعُمُرِ إِلَّا الْبِرُّ (رَوَاهُ التِّرْمِذِيُّ عَنْ سَلْمَانَ)

দোআ ব্যতীত তাকদির পরিবর্তন হয় না এবং (নেক) পূন্য আমল ব্যতীত বয়স বৃদ্ধি পায় না। (তিরমিজি)

এই হাদিসের মূল কথা এটাই যে, শর্তযুক্ত তাকদির এসব কর্মের কারণে পরিবর্তন হতে পারে।

তাকদিরের স্তর :

আল্লামা ইবনুল কায়্যিম বলেন, তাকদিরের চারটি পর্যায় বা স্তর রয়েছে। যথা–

১. **আল্লাহ তাআলার জ্ঞান** : মাখলুকাত সৃষ্টি পূর্বে তিনি অনাদিকাল থেকে জানেন যে, কে কী করবে। যেমন পবিত্র কুরআনে আছে, أَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ যিনি সৃষ্টি করেছেন তিনি কি জানেন না? তিনি সূক্ষ্মদর্শী, সম্যক অবগত। (সুরা মুলক, ১৪)

২. **আল্লাহ তাআলার লিখন** : হাদিস শরিফে আছে, আল্লাহ তাআলা আসমান ও জমিন সৃষ্টির ৫০ হাজার বছর পূর্বে মাখলুকাতের তাকদির লিখে রেখেছেন। (মুসলিম) অন্য হাদিসে আছে, আল্লাহ তাআলা সর্বপ্রথম কলম সৃষ্টি করে বললেন, লেখ। কলম বলল, কী লিখব : তিনি বললেন, কিয়ামত পর্যন্ত সকল সৃষ্টির তাকদির লিখ। (বুখারি)

৩. **আল্লাহ তাআলার ইচ্ছা** : বান্দার প্রতিটি কাজ আল্লাহ তাআলার ইচ্ছায় হয়ে থাকে। অর্থাৎ বান্দার ইচ্ছার সাথে আল্লাহর ইচ্ছা যুক্ত না হলে কোনো কাজ অস্তিত্ব পায় না।

৪. **আল্লাহ তাআলার সৃষ্টি** : তাকদিরের সর্বশেষ পর্যায় হলো আল্লাহ তাআলা কর্তৃক কাজটিকে সৃষ্টি করা। যেমন আল্লাহ তাআলা বলেন– {وَاللهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُوْنَ} প্রকৃতপক্ষে আল্লাহই সৃষ্টি করেছেন তোমাদেরকে এবং তোমরা যা তৈরি কর তাও। (সুরা সফফাত- ৯৬)

তবে এ স্তরগুলো হলো মুতলাক তাকদিরের। যা একমাত্র আল্লাহ তাআলা জানেন। আর খাস তাকদির সম্পর্কে হাদিস শরিফে আছে, মায়ের পেটে প্রত্যেক মানব শিশুর রিজিক, মৃত্যুর সময় ইত্যাদি লেখার জন্য ফেরেশতা নিয়োগ করা হয়।

আর লাইলাতুল বরাতে বা কদরেও ঐ বছরের তাকদির লেখা হয়, এগুলো খাছ তাকদির এবং তা লাওহে মাহফুজ থেকে লেখা হয়।

তাকদিরের রহস্য :

মানুষকে জ্ঞান ও বিবেক দ্বারা সত্য বা মিথ্যার পথ বেছে নেয়ার স্বাধীনতা দেয়া হয়েছে। এ ক্ষেত্রে মনে রাখতে হবে যে তাকদিরের অর্থ এটা নয় যে, আল্লাহ তাআলা লিখেছেন বিধায় আমরা সেভাবে করি এবং সে কারণে আমরা বাধ্য। কেননা, তাতে পাপ কাজ করলে বান্দার কোনো দোষ থাকে না। বরং তাকদির লেখার অর্থ হলো– যেহেতু, আল্লাহ তাআলা অনাদি ও অনন্ত ইলমের মালিক। তাই তিনি জানেন যে, এ বান্দা পৃথিবীতে যাওয়ার পর কোন কোন কাজ স্বেচ্ছায় আর কোন কোন কাজ নিরূপায় হয়ে করবে। আর আল্লাহ তাআলা তার জ্ঞান অনুযায়ী তাকদির লিখে রেখেছেন। যেহেতু আল্লাহ তাআলার ইলমে কোনো ভুল নেই, তাই আমাদের সকল কাজ শতভাগ তাকদির মোতাবেক হয়ে থাকে। আমরা যদি ইমানের সাথে ভালো কাজ করি তাহলে নাজাত পাবো। আর কেউ যদি ঈমানদার না হয় তাহলে জাহান্নামে যেতে হবে।

তাকদিরে বিশ্বাসের গুরুত্ব :

তাকদির বিশ্বাস করা ইমানের অঙ্গ। কেননা, মহানবি (ﷺ) ইমানের পরিচয়ে ৬টি বিষয়ের মধ্যে তাকদিরে বিশ্বাসের বিষয়টি অন্তর্ভুক্ত করেছেন। তাই আমাদের বিশ্বাস রাখতে হবে যে, তাকদিরের ভালো-মন্দ সব আল্লাহ তাআলার সৃষ্টি।

: لِكَيْ لَا تَأْسَوْا عَلٰى مَا فَاتَكُمْ ـ الخ

আলোচ্য আয়াতে বলা হয়েছে যে, আল্লাহ তাআলা তাকদির নির্ধারণ করে তার কথা তোমাদেরকে বলে দিলেন এ কারণে যে, যাতে তোমরা বঞ্চিত বিষয়ে দুঃখ না পাও এবং অর্জিত বিষয়ে বেশী খুশি বা অহংকারী না হও। ইবনে কাসির র. বলেন, যাতে তোমরা নেয়ামত পেয়ে ফখর না কর। কেননা, এ নেয়ামত তোমাদের নেকির ফসল নয়, বরং তা আল্লাহর দান এবং তাকদির। আল্লাহ তাআলা কোনো দাম্ভিক অহংকারীকে পছন্দ করেন না। হজরত ইকরিমা (رضي الله عنه) বলেন, সকলেই খুশি হয় বা চিন্তিত হয়। তাই তোমরা খুশিকে শোকর এবং চিন্তাকে সবরে পরিনত কর। (তাফসিরে ইবনে কাসির)

এ প্রসঙ্গে একটি হাদিস প্রণিধানযোগ্য। যেমনঃ সাবেত বিন কায়েস ইবনে শাম্মাস (رضي الله عنه) বলেন, আমি একদা নবি (ﷺ) এর নিকটে ছিলাম। তখন তিনি এ আয়াতটি তেলাওয়াত করলেন এবং অহংকার ও তার অশুভ পরিণামের কথা উল্লেখ করলে আমি কেঁদে ফেললাম। তখন রসুল (ﷺ) বললেন, তুমি কাঁদছ কেন ? তখন আমি বললাম, হে আল্লাহর রসুল ! আমি সৌন্দর্য পছন্দ করি। এমন কি আমার জুতার ফিতাটা সুন্দর হোক এটাও আমি ভালো মনে করি। তখন নবি (ﷺ)

বললেন, তোমার বাহন ও বাড়ি সুন্দর হোক এটা মনে করা অহংকার নয় ; বরং অহংকার হলো মানুষকে লাঞ্ছিত করা এবং সত্যকে পদদলিত করা। (রুহুল মাআনি)

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. যাবতীয় ঘটনা তাকদিরে লেখা আছে।
২. তাকদির সকল সৃষ্টির পূর্বে লেখা হয়েছে।
৩. তাকদির নির্ধারণ আল্লাহর জন্য সহজ।
৪. তাকদিরের হেকমত হলো- যাতে মানুষ চিন্তিত বা অহংকারী না হয়।
৫. আল্লাহ তাআলা কোনো দাম্ভিক অহংকারীকে ভালোবাসেন না।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. তাকদিরের প্রতি বিশ্বাস রাখার হুকুম কী ?

ক. فرض　　খ. واجب

গ. سنة　　ঘ. مستحب

২. يسير শব্দটি কোন বাব থেকে ব্যবহৃত ?

ক. نصر　　খ. ضرب

গ. كرم　　ঘ. سمع

৩. তাকদির কত প্রকার ?

ক. দুই　　খ. তিন

গ. চার　　ঘ. পাঁচ

৪. তাকদিরের স্তর কয়টি ?

ক. তিনটি　　খ. চারটি

গ. পাঁচটি　　ঘ. ছয়টি

৫. তাকদিরের ব্যাপারে সঠিক বুঝ হলো–

i. تقدير আল্লাহ তাআলা কর্তৃক নির্ধারিত

ii. تقدير مبرم কখনো পরিবর্তন হয় না

iii. تقدير معلق পরিবর্তনশীল

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii　　খ. i ও iii

গ. ii ও iii　　ঘ. i, ii ও iii

খ. সৃজনশীল প্রশ্ন :

যায়েদ একদিন ক্লাসে হাজির হয়নি বিধায় শ্রেণি শিক্ষক তাকে বেত্রাঘাত করতে গেলেন। যায়েদ বলল, হুজুর আমার দোষ কী ? তাকদিরে ছিল না তাই আসিনি। হুজুর বললেন, তুমি অলসতা করে আসোনি।

ক. تقدير শব্দের অর্থ কী ?

খ. تقدير مبرم বলতে কী বুঝায় ?

গ. কুরআন ও হাদিসের আলোকে যায়েদের কথার মূল্যায়ন কর।

ঘ. তুমি কি হুজুরের কথাকে সমর্থন কর ? তোমার মতামত বিশ্লেষণ কর।

২য় পরিচ্ছেদ

ইবাদত

১ম পাঠ : সালাত

সালাত ইসলামের গুরুত্বপূর্ণ স্তম্ভ। ইমানের পরেই এর অবস্থান। গুনাহ মাফ এবং আত্মিক উন্নতির জন্য সালাতের ভূমিকা অপরিসীম। ফরজের পাশাপাশি নফল সালাতের মধ্যে তাহাজ্জুদ সবচেয়ে গুরুত্বপূর্ণ। সালাত সম্পর্কে আল্লাহ তাআলা বলেন–

অনুবাদ	আয়াত
১১৪. তুমি সালাত কায়েম কর দিনের দুই প্রান্তভাগে ও রাতের প্রথমাংশে। সৎকর্ম অবশ্যই অসৎকর্ম মিটিয়ে দেয়। যারা উপদেশ গ্রহণ করে, এটা তাদের জন্য এক উপদেশ। (সুরা হুদ- ১১৪)	١١٤- وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيۡلِ اِنَّ الۡحَسَنٰتِ يُذۡهِبۡنَ السَّيِّاٰتِ ذٰلِكَ ذِكۡرٰى لِلذّٰكِرِيۡنَ. (سورة هود:١١٤)
৭৮. সূর্য হেলে পড়বার পর হতে রাতের ঘন অন্ধকার পর্যন্ত সালাত কায়েম করবে এবং কায়েম করবে ফজরের সালাত। নিশ্চয়ই ফজরের সালাত উপস্থিতির সময়। ৭৯. এবং রাতের কিছু অংশে তাহাজ্জুদ কায়েম করবে, এটা তোমার এক অতিরিক্ত কর্তব্য। আশা করা যায় তোমার প্রতিপালক তোমাকে প্রতিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে। (সুরা ইসরা : ৭৮-৭৯)	٧٨- اَقِمِ الصَّلٰوةَ لِدُلُوۡكِ الشَّمۡسِ اِلٰى غَسَقِ الَّيۡلِ وَقُرۡاٰنَ الۡفَجۡرِ اِنَّ قُرۡاٰنَ الۡفَجۡرِ كَانَ مَشۡهُوۡدًا. ٧٩- وَمِنَ الَّيۡلِ فَتَهَجَّدۡ بِهٖ نَافِلَةً لَّكَ عَسٰٓى اَنۡ يَّبۡعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحۡمُوۡدًا (سورة الإسراء : ٧٨-٧٩)

تحقيق الألفاظ (শব্দ বিশ্লেষণ):

أقم : ছিগাহ أمر حاضر معروف واحد مذكر حاضر বাহাছ إفعال বাব الإقامة মাসদার মাদ্দাহ ق + و + م জিনস أجوف واوي অর্থ- তুমি প্রতিষ্ঠা কর।

حسنات : শব্দটি বহুবচন, একবচনে حسنة অর্থ- পূণ্যসমূহ।

يذهبن : ছিগাহ جمع مؤنث غائب বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإذهاب মাদ্দাহ ذ + ه + ب জিনস صحيح অর্থ- তারা দূর করে দেয়।

سيئات : শব্দটি বহুবচন, একবচনে سيئة অর্থ- পাপসমূহ।

ذاكرين : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব نصر মাসদার الذكر মাদ্দাহ ذ + ك + ر জিনস صحيح অর্থ- স্মরণকারীগণ।

مشهودا : ছিগাহ واحد مذكر বাহাছ اسم مفعول বাব سمع মাসদার الشهود মাদ্দাহ ش + ه + د জিনস صحيح অর্থ- উপস্থাপিত।

فتهجد : ছিগাহ واحد مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব تفعل মাসদার التهجد মাদ্দাহ د + ج + ه জিনস صحيح অর্থ- তুমি রাত্রি জাগরণ কর।

أن يبعثك : এখানে أن শব্দটি حرف ناصب আর ك শব্দটি ضمير منصوب متصل ছিগাহ واحد مذكر বাহাছ مضارع مثبت معروف বাব فتح মাসদার البعث মাদ্দাহ ب + ع + ث জিনস صحيح অর্থ- তিনি আপনাকে পৌঁছে দিবেন।

محمودا : ছিগাহ واحد مذكر বাহাছ اسم مفعول বাব سمع মাসদার الحمد মাদ্দাহ ح + م + د জিনস صحيح অর্থ- প্রশংসিত।

তারকিব :



মূল বক্তব্য :

আলোচ্য আয়াতে কারিমায় আল্লাহ্ পাক রব্বুল আলামিন দিনের দুই প্রান্তে সালাতের নির্দেশ সাথে সাথে সৎকাজের প্রতি উৎসাহ প্রদান করেছেন এবং সালাতে কুরআন তেলাওয়াতের প্রতিও গুরুত্ব প্রদান করেছেন। আল্লাহ্ পাক তাহাজ্জুদের প্রতি গুরুত্বারোপ করেছেন, আর তা রসুলুল্লাহ সাকে মাকামে মাহমুদে পৌঁছতে সহযোগিতা করবে বলে ঘোষণা দিয়েছেন।

টীকা :

أَقِمِ الصَّلٰوةَ ... الخ : তুমি সালাত কায়েম কর। এখানে "একামতে সালাত" বলে- সঠিক সময়ে গুরুত্ব দিয়ে আদায় করার আদেশ দেওয়া হয়েছে। কারণ সময়মত সালাত আদায় করাই ফরজ। আর সময়কে অতিক্রম করে সালাত আদায় করা মুনাফিকের আলামত।

طرفي النهار و زلفا من اليل :

দিনের দুই প্রান্তের সালাতের কথা বলা হয়েছে। আর দিনের দুই প্রান্তের সালাত সম্পর্কে ইবনে আব্বাস (রাঃ) বলেছেন, صلاة الصبح বা ফজরের সালাত ও মাগরিবের সালাত। আর زلفا من الليل রাতের কিছু অংশ। এখানে রাতের কিছু অংশ দ্বারা صلاة المغرب والعشاء অর্থাৎ, মাগরিব ও এশার সালাতকে বুঝানো হয়েছে।

إن الحسنات يذهبن السيئات :

এখানে সালাত আদায় করার নির্দেশ দানের সাথে সাথে এর উপকারিতাও বলা হয়েছে। অর্থাৎ, ৫ ওয়াক্ত সালাত অন্যান্য সগিরাহ গুনাহকে মিটিয়ে দেয়। যেমন, আল্লাহ তাআলা বলেন, إن الحسنات يذهبن السيئات অর্থাৎ, সৎকাজ পাপ কাজকে মিটিয়ে দেয়। তবে ইমাম কুরতুবি রহ. এর মতে, সৎকাজ বলতে জিকিরসহ যাবতীয় আমলকে বুঝানো হয়েছে।

أقم الصلاة لدلوك الشمس إلى غسق الليل :

সূর্য ঢলে পড়ার সময় থেকে রাত্রির অন্ধকার পর্যন্ত সালাত আদায় করুন। অধিকাংশ তাফসিরকারকদের মতে এখানে পাঁচ ওয়াক্ত সালাতের কথা বলা হয়েছে। لدلوك الشمس إلى غسق الليل এর মধ্যে জোহর, আসর, মাগরিব ও এশার কথা বলা হয়েছে। আর وقرآن الفجر বলে ফজরের সালাতকে বুঝানো হয়েছে।

সালাতের পরিচয় :

সালাত শব্দের শাব্দিক অর্থ হলো দোআ, রহমত, এসতেগফার ও তাসবিহ। শরিয়তের পরিভাষায়– নির্ধারিত ঐ ইবাদতকে সালাত বলা হয়- যা তাকবির দিয়ে শুরু হয় এবং সালামের মাধ্যমে শেষ হয়।

সালাতের গুরুত্ব :

সালাত হলো ইসলামি শরিয়তের পাঁচটি স্তম্ভের একটি। সময়মত সঠিকভাবে সালাত আদায় করা প্রত্যেক মুসলমানের উপর ফরজ। সালাতের এতই গুরুত্ব রয়েছে যে, সালাত আদায় না করলে তাকে কাফেরের সাথে তুলনা দেওয়া হয়েছে।

নবি করিম (ﷺ) বলেন – مَنْ تَرَكَ الصَّلَاةَ مُتَعَمِّدًا فَقَدْ كَفَرَ যে ব্যক্তি ইচ্ছা করে সালাত ছেড়ে দিল সে যেন কুফরি করল।

সালাতের ফজিলত :

ইসলামে সালাতের ফজিলত অনেক বেশি। কিয়ামতের দিন সর্বপ্রথম সালাতের হিসাব নেওয়া হবে। সালাতের ফজিলত বুঝাতে গিয়ে নবি করিম (ﷺ) বলেন– مفتاح الجنة الصلاة (الدارمي) অর্থাৎ, সালাত জান্নাতের চাবি।

সালাত ফরজ হওয়ার শর্তাবলি : সালাত ফরজ হওয়ার শর্ত ৪টি। যথা-

১. মুসলমান হওয়া।
২. বালেগ হওয়া।
৩. আকেল হওয়া।
৪. হায়েজ ও নেফাস থেকে পবিত্র হওয়া।

সালাত শুদ্ধ হওয়ার শর্তাবলি: সালাত শুদ্ধ হওয়ার শর্ত তথা সালাতের বাহিরের ফরজ সাতটি। যথা–

১. শরীর পাক।
২. কাপড় পাক।
৩. জায়গা পাক।
৪. সতর ঢাকা।
৫. কেবলামুখী হওয়া।
৬. সালাতের সময় হওয়া।
৭. সালাতের নিয়ত করা।

সালাতের রোকন : সালাতের রোকন তথা ভিতরের ফরজ ৬টি। যথা-

১. তাকবিরে তাহরিমা বলা।
২. দাঁড়িয়ে সালাত আদায় করা।
৩. কেরাত পড়া।
৪. রুকু করা।
৫. সাজদা করা।
৬. শেষ বৈঠক করা।

সালাতের সংখ্যা ও রাকাত সংখ্যা : দৈনিক পাঁচ ওয়াক্ত সালাতে ১৭ রাকাত ফরজ সালাত আদায় করতে হবে। সালাতগুলো হলো–

১. জোহর – ৪ রাকাত (ফরজ)।
২. আসর – ৪ রাকাত (ফরজ)।
৩. মাগরিব – ৩ রাকাত (ফরজ)।
৪. এশা – ৪ রাকাত (ফরজ)।
৫. ফজর – ২ রাকাত (ফরজ)।

পাঁচ ওয়াক্ত সালাতের সময় : নিম্নে পাঁচ ওয়াক্ত সালাতের সময়ের বর্ণনা দেওয়া হলো।

১. ফজর : সুবহে সাদেক থেকে সূর্যোদয় পর্যন্ত ফজরের ওয়াক্ত।

২. জোহর : সূর্য পশ্চিম আকাশে ঢলার পর থেকে কোনো কিছুর মূল ছায়া ব্যতীত উহার ছায়া দ্বিগুণ হওয়া পর্যন্ত।

৩. আসর : জোহরের ওয়াক্ত শেষ হবার পর থেকে সূর্যাস্তের পূর্ব পর্যন্ত।

৪. মাগরিব : সূর্যাস্তের পর থেকে আকাশের লালিমা ডুবা পর্যন্ত।

৫. এশা : মাগরিবের ওয়াক্ত শেষ হওয়ার পর থেকে পশ্চিম সুবহে সাদেকের পূর্ব পর্যন্ত।

সালাতের হারাম ও মাকরুহ ওয়াক্ত : তিন সময়ে সালাত আদায় করা হারাম। আর তা হলো –

১. যখন সূর্য উদিত হয়, তা উপরে উঠার পূর্ব পর্যন্ত।
২. যখন সূর্য মাথার উপরে থাকে, যতক্ষণ না তা হেলে পড়ে।
৩. সূর্য যখন ডুবতে থাকে, যতক্ষণ না তা পূর্ণ অস্তমিত হয়।

চার সময় সালাত আদায় করা মাকরুহ। আর সে মাকরুহ সময়গুলো হলো-

১. সুবহে সাদিক ও ফজরের সালাতের মাঝে ২ রাকাত সুন্নাত ছাড়া আর কোনো সালাত আদায় করা মাকরুহ।

২. ফজরের ফরজের পর কোনো সালাত আদায় করা মাকরুহ, যতক্ষণ না সূর্য উঠে।

৩. আসরের ফরজের পর সূর্যাস্ত পর্যন্ত কোনো সালাত আদায় করা মাকরুহ।

৪. ঈদের সালাতের পূর্বে যেকোন স্থানে এবং ঈদের সালাতের পরে ইদগাহে নফল সালাত আদায় করা মাকরুহ।

আয়াতের শিক্ষা :

১. সালাত কায়েম করা ও সঠিক সময়ে আদায় করা ফরজ।

২. আল কুরআনে পাঁচ ওয়াক্ত সালাতের সময়ের কথা সংক্ষিপ্তভাবে বলা আছে।

৩. পূণ্যের মাধ্যমে পাপ দূর করা যায়।

৪. মুমিনদেরকে নেক কাজের প্রতি উৎসাহ দেওয়া হয়েছে।

৫. মানবজীবনে তাহাজ্জুদ সালাতের গুরুত্ব অনেক বেশি।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. تهجد শব্দটির باب কী ?

ক. نصر　　খ. ضرب

গ. تفعل　　ঘ. تفعيل

২. أقم الصلوة لدلوك الشمس বাক্যে الشمس তারকিবে কী হয়েছে ?

ক . مضاف　　খ. مضاف إليه

গ. مجرور　　ঘ. بيان

৩. الصلاة এর শাব্দিক অর্থ হলো–

i. দোআ　　ii. রহমত

iii. এসতেগফার

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　　খ. i ও iii

গ. ii ও iii　　ঘ. i, ii ও iii

৪. জান্নাতের চাবি কোনটি ?

ক. সালাত　　খ. সাওম

গ. জাকাত　　ঘ. হজ্ব

৫. সালাতের রোকন কয়টি ?

ক. ৫টি　　খ. ৬টি

গ. ৭টি　　ঘ. ৮টি

খ. সৃজনশীল প্রশ্ন :

রাতভর গভীর ঘুমে নিমগ্ন থাকার পর তাওকির সকালে সালাত আদায় করতে উঠলো। সে ২ রাকাত সালাতের নিয়ত করল, কিন্তু ১ রাকাত পড়ার পর সূর্য উঠে গেল।

ক. সকালের সালাতের নাম কী ?

খ. সালাত ফরজ হওয়ার শর্তাবলি বুঝিয়ে লেখ।

গ. তাওকিরের কাজটি ইসলামের দৃষ্টিতে মূল্যায়ন কর।

ঘ. তাওকিরের করণীয় সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর।

২য় পাঠ

সাওম

সাওম ইসলামের একটি গুরুত্বপূর্ণ ইবাদত। এতে দেহ ও মন রোগব্যাধি ও কুরিপুর আক্রমণ হতে মুক্তি লাভ করে। তাইতো প্রতিবছর ১মাস সাওম পালন করা এই উম্মতের উপর ফরজ করে দেওয়া হয়েছে। অসুস্থ ও মুসাফির ব্যক্তির ক্ষেত্রে অবশ্য এ নির্দেশ কিছুটা শিথিল করা হয়েছে। যেমন ইরশাদ হচ্ছে–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াত	অনুবাদ
١٨٣- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ.	১৮৩.হে মুমিনগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেয়া হলো, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগণকে দেয়া হয়েছিল, যাতে তোমরা মুত্তাকি হতে পার।
١٨٤- اَيَّامًا مَّعْدُوْدٰتٍ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ وَعَلَى الَّذِيْنَ يُطِيْقُوْنَهٗ فِدْيَةٌ طَعَامُ مِسْكِيْنٍ ؕ فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَّهٗ ؕ وَاَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ. (سورة البقرة : ١٨٣-١٨٤)	১৮৪. সিয়াম নির্দিষ্ট কয়েক দিনের। তোমাদের মধ্যে কেউ পীড়িত হলে বা সফরে থাকলে অন্য সময় এই সংখ্যা পূরণ করে নিতে হবে। এটা যাদেরকে আতিশয় কষ্ট দেয় তাদের কর্তব্য ফিদইয়া-একজন অভাবগ্রস্থকে খাদ্য দান করা। যদি কেউ স্বতঃস্ফূর্তভাবে সৎকাজ করে তবে এটা তার পক্ষে অধিক কল্যাণকর। আর সিয়াম পালন করাই তোমাদের জন্য অধিকতর কল্যাণপ্রসূ যদি তোমরা জানতে। (সুরা বাকারা, ১৮৩-১৮৪)

تحقيقات الألفاظ (শব্দ বিশ্লেষণ):

كتب : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي مثبت مجهول বাব نصر মাসদার الكتابة মাদ্দাহ ك + ت + ب জিনস صحيح অর্থ- লিখে দেওয়া হয়েছে।

تتقون : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব افتعال মাসদার الاتقاء মাদ্দাহ و + ق + ي জিনস لفيف مفروق অর্থ- তোমরা ভয় করো।

معدودات : ছিগাহ جمع مؤنث বাহাছ اسم مفعول বাব نصر মাসদার العد মাদ্দাহ ع + د + د জিনস مضاعف ثلاثي অর্থ- গণনাকৃত।

يطيقونه : এখানে ه শব্দটি ضمير منصوب متصل ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت বাব إفعال মাসদার الإطاقة মাদ্দাহ ط + و + ق জিনস أجوف واوي অর্থ- তারা উহার ক্ষমতা রাখে।

تطوع : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব تفعل মাসদার التفعل মাদ্দাহ ط + و + ع জিনস أجوف واوي অর্থ- সে সেচ্ছায় করে।

أن تصوموا : أن শব্দটি মাসদারিয়া। ছিগাহ جمع مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব نصر মাসদার الصوم মাদ্দাহ ص+و+م জিনস أجوف واوي অর্থ- তোমরা সাওম রাখ।

তারকিব :



মূলবক্তব্য:

আত্মশুদ্ধির শ্রেষ্ঠ মাধ্যম হলো সাওম। পূর্ববর্তী উম্মতের ন্যায় এ উম্মতের উপরও সাওম ফরজ করা হয়েছে। তবে মাত্র কয়েকদিনের জন্য। তদুপরি অসুস্থ এবং মুসাফিরদের কষ্ট আর অতিবৃদ্ধদের অপারগতার কথা চিন্তা করে হুকুমের ক্ষেত্রে কিছুটা ব্যাপকতা ও শিথিলতা দেওয়া হয়েছে। এ কথাই আলোচনা করা হয়েছে বক্ষ্যমাণ আয়াতে।

শানে নুজুল :

আল্লামা ইবনে জারির তবারি র. স্বীয় তাফসির গ্রন্থ جامع البيان এ বর্ণনা করেছেন, মুয়াজ বিন জাবাল (رضي الله عنه) বলেন, রসুল (ﷺ) প্রথম যখন মদিনায় আসলেন তখন আশুরার সাওম ও প্রতিমাসের ৩টি সাওম (১৩, ১৪ ও ১৫ তারিখ) রাখতেন। অতঃপর ২য় বছরেই আল্লাহ তাআলা يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ থেকে فدية طعام مسكين পর্যন্ত নাজিল করলেন। এতে যে ইচ্ছা সাওম রাখলো, যে ইচ্ছা সাওম ভঙ্গ করে মিসকিন কে খানা খাওয়ালো। অতঃপর কিছুদিন পর আল্লাহ তাআলা খানা খাওয়ানোর বিধান বৃদ্ধদের জন্য জারি রেখে সুস্থ মুকিমদের জন্য সাওম পালন ফরজ করে নাজিল করলেন– فمن شهد منكم الشهر فليصمه..الخ (তবারি, দুররে মানছুর)

টীকা :

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ : হে ইমানদারগণ! তোমাদের উপর সাওম ফরজ করা হয়েছে। এ আয়াত দ্বারা উম্মতে মুহাম্মদির উপর সাওম ফরজ করা হয়েছে। হাদিস শরিফে আছে, ইসলাম ৫টি ভিত্তির উপর প্রতিষ্ঠিত। যথা-

১. এ সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই এবং হজরত মুহাম্মদ (ﷺ) তার রসুল।

২. সালাত কায়েম করা।

৩. জাকাত প্রদান করা।

৪. সাওম পালন করা এবং

৫. হজ্ব আদায় করা। (বুখারি) সুতরাং বুঝা গেল, সাওম ইসলামের ভিত্তিমূলক একটি ইবাদত। যা ধনী, গরিব সকলের উপরই ফরজ।

صوم (সাওম) এর পরিচয় :

صوم শব্দটি মাসদার। এর আভিধানিক অর্থ হলো – الإمساك عن الشيء কোনো কিছু হতে বিরত থাকা, الترك পরিত্যাগ করা।

পরিভাষায় সাওম হলো-

هو الإمساك عن الطعام والشراب والجماع مع النية من طلوع الفجر إلى غروب الشمس .

অর্থাৎ, সাওমের নিয়তে ফজরের উদয় হতে সূর্যাস্ত পর্যন্ত পানাহার এবং স্ত্রী সম্ভোগ হতে বিরত থাকাকে সাওম বলে। (روائع البيان)

সাওমের রোকন :

সাওমের রোকন হলো ১টি। যথা – সাওম ভংগ হয় এমন কাজ পরিহার করা।

সাওমের শর্ত : সাওমের শর্ত তিন প্রকার । যথা–

১. সাওম ফরজ হওয়া শর্ত : এ প্রকার শর্ত ৩টি । যথা–

(ক) মুসলমান হওয়া।

(খ) জ্ঞানবান হওয়া।

(গ) বালেগ হওয়া।

২. সাওম আদায় ফরজ হওয়ার শর্ত : এ প্রকার শর্ত ২টি । যথা–

ক. সুস্থ হওয়া।

খ. মুকিম হওয়া।

৩. সাওম আদায় শুদ্ধ হওয়ার শর্ত : এ প্রকার শর্ত ২টি। যথা –

ক. হায়েজ ও নিফাস হতে পবিত্র হওয়া।

খ. নিয়ত করা।

বি: দ্র: মনে মনে আগামী দিনের সাওমের সংকল্প করাই নিয়ত। মুখে বলা মুস্তাহাব। সাহরি খাওয়া নিয়তের স্থলাভিষিক্ত হবে যদি খাওয়ার সময় অন্য নিয়ত না থাকে। নিয়ত অবশ্যই কমপক্ষে দুপুরের আগে করতে হবে। তবে কাজা সাওম হলে নিয়ত রাতেই করা শর্ত।

(كتاب الفقه على المذاهب الأربعة)

সাওমের প্রকারভেদ : সাওম মোট ৬ প্রকার। যথা–

(১) ফরজ সাওম। যেমন রমজানের সাওম (আদায় ও কাজা)

(২) ওয়াজিব সাওম। যেমন মানতের সাওম, কাফফারার সাওম ও নফল সাওম ভঙ্গ করলে তার কাজা।

(৩) সুন্নত সাওম। যেমন, আশুরার সাওম।

(৪) মুস্তাহাব সাওম। যেমন, আইয়্যামে বিজের সাওম। প্রতি সপ্তাহে সোম ও বৃহস্পতিবারের সাওম, শাওয়ালের ৬ সাওম, আরাফাতের দিনের সাওম (যারা হজ্জ করছে না তাদের জন্য)

(৫) মাকরুহ সাওম। যেমন, শুধু শনিবার সাওম পালন করা এবং সাওমে বেছাল রাখা।

(৬) হারাম সাওম। যেমন, দুই ইদের দিনের সাওম এবং কোরবানির ইদের পরের তিন দিনের সাওম।

(الفقه الميسر)

সাওমের ঐতিহাসিক প্রেক্ষাপট:

হজরত মুজাহিদ র. বলেন, كتب الله صوم شهر رمضان على كل أمة অর্থাৎ, আল্লাহ তাআলা সকল উম্মতের উপরই রমজানের সাওম ফরজ করেছেন। (রুহুল মাআনি) সে ধারাবাহিকতায় যখন ইহুদিদের উপর রমজানের সাওম ফরজ করা হলো, তখন তারা ভ্রান্ত হয়ে উহা পরিত্যাগ করলো এবং এর পরিবর্তে আশুরার দিন এবং প্রত্যেক মাসে তিন দিন করে সাওম নিজেদের উপর চাপিয়ে নিল। (কুরতুবি ও আলুসি) এভাবে নাসারাদের উপরও রমজানের সাওম ফরজ করা হয়েছিল। (কুরতুবি) ইমাম গাজালি র. বলেন, নাসারাদের সাওম সন্ধ্যারাত থেকে শুরু করে পরের দিন সন্ধ্যা পর্যন্ত পালন করতে হতো। কিন্তু সাওম বেশি হওয়ায় কষ্ট হেতু দিন দিন তারা উহা পরিত্যাগ করে করে ভ্রষ্ট হলো। অতঃপর মুসলমানদের উপর প্রথমত আশুরার সাওম ও প্রতিমাসে তিনটি করে সাওম ফরজ করা হয়েছিল। এ সাওম নাসারাদের সাওমের মতো এক সন্ধ্যা হতে পরবর্তী সন্ধ্যা পর্যন্ত রাখতে হত। কেউ একবার ঘুমিয়ে পড়লে পরবর্তীদিন সন্ধ্যা ছাড়া আর পানাহার করা যেত না। অতঃপর ২য় হিজরির শাবান মাসে রমজানের সাওম ফরজ করা হলে আশুরা ও প্রতিমাসের তিন দিনের সাওম মানসুখ হয়ে গেল। তবে রমজানের সাওম ফরজ করার প্রথম দিকে সাওম ও ফেদিয়া প্রদানের মাঝে এখতিয়ার ছিল। যে ইচ্ছা সাওম রাখতো, আবার যে ইচ্ছা মিসকিনকে খাবার দিয়ে সাওম ভঙ্গ করত। কিছুকাল পরে ফিদিয়া প্রদানের বিধান কেবল সাওম রাখতে অক্ষম বৃদ্ধদের জন্য বাকি রেখে অবশিষ্ট সকলের জন্য রমজানের সাওম পালন বাধ্যতামূলক করা হলো। সাওমের সময়সীমা কমিয়ে ফজর হতে সন্ধ্যা পর্যন্ত করা হলো। (কুরতুবি)

তখন নাজিল হলো-

وَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الْفَجْرِ ثُمَّ أَتِمُّوا الصِّيَامَ إِلَى اللَّيْلِ

অতঃপর মুসলমানদের সাওমের পরিমাণ ও সময়সীমা সব চূড়ান্ত হলো। ইহাই সাওমের ঐতিহাসিক প্রেক্ষাপট।

لعلكم تتقون :

যাতে তোমরা বাঁচতে পারো বা যাতে তোমরা মুত্তাকি হতে পারো। এ আয়াতাংশে সাওম ফরজ করার হিকমত বর্ণনা করা হয়েছে। অর্থাৎ, সাওম তার পালনকারীকে পাপ থেকে বাঁচানোর মাধ্যমে জাহান্নাম থেকে বাঁচায়। হাদিস শরিফে আছে الصوم جنة ما لم يخرقها قيل بما يخرقها ؟ قال بكذب أو غيبة অর্থাৎ, রসুল (ﷺ) বলেন, সাওম (জাহান্নাম হতে) ঢাল স্বরূপ। যতক্ষণ সাওম পালনকারী উহাকে না ছিদ্র করে। বলা হলো উহাকে কিসে ছিদ্র করে? তিনি বললেন, মিথ্যা কথা ও গিবত।

অথবা আয়াতাংশের অর্থ হবে- যাতে তোমরা মুত্তাকি হতে পারো। কেননা, সাওম মানুষের শাহওয়াত তথা জৈবিক শক্তিকে দুর্বল করে। ফলে গুনাহ কমে যায় এবং ব্যক্তিকে মুত্তাকি হতে সাহায্য করে। সাওম দ্বারা তাকওয়া অর্জন ছাড়াও এর অনেক ফজিলত রয়েছে।

সাওমের ফজিলত :

(১) আবু হুরায়রা (رضي الله عنه) হতে বর্ণিত হাদিসে রসুল (ﷺ) বলেন–

من صام رمضان إيمانا و احتسابا غفر له ما تقدم من ذنبه (رواه البخاري ومسلم)

যে ব্যক্তি ইমানের সাথে ও সাওয়াবের আশায় রমজানের সাওম রাখবে তার পিছনের গুনাহ মাফ করে দেওয়া হবে। (বুখারি ও মুসলিম)

রুগ্ন ব্যক্তি ও মুসাফিরের সাওম :

যদি কোনো রুগ্ন ব্যক্তি সাওম পালন করার কারণে তার রোগ বৃদ্ধি পাওয়ার আশংকা থাকে তাহলে সে সাওম ভঙ্গ করতে পারবে। তবে অবশ্যই পরে আদায় করতে হবে। আর মুসাফির ব্যক্তি সফর অবস্থায় সাওম না রেখে পরে কাজা করে নিতে পারবে। তবে সফর যদি কষ্টকর না হয় তাহলে সাওম পালন করা উত্তম। স্মর্তব্য যে, সফর অবশ্যই শরয়ি সফর হতে হবে।

ফেদিয়ার পরিমাণ :

ফেদিয়া এর পরিমাণ সম্পর্কে ইমাম আবু হানিফা ও ইবনে আব্বাস (رضي الله عنه) বলেন, প্রত্যেকটি ফেদিয়া একটি ফিতরার সমান। অর্থাৎ, প্রত্যেক দিন ১ সা খেজুর বা অর্ধ সা গম ফেদিয়া হিসেবে প্রদান করতে হবে।

আয়াতের শিক্ষা :

১. পূর্ববর্তী উম্মতরাও সাওম রেখেছেন।
২. সাওম দ্বারা তাকওয়া অর্জিত হয়।
৩. স্বেচ্ছায় নফল কাজ করা উত্তম।
৪. অসুস্থ ও মুসাফির সাওম না রাখলে তা পরে আদায় করে নিবে।
৫. যে অসুস্থ ব্যক্তি সুস্থ হওয়ার আশা ছেড়ে দিয়েছে তার জন্য فدية দেওয়া ওয়াজিব।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১। সাওমের মূল লক্ষ্য কী ?

ক. খাদ্য সাশ্রয় করা
খ. পারিবারিক খরচ কমানো
গ. আত্মশুদ্ধি করা।
ঘ. স্বাস্থ্য কমানো।

২। الصوم এর অর্থ হলো–

i. الإمساك
ii. الترك
iii. الشرب

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৩। সাওম ফরজ হওয়ার শর্ত কয়টি ?

ক. ২টি
খ. ৩টি
গ. ৪টি
ঘ. ৫টি

৪। সাওমের বিধান কত হিজরিতে চালু হয় ?

ক. ১ম
খ. ২য়
গ. ৩য়
ঘ. ৪র্থ

৫। সাওমের নিয়ত করার হুকুম কী ?

ক. فرض
খ. واجب
গ. سنة
ঘ. مستحب

খ. সৃজনশীল প্রশ্নঃ

মারুফ ও জসিম দুই বন্ধু ঢাকা থেকে নাইট কোচে কক্সবাজারের উদ্দেশে ৭ দিনের সফরে রওয়ানা হলো। কক্সবাজার যাওয়ার পর সাওমের চাঁদ দেখা গেলে মারুফ সাওম রাখল। কিন্তু জসিম সাওম রাখল না। ফলে মারুফ তার বন্ধুকে গোনাহগার বলল।

ক. الصوم কত প্রকার ?

খ. الصوم এর পরিচয় বুঝিয়ে লেখ।

গ. জসিমের সাওম না রাখার বিষয়টা শরিয়তের দৃষ্টিতে মূল্যায়ন কর।

ঘ. তুমি কি মারুফের মন্তব্যের সাথে একমত ? তোমার মতামত বুঝিয়ে লেখ।

৩য় পাঠ

জাকাত

জাকাত ইসলামি সমাজের অর্থনীতির মৌলিক উৎস এবং ইসলামের অন্যতম স্তম্ভ। সম্পদকে পবিত্র করতে, মনকে কৃপণতা থেকে মুক্ত রাখতে, গরিবকে সাহায্য করতে এবং পরকালের সম্বল জোগাড় করতে জাকাতের ভূমিকা অপরিসীম। এ সম্পর্কে কুরআনি ফরমান হলো–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াত	অনুবাদ
وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَمَا تُقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ مِّنْ خَيْرٍ تَجِدُوْهُ عِنْدَ اللّٰهِ اِنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ. (سورة البقرة:١١٠)	১১০. তোমরা সালাত কায়েম কর ও জাকাত দাও। তোমরা উত্তম কাজের যা কিছু নিজেদের জন্য পূর্বে প্রেরণ করবে আল্লাহর নিকট তা পাবে। তোমরা যা কর আল্লাহ তার দ্রষ্টা। (সুরা বাকারা, ১১০)
خُذْ مِنْ اَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيْهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ط اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ ط وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ (سورة التوبة:١٠٣)	১০৩. তাদের সম্পদ হতে 'সাদাকা' গ্রহণ করবে। এর দ্বারা তুমি তাদেরকে পবিত্র করবে এবং পরিশোধিত করবে। তুমি তাদেরকে দোয়া করবে। তোমার দোয়া তো তাদের জন্য চিত্ত স্বস্তিকর। আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (সুরা তাওবা–১০৩)

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

أقيموا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব إفعال মাসদার الإقامة মাদ্দাহ ق + و + م জিনস أجوف واوي অর্থ- তোমরা প্রতিষ্ঠা কর।

وآتوا : শব্দটি حرف عطف ছিগাহ جمع مذكر حاضر বাহাছ إفعال বাব أمر حاضر معروف মাসদার الإيتاء মাদ্দাহ ي + ت + ء জিনস مركب অর্থ- তোমরা আদায় করো।

وما تقدموا : و শব্দটি حرف عطف আর ما শব্দটি اسم جازم ছিগাহ جمع مذكر حاضر বাহাছ صحيح জিনস ق + د + م মাদ্দাহ التقديم মাসদার تفعيل বাব مضارع مثبت معروف অর্থ- তোমরা যা আগে পাঠাও।

تعملون : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব سمع মাসদার العمل মাদ্দাহ ل + م + ع জিনস صحيح অর্থ- তোমরা আমল করো।

بصير : ছিগাহ اسم فاعل مبالغة বাহাছ واحد مذكر এটি আল্লাহ তাআলার একটি নাম। অর্থ সর্বদ্রষ্টা।

خذ : ছিগাহ واحد مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব نصر মাসদার الأخذ মাদ্দাহ أ + خ + ذ জিনস مهموز فاء অর্থ- আপনি গ্রহণ করুন।

تطهرهم : هم শব্দটি ضمير منصوب متصل ছিগাহ واحد مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব تفعيل মাসদার التطهير মাদ্দাহ ر + ه + ط জিনস صحيح অর্থ- আপনি তাদেরকে পবিত্র করবেন।

وتزكيهم : و শব্দটি حرف عطف এবং هم শব্দটি ضمير منصوب متصل ছিগাহ واحد مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব تفعيل মাসদার التزكية মাদ্দাহ ي + ك + ز জিনস ناقص يائي অর্থ- আর আপনি তাদেরকে পরিশুদ্ধ করবেন।

وصل : و শব্দটি حرف عطف ছিগাহ واحد مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব تفعيل মাসদার الصلاة মাদ্দাহ و + ل + ص জিনস ناقص واوي অর্থ- আর আপনি দোআ করুন।

سميع : ছিগাহ واحد مذكر বাহাছ صفة مشبهة মাসদার السمع মাদ্দাহ ع + م + س জিনস صحيح অর্থ- সর্বশ্রোতা।

عليم : ছিগাহ واحد مذكر বাহাছ صفة مشبهة মাসদার العلم মাদ্দাহ م + ل + ع জিনস صحيح অর্থ- সর্বজ্ঞানী।

তারকিবঃ



মূল বক্তব্য :

আলোচ্য পাঠের সংশ্লিষ্ট আয়াতে কারিমাগুলোর সারমর্ম হলো–জাকাত আল্লাহ তাআলার মহান আদেশ। ইহা আদায় করলে পরকালে তার সাওয়াব পাওয়া যাবে। সে পুরস্কারটা হবে অতি মহান। তাই শাসকবর্গের কর্তব্য হলো জনগণের নিকট থেকে জাকাত আদায় করা এবং জনগণের কর্তব্য হলো- আল্লাহ ও তার রসুলের আনুগত্য প্রকাশার্থে ইখলাসের সাথে জাকাত প্রদান করা। কেননা, এটাই সঠিক দীনদারি।

টীকা :

وما تقدموا لأنفسكم من خير تجدوه .... الخ :

সুরা বাকারার ১১০ নং আয়াতে বলা হয়েছে, তোমরা সালাত কায়েম কর, জাকাত দাও আর যে ভালো কাজ তোমরা পূর্বে প্রেরণ করবে তা অবশ্যই আল্লাহর নিকট পাবে। আল্লাহ তাআলা সৎ কর্মীদের প্রতিদান বিনষ্ট করেন না। তাই আমাদের বেশি বেশি নেক কাজ করে আখেরাতের ভাণ্ডারকে সমৃদ্ধশালী করা উচিত। কেননা, হাদিসে বলা হয়েছে, যা তুমি আগে পাঠিয়ে দিবে সেটা তোমার সম্পদ। আর যা রেখে যাবে তা তোমার ওয়ারিশদের সম্পদ। তাই আমাদের সৎ ও সুন্দর জীবন গঠন করা উচিত। যেমন আল্লাহ তাআলা বলেছেন–

يَا أَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ.

হে মু'মিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর; প্রত্যেকেই ভেবে দেখুক আগামী কালের জন্য সে কী অগ্রিম পাঠিয়েছে।

জাকাত এর পরিচয় :

তাফসিরে রুহুল মায়ানিতে বলা হয়েছে, জাকাত শব্দটি অভিধানে বৃদ্ধি পাওয়া এবং পবিত্র হওয়া অর্থে ব্যবহৃত হয়েছে। কেননা, জাকাত দিলে সম্পদের বরকত বৃদ্ধি পায় এবং উহা সম্পদ কে ময়লা হতে আর আত্মাকে কৃপণতা হতে পবিত্র রাখে।

পরিভাষায়- বিশেষ শর্ত সাপেক্ষে নিয়ম অনুযায়ী সম্পদের নির্ধারিত অংশ তার হকদারের মালিকানায় দিয়ে দেওয়াকে জাকাত বলে।

জাকাতের হুকুম :

জাকাত ইসলামের ৫টি রোকনের একটি। নিয়ম অনুযায়ী জাকাত দেওয়া ফরজে আইন। এটি হিজরি ২য় সনে ফরজ হয়। ফরজ হওয়ার ব্যাপারে কুরআন, সুন্নাহ ও ইজমার দলিল বিদ্যমান রয়েছে। জাকাত অস্বীকারকারী কাফের।

জাকাত ফরজ হওয়ার শর্তাবলি :

জাকাত ফরজ হওয়ার জন্য নিম্নোক্ত শর্তাবলি থাকা আবশ্যক।

১. মুসলমান হওয়া।
২. স্বাধীন হওয়া।
৩. বালেগ হওয়া।
৪. জ্ঞানবান হওয়া।
৫. পূর্ণাঙ্গ মালিকানা থাকা।
৬. মালের নেসাব পূর্ণ হওয়া।
৭. মাল মৌলিক প্রয়োজনীয় না হওয়া।
৮. ঋণগ্রস্ত ব্যক্তির ঋণবাদে নিসাব পরিমান সম্পদের মালিক হওয়া।
৯. মাল বর্ধনশীল হওয়া।
১০. হিজরি বর্ষ পূর্ণ হওয়া।

জাকাত আদায় শুদ্ধ হওয়ার শর্ত:

জাকাত আদায় শুদ্ধ হওয়ার জন্য নিয়ত শর্ত। সুতরাং হাদিয়া বা দানের নিয়তে কাউকে কোন কিছু দেয়ার পর গ্রহিতা তা ব্যয় করে ফেললে তখন যাকাতের নিয়ত করা যাবে না। তবে মনে মনে যাকাতের নিয়তে কোন অভাবী ব্যক্তিকে উপহার হিসেবে যাকাতের মাল দিলে যাকাত আদায় হবে।

যে সকল মালে জাকাত ফরজ হয় :

পাঁচ প্রকার মালে জাকাত ফরজ হয়। যথা :

১। গৃহ পালিত পশু,
২। স্বর্ণ– রৌপ্য বা নগদ অর্থ,
৩। ব্যবসায়ের পণ্য
৪। খনিজ সম্পদ
৫। ফল ও ফসল।

নেসাবের পরিমাণ :

স্বর্ণের নেসাব হয় ৭.৫ ভরি হলে। রৌপ্যের নেসাব হয় ৫২.৫ ভরি হলে, গরু কমপক্ষে ৩০ টি, ছাগল কমপক্ষে ৪০টি এবং উট কমপক্ষে ৫টি হলে নেসাব হয়। আর ফসল ওশরি জমিতে হলে তাতে ওশর তথা $\frac{১}{১০}$ অংশ প্রদান করা ওয়াজিব হয়।

জাকাতের পরিমাণ :

স্বর্ণ–রৌপ্য, নগদ অর্থ বা ব্যবসায়িক পণ্যের ক্ষেত্রে জাকাতের পরিমাণ শতকরা ২.৫ ভাগ। ফসল বৃষ্টির পানিতে হলে ১০ %, সেচ দিয়ে হলে ৫% ওয়াজিব।

জাকাতের মাহাত্ম্য ও গুরুত্ব :

ইসলামে জাকাতের মাহাত্ম্য ও গুরুত্ব অপরিসীম। ধনীদের জন্য বিশেষ শর্ত সাপেক্ষে জাকাত দেওয়া ফরজে আইন। আল্লাহ তাআলা পবিত্র কুরআনের ১৯টি সুরার ৩২ স্থানে সরাসরি জাকাত শব্দ উল্লেখ করেছেন। ইসলামে জাকাতের গুরুত্ব এতই বেশি যে, তা পরিত্যাগকারীর বিরুদ্ধে কুরআন ও হাদিসে আখেরাতে শাস্তির ঘোষণা উল্লেখিত হয়েছে। রসুল (ﷺ) বলেন, যাকে আল্লাহ তাআলা সম্পদ দিয়েছেন, কিন্তু সে তার জাকাত আদায় করে না, উক্ত মালকে কিয়ামতের দিন তার জন্য বিষধর সাপে পরিণত করা হবে, যার চোখের উপর কালো দাগ পড়ে গেছে, অতঃপর উক্ত সাপ স্বীয় চোয়ালদ্বয় দ্বারা তাকে কামড় মারবে এবং বলতে থাকবে আমি তোমার ধনভাণ্ডার, আমি তোমার মাল।(বুখারি)

এহেন গুরুত্বের কারণে জাকাতকে ইসলামের পঞ্চম স্তম্ভের অন্যতম একটি নির্দিষ্ট করা হয়েছে।

জাকাত বণ্টনের খাতসমূহ :

এ প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন–

إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِيْنِ وَالْعَامِلِيْنَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوْبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْغَارِمِيْنَ وَفِيْ سَبِيْلِ اللهِ وَابْنِ السَّبِيْلِ فَرِيْضَةً مِّنَ اللهِ وَاللهُ عَلِيْمٌ حَكِيْمٌ (سورة التوبة:٦٠)

আয়াত দ্বারা বুঝা যায় জাকাত পাওয়ার হকদার ৮ শ্রেণি। যথা–

১. ফকির।
২. মিসকিন।
৩. জাকাত আদায়কারী।
৪. যাদের চিত্ত আকর্ষণ প্রয়োজন তাদেরকে।
৫. দাস মুক্তির জন্যে।

৬. ঋণে জর্জরিতদের জন্য।
৭. আল্লাহর পথে।
৮. অভাবগ্রস্থ মুসাফির

যে সব লোকদের জাকাত দেওয়া যাবে না :

১. নিজ সন্তান, সন্তানের সন্তান যত অধঃস্থন হোক।
২. নিজ পিতা, মাতা ও দাদাকে যত উর্ধ্বতন হোক।
৩. নিজ স্ত্রীকে।
৪. নিজ স্বামীকে।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. জাকাত আদায় করা ফরজ।
২. জাকাত প্রদান করা মুমিনের অন্যতম গুণ।
৩. জাকাত আদায় করাই সঠিক ধর্মীয় কাজ।
৪. জাকাত বণ্টনের খাত ৮টি ।
৫. জাকাত উসুল করা খলিফার দায়িত্ব।
৬. জাকাত আদায়কারীর জন্য আখেরাতে আছে মহাপুরস্কার।

অনুশীলনী

(ক) বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১। জাকাত কত হিজরিতে ফরজ হয় ?

ক. ২য়　　খ.৩য়
গ. ৪র্থ　　ঘ. ৫ম

২। কত প্রকার মালে জাকাত আবশ্যক ?

ক. ৪ প্রকার　　খ. ৫ প্রকার
গ. ৬ প্রকার　　ঘ. ৭ প্রকার

৩। স্বর্ণের জাকাত কি পরিমাণ দিতে হয় ?

ক. ২.৫%　　　　খ. ৫%

গ. ১০%　　　　ঘ. ২০%

৪। জাকাতের নেসাব হলো-

i. স্বর্ণ ৭.৫ ভরি　　　　ii. গরু ১০০টি

iii. উট ৫টি

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　　　　খ. i ও iii

গ. ii ও iii　　　　ঘ. i, ii ও iii

৫। কুরআনের কত স্থানে زكوة শব্দটি আছে ?

ক. ৩০　　　　খ. ৩২

গ. ৩৫　　　　ঘ. ৪০

(খ) সৃজনশীল প্রশ্ন :

আব্দুল করিম একজন ধনী ব্যবসায়ী। বছর শেষে এলাকার লোকজনকে দাওয়াত করে খাইয়ে দিল এবং প্রত্যেককে একখানা করে জাকাতের কাপড় উপহার দিল।

ক. الزكوة শব্দের অর্থ কী ?

খ. কার উপর জাকাত ওয়াজিব বুঝিয়ে লেখ।

গ. আব্দুল করিমের কাজটি শরিয়তের দৃষ্টিতে বিচার কর?

ঘ. আব্দুল করিমের দায়িত্ব সম্পর্কে তোমার মতামত তোমার পাঠ্যবইয়ের আলোকে লিপিবদ্ধ কর।

৩য় পরিচ্ছেদ

আখলাক

ক. আখলাকে হাসানা বা সৎ চরিত্র

১ম পাঠ : তাকওয়া

মানব জীবনে তাকওয়ার গুরুত্ব অপরিসীম। দুনিয়ায় সুন্দর জীবন যাপন এবং আখেরাতে মুক্তির জন্য তাকওয়ার গুরুত্ব অনেক। অধিক পরহেযগার ব্যক্তি আল্লাহর নিকট অধিক মর্যাদাবান। মানুষের উচিত মুত্তাকি বা পরহেজগার হওয়ার জন্য নিরন্তর সাধনা করা। এ সম্পর্কে কুরআনি ফরমান হলো–

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
২৯. হে মুমিনগণ, যদি তোমরা আল্লাহকে ভয় কর তবে আল্লাহ তোমাদেরকে ন্যায়-অন্যায় পার্থক্য করার শক্তি দিবেন, তোমাদের পাপ মোচন করবেন এবং তোমাদেরকে ক্ষমা করবেন এবং আল্লাহ অতিশয় মঙ্গলময়। (সুরা আনফাল–২৯)	٢٩-يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تَتَّقُوا اللهَ يَجْعَلْ لَّكُمْ فُرْقَانًا وَّيُكَفِّرْ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَيَغْفِرْ لَكُمْ وَاللهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ. (سورة الأنفال:٢٩)

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

امنوا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব إفعال মাসদার الإيمان মাদ্দাহ أ + م + ن জিনস مهموز فاء অর্থ- তারা ইমান এনেছে।

تتقون : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব افتعال মাসদার الاتقاء মাদ্দাহ و + ق + ي জিনস لفيف مفروق অর্থ- তোমরা বেঁচে থাকবে।

يجعل : ছিগাহ واحد مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব فتح মাসদার الجعل মাদ্দাহ ج + ع + ل জিনস صحيح অর্থ- সে করবে।

يكفِّر : ছিগাহ غائب مذكر واحد বাহাছ مضارع مثبت معروف বাব تفعيل মাসদার التكفير মাদ্দাহ ر + ف + ك জিনস صحيح অর্থ- তিনি মিটিয়ে দিবেন।

يغفر : ছিগাহ غائب مذكر واحد বাহাছ مضارع مثبت معروف বাব ضرب মাসদার المغفرة মাদ্দাহ ر + ف + غ জিনস صحيح অর্থ- তিনি ক্ষমা করে দিবেন।

عظيم : ছিগাহ واحد مذكر বাহাছ اسم فاعل বাব كرم يكرم মাসদার العظمة মাদ্দাহ ع + ظ + م জিনস صحيح অর্থ- অতি মহান।

তারকিব :



মূলবক্তব্য :

আলোচ্য আয়াতে আল্লাহ তাআলা ইমানদারদেরকে তাকওয়ার গুণে গুণান্বিত হয়ে তাকওয়ার সুফল ভোগ করার কথা বলেছেন। তাকওয়ার দ্বারা অপরাধ ও গুনাহ ক্ষমা হয়। কারণ, আল্লাহ মহা অনুগ্রহশীল।

তাকওয়ার পরিচয় :

তাকওয়া মানে ভয় করা, বিরত থাকা, পরহেজগারিতা, বর্জন করা এবং যে কোনো রকম অনিষ্ট বা ক্ষতি থেকে নিজেকে রক্ষা করা।

পরিভাষায় – التقوى هو امتثال أوامر الله والاجتناب عن نواهيه

অর্থাৎ, আল্লাহ তাআলার আদেশসমূহ পালন করা ও তাঁর নিষেধসমূহ বর্জন করাকে তাকওয়া বলে।

তাকওয়া অর্জনের উপায়সমূহ :

১. সাওম বা রোজা পালন করা। যেমন : আল্লাহ বলেন,

يَـٰٓأَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ

অর্থাৎ, হে মুমিনগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেয়া হলো, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগণকে দেয়া হয়েছিল, যাতে তোমরা মুত্তাকি হতে পার।

২. ন্যায় বিচার করা। যেমন : আল্লাহ বলেন إِعْدِلُوْا هُوَ أَقْرَبُ لِلتَّقْوٰى

অর্থাৎ, সুবিচার করবে, এটা তাকওয়ার নিকটতর।

৩. সন্দেহযুক্ত বিষয় বা জিনিস বর্জন করা। যেমন: ইবনে ওমর (رضي الله عنه) বলেন,

لَا يَبْلُغُ الْعَبْدُ حَقِيْقَةَ التَّقْوٰى حَتّٰى يَدَعَ مَا حَاكَ فِي الصَّدْرِ

কোনো ব্যক্তি যতক্ষণ তার মনে যা খটকা বাধে তা পরিত্যাগ না করে, ততক্ষণ পর্যন্ত তাকওয়ার শীর্ষে পৌছাতে পারে না।

৪. কুরআন তেলাওয়াত ও অধ্যয়ন।

৫. সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ।

৬. সকল ইবাদতে নিয়তের বিশুদ্ধতা নিশ্চিত করা

৭. মৃত্যুকে স্মরণ করা এবং আল্লাহর কথা স্মরণ ও ধ্যান করা

৮. জাকাত আদায়।

৯. হজ্ব পালন।

১০. অধিক সম্পদ অর্জনের নেশা থেকে বিরত থাকা।

১১. পাঁচ ওয়াক্ত সালাত যথানিয়মে যথাসময়ে আদায় করা।

১২. সৃষ্টি নিয়ে গবেষণা করা ইত্যাদি।

مراتب التقوى বা তাকওয়ার স্তরসমূহ :

আল্লামা কাজি নাসিরুদ্দিন বায়জাবি রহ. তাকওয়ার তিনটি স্তরের কথা উল্লেখ করেছেন। যথা-

১. শিরক থেকে মুক্ত থাকার মাধ্যমে চিরস্থায়ী আজাব থেকে বেঁচে থাকা।

২. প্রত্যেক গুনাহ বা বর্জনীয় কাজ থেকে বিরত থাকা। এমনকি কারো মতে, ছগিরা গুনাহ থেকে বিরত থাকাও এ স্তরের তাকওয়াভুক্ত।

৩. মন মস্তিষ্ককে আল্লাহ তাআলা ও আখিরাতের জীবন সম্পর্কে উদাসীনতা থেকে মুক্ত রেখে পরিপূর্ণ আগ্রহ ও ভালোবাসা নিয়ে আল্লাহর নৈকট্য অর্জনের চেষ্টা করা। মূলত এটাই প্রকৃত ও সর্বোচ্চ পর্যায়ের তাকওয়া।

মুফতি শফি রহ. বলেন, তৃতীয় স্তরটি তাকওয়ার সর্বোচ্চ স্তর। আম্বিয়া আলাইহিমুস সালাম ও তাদের বিশেষ উত্তরাধিকারী ও অলিগণ এ স্তরের তাকওয়া অর্জন করে থাকেন। অর্থাৎ, অন্তরকে আল্লাহ ব্যতীত সব কিছু থেকে বাঁচিয়ে রাখা এবং আল্লাহর স্মরণ ও তার সন্তুষ্টি কামনার দ্বারা পরিপূর্ণ ও সমৃদ্ধ রাখা।

এ প্রসঙ্গেই আল্লাহ তাআলা বলেন –

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ

অর্থাৎ, হে মু'মিনগণ! তোমরা কেউ আল্লাহকে যথার্থভাবে ভয় কর এবং তোমরা আত্মসমর্পণকারী না হয়ে কোন অবস্থায় মৃত্যুবরণ করিও না।

তাকওয়ার হক :

তাকওয়ার হক প্রসঙ্গে হজরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.), রবি, কাতাদাহ ও হাসান বসরি (রহ.) বলেন, রসুল (সা.) থেকেও এমনি বর্ণিত হয়েছে যে, তাকওয়ার হক হল প্রত্যেক কাজে আল্লাহর আনুগত্য করা। আনুগত্যের বিপরীতে কোনো কাজ না করা। আল্লাহকে সদা স্মরণ রাখা এবং কখনো বিস্মৃত না হওয়া। সর্বদা তার কৃতজ্ঞতা প্রকাশ করা এবং অকৃতজ্ঞ না হওয়া। (বাহরে মুহিত)

আল্লাহ তাআলা বলেন, فاتقوا الله ما استطعتم অর্থাৎ, তোমরা আল্লাহকে যথাসাধ্য ভয় কর।

তাফসিরে রুহুল মাআনিতে আছে– اتقوا الله حق تقاته আয়াতটি নাজিল হলো সাহাবায়ে কেরামের কাছে খুবই দুঃসাধ্য ও কঠিন মনে হয়। কারণ, আল্লাহর প্রাপ্য অনুযায়ী আল্লাহকে ভয় করার সাধ্য কার আছে? এর পরিপ্রেক্ষিতে فاتقوا الله ما استطعتم আয়াতটি অবতীর্ণ হয়। এতে বলা হয়েছে যে, আল্লাহ তাআলা মানুষকে তার শক্তি ও সাধ্যের বাইরে কোনো কিছু করার আদেশ করেন না। কাজেই তাকওয়াও সাধ্য অনুযায়ী ওয়াজিব বুঝতে হবে। উদ্দেশ্য হলো- তাকওয়া অর্জনে কেউ তার পূর্ণ শক্তি ও চেষ্টা নিয়োজিত করলেই আল্লাহর নিকট গ্রহণযোগ্য হতে পারে।

হজরত ইবনে আব্বাস (রা.) ও তাউস র. বলেন, فاتقوا الله ما استطعتم আয়াতটি বাস্তবে তাকওয়ার হকেরই ব্যাখ্যা। উদ্দেশ্য হলো, পূর্বশক্তি ব্যয় করে গুনাহ থেকে বেঁচে থাকা। এভাবেই তাকওয়ার হক আদায় হবে।

তাকওয়ার উপকারিতা :

১. ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনের সব ক্ষেত্রে শান্তি ও শৃঙ্খলা আনয়ন।
২. গুনাহ ক্ষমা ও সুমহান পুরস্কার।
৩. আল্লাহর পক্ষ থেকে সাহায্য ও বিজয়।
৪. বিপদ মুক্তি ও নৈকট্য হাসিল।
৫. দুঃখ–কষ্ট ও চিন্তা থেকে মুক্তি এবং প্রশস্ত রিজিকের ওয়াদা।
৬. জান্নাত এর সফলতা।
৭. আল্লাহর ভলোবাসা লাভ।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত:

১. ইমান ও তাকওয়া এক নয়।
২. তাকওয়ার মাধ্যমে সত্য মিথ্যার পার্থক্য হয়।
৩. তাকওয়া অর্জন করলে গুনাহ মাফ হয়।
৪. আল্লাহর অনুগ্রহ অশেষ।
৫. যিনি মুত্তাকি তিনিই প্রকৃত ইমানদার।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. تقوى অর্থ কী ?

ক. ভয় করা
খ. মহব্বত করা
গ. আশা করা
ঘ. ঘৃণা করা

২. يتقون এর মাদ্দাহ কী ?

ক. تقن
খ. يتق
গ. وقي
ঘ. قون

৩. তাকওয়া অর্জনের মাধ্যম হলো–

i. সাওম পালন করা ii. ন্যায় বিচার করা

iii. সন্দেহযুক্ত জিনিস ত্যাগ করা।

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

৪. তাকওয়ার স্তর কয়টি ?

ক. ২টি খ. ৩টি

গ. ৪টি ঘ. ৫টি

৫. والله ذو الفضل العظيم বাক্যে العظيم শব্দটি তারকিবে কী হয়েছে।

ক. مضاف খ. مضاف إليه

গ. صفة ঘ. موصوف

খ. সৃজনশীল প্রশ্ন :

রফিক একজন কৃষক। সে প্রতি বছর জমির আইল ঠেলে ঠেলে নিজের জমি বৃদ্ধি করে। সে একদা জুমার দিনে খতিব সাহেবকে তাকওয়ার ওয়াজ করতে শুনল। সালাত শেষে খতিব সাহেবকে বললো, হুজুর আমি তো নিয়মিত সালাত–সাওম আদায় করি। এগুলো করলে কি মুত্তাকি হওয়া যাবে না ?

(ক) فرقان অর্থ কী ?

(খ) تقوى বলতে কী বুঝায় ?

(গ) রফিকের দৃষ্টিতে তাকওয়ার ব্যাখ্যা বুঝিয়ে লেখ।

(ঘ) রফিকের প্রশ্নের জবাবে খতিব সাহেবের উত্তর কী হতে পারে বলে তুমি মনে কর ? তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর।

২য় পাঠ

আল্লাহ ও রসুলের প্রতি আনুগত্য

আল্লাহ তাআলা ও তাঁর রসুলের প্রতি আনুগত্য প্রকাশ করা ইমানের বহিঃপ্রকাশ। ইমানের মজবুতির মাপকাঠি এবং দুনিয়া ও আখেরাতে সফলতার চাবি। এ সম্পর্কে কুরআনি ফরমান হলো–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
৩১. বলুন, 'তোমরা যদি আল্লাহকে ভালোবাসো, তবে আমাকে অনুসরণ কর, আল্লাহ্ তোমাদেরকে ভালোবাসতেন এবং তোমাদের অপরাধ ক্ষমা করবেন। আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।' ৩২. বলুন, 'আল্লাহ্ ও তাঁর রসুলের অনুগত হও।' যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে রাখুন, আল্লাহ্ তো কাফিরদেরকে পছন্দ করেন না। (সুরা আলে ইমরান: ৩১,৩২)	٣١- قُلْ اِنْ كُنْتُمْ تُحِبُّوْنَ اللّٰهَ فَاتَّبِعُوْنِىْ يُحْبِبْكُمُ اللّٰهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ٣٢- قُلْ اَطِيْعُوا اللّٰهَ وَالرَّسُوْلَ فَاِنْ تَوَلَّوْا فَاِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْكٰفِرِيْنَ (سورة آل عمران:٣١-٣٢)
৫৯. হে মুমিনগণ, যদি তোমরা আল্লাহর ও আখেরাতের বিশ্বাস কর তবে তোমরা আনুগত্য কর আল্লাহর, আনুগত্য কর রাসুলের এবং তাদের, যারা তোমাদের মধ্যে ক্ষমতার অধিকারী; কোন বিষয়ে তোমাদের মধ্যে মতভেদ ঘটলে তা উপস্থাপন কর আল্লাহর ও রাসুলের নিকট। এটাই উত্তম এবং পরিণামে প্রকৃষ্টতর। (সুরা নিসা, ৫৯)	٥٩- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاُولِى الْاَمْرِ مِنْكُمْ فَاِنْ تَنَازَعْتُمْ فِىْ شَىْءٍ فَرُدُّوْهُ اِلَى اللّٰهِ وَالرَّسُوْلِ اِنْ كُنْتُمْ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۗ ذٰلِكَ خَيْرٌ وَّاَحْسَنُ تَاْوِيْلًا. (سورة النساء:٥٩)

تحقيقات الألفاظ (শব্দ বিশ্লেষণ):

تحبون : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإحباب মাদ্দাহ ب + ب + ح জিনস مضاعف ثلاثي অর্থ- তোমরা ভালোবাসবে।

اتبعوني : শব্দটি أمر حاضر معروف বাহাছ جمع مذكر حاضر ছিগাহ ضمير منصوب متصل ني বাব افتعال মাসদার الاتباع মাদ্দাহ ع + ب + ت জিনস صحيح অর্থ- তোমরা আমাকে অনুসরণ কর।

يحببكم: শব্দটি مضارع مثبت معروف বাহাছ واحد مذكر غائب ছিগাহ ضمير منصوب متصل كم বাব إفعال মাসদার الإحباب মাদ্দাহ ب + ب + ح জিনস مضاعف ثلاثي অর্থ- তিনি তোমাদেরকে ভালোবাসবেন।

يغفر : ছিগাহ مضارع مثبت معروف বাহাছ واحد مذكر غائب বাব ضرب মাসদার المغفرة মাদ্দাহ ر + ف + غ জিনস صحيح অর্থ- তিনি ক্ষমা করবেন।

ذنوبكم : শব্দটি ضمير مجرور متصل كم আর ذنوب শব্দটি বহুবচন, একবচনে ذنب মাদ্দাহ ذ + ن + ب অর্থ- তোমাদের গুনাহসমূহ।

أطيعوا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ أمر حاضر বাব إفعال মাসদার الإطاعة মাদ্দাহ ع + و + ط জিনস أجوف واوي অর্থ- তোমরা আনুগত্য কর।

رسول : শব্দটি একবচন, বহুবচনে رسل মাদ্দাহা ل+س+ر জিনস صحيح অর্থ- দূত, প্রেরিত পুরুষ।

تولوا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব تفعل মাসদার التولي মাদ্দাহ ي + ل + و জিনস لفيف مفروق অর্থ- তারা পৃষ্ঠ প্রদর্শন করল।

لا يحب : ছিগাহ مضارع منفي معروف বাহাছ واحد مذكر غائب বাব إفعال মাসদার الإحباب মাদ্দাহ ح + ب + ب জিনস مضاعف ثلاثي অর্থ- সে ভালোবাসে না।

الكافرين: ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব نصر মাসদার الكفر মাদ্দাহ ك + ف + ر জিনস صحيح অর্থ- অবিশ্বাসীরা।

امنوا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব إفعال মাসদার الإيمان মাদ্দাহ أ + م + ن জিনস مهموز فاء অর্থ- তারা বিশ্বাস করল।

تنازعتم : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ ماضي مثبت معروف বাব تفاعل মাসদার التنازع মাদ্দাহ ن + ز + ع জিনস صحيح অর্থ- তোমরা মতভেদ করলে।

ردوه : ه শব্দটি ضمير منصوب متصل ছিগাহ جمع مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব نصر মাসদার الرد মাদ্দাহ ر + د + د জিনস مضاعف ثلاثي অর্থ- তোমরা তা ফিরিয়ে দাও।

أحسن : ছিগাহ واحد مذكر বাহাছ تفضيل اسم বাব كرم মাসদার الحسن মাদ্দাহ ح + س + ن জিনস صحيح অর্থ- অধিক সুন্দর।

تأويل : এটি বাবে تفعيل এর মাসদার। অর্থ ব্যাখ্যা করা।

তারকিব :



মূলবক্তব্য :

প্রথম আয়াতে আল্লাহ তাআলার ভালোবাসাকে নবির আনুগত্যের সাথে যুক্ত করা হয়েছে এবং ২য় আয়াতে তার আদেশ পালনের ফজিলত বর্ণনা করা হয়েছে। পরবর্তী সুরা নিসার ৫৯ নং আয়াতে আল্লাহ তাআলা ও তাঁর রসুল এবং নেতার আদেশ মান্য করাকে ইমানের অঙ্গ বলে সাব্যস্ত করা হয়েছে।

শানে নুজুল :

(ক) সুরা আলে ইমরানের ৩১ ও ৩২ নং আয়াতের শানে নুজুল সম্পর্কে تفسير زاد المسير এ বলা হয়েছে।

১. হজরত ইবনে আব্বাস (رضي الله عنه)বলেন, একদা মহানবি (ﷺ) কুরাইশদের নিকটে দাঁড়ানো ছিলেন। তখন তারা মূর্তিস্থাপন করে মূর্তিকে সাজদা করছিল। তিনি বললেন, হে কুরাইশরা! তোমরা তোমাদের জাতির পিতা ইবরাহিম (عليه السلام) এর খেলাফ করছো। তারা বলল, হে মুহাম্মদ, আমরা আল্লাহ তাআলার মহব্বতে এসবের পূজা করছি, যাতে এরা আমাদেরকে আল্লাহ তাআলার নিকটবর্তী করে দেয়। তখন এ আয়াত নাজিল হয়।

২. আবু সালেহ রহ. বলেন, ইহুদিরা বলল, আমরা আল্লাহ তাআলার পুত্র এবং তার মহব্বতের লোক। তখন এ আয়াত নাজিল হয়। অতঃপর মহানবি (ﷺ) আয়াতটি তাদের সামনে পেশ করলেও তারা কবুল করেনি।

৩. হাসান বসরি রহ. বলেন, একদা কিছু লোক বলল, আমরা আল্লাহ তাআলাকে খুব বেশি ভালোবাসি। তখন আল্লাহ তাআলা এ আয়াত নাজিল করে তার মহব্বতের নিদর্শন নির্ধারণ করে দিলেন।

(খ) হজরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (رضي الله عنه) থেকে বর্ণিত, তিনি বলেন, একদা এক যুদ্ধ কাফেলায় হজরত আম্মার (رضي الله عنه) হজরত খালেদ বিন অলিদ (رضي الله عنه) এর সাথে ছিলেন। যুদ্ধে পরাজিত হয়ে শত্রুরা পলায়ন করল। শত্রু পক্ষের এক ব্যক্তি পিয়ে হজরত আম্মার (رضي الله عنه) এর কাছে উঠল এবং বলল, আমি ইসলাম গ্রহণ করলে এতে আমার কোনো উপকার হবে কি ? নাকি আমি গোত্রের লোকদের মত পলায়ন করব। আম্মার (رضي الله عنه) বললেন, তুমি থাক, তুমি নিরাপদ। লোকটি অবস্থান করতেছিল, হঠাৎ হজরত খালেদ (رضي الله عنه) আসলেন এবং তাকে ধরে ফেললেন। আম্মার (رضي الله عنه) বললেন, আমি তাকে নিরাপত্তা দিয়েছি। সে মুসলিম হয়েছে। তখন হজরত খালেদ (رضي الله عنه) বললেন, তুমি আমাকে টপকে গিয়ে নিরাপত্তা দিয়েছ, অথচ আমি আমির। তখন তাদের মাঝে ঝগড়া হল। তারা ফয়সালার জন্য রসুল (ﷺ) এর নিকট আসলে সুরা নিসার ৫৯ নং আয়াত নাজিল হয়। (زاد المسير)

টীকা :

قل إن كنتم تحبون الله..... الخ

বলুন, যদি তোমরা আল্লাহ তাআলার ভালোবাসা চাও তাহলে আমার অনুসরণ কর। আলোচ্য আয়াতে আল্লাহর মহব্বতের আলামত হিসেবে اتباع النبي বা নবির অনুসরণ কে নির্ধারণ করা হয়েছে।

মহব্বতের বর্ণনা :

محبة শব্দের অর্থ ঝুকে পড়া বা ভালোবাসা। পরিভাষায়– পছন্দনীয় বস্তু, ব্যক্তি বা বিষয়ের প্রতি মনের ঝুকে পড়াকে محبة বলে।

এ محبة মোট ৩ প্রকার। যথা –

১. মহব্বতে তবয়ি বা প্রাকৃতিক ভালোবাসা। যেমন: মাতা-পিতার প্রতি ভালোবাসা।

২. মহব্বতে আকলি বা জ্ঞানগত ভালোবাসা। যেমন: ভালো মানুষকে ভালোবাসা।

৩. মহব্বতে ইমানি বা ইমানগত ভালোবাসা। যেমন: আল্লাহ ও তার রসুলকে ভালোবাসা।

ড. ওয়াহবা জুহাইলি বলেন, আল্লাহ ও তাঁর রসুলের মহব্বত তাদের আনুগত্যের মাধ্যমে প্রমাণিত হবে। যেমন কোনো এক কবি বলেন–

تعصي الإله و أنت تظهر حبه + هذا لعمري في القياس بديع

لو كان حبك صادقا لأطعته + إن المحب لمن يحب مطيع

তুমি প্রভুর অবাধ্য হয়ে তার মহব্বতের কথা প্রকাশ করছ? জীবনের কসম, এটা অবশ্যই যুক্তিতে নতুন বিষয়। যদি তোমার ভালোবাসা সত্য হতো, তবে তুমি তার আনুগত্য করতে। কেননা, প্রেমিক তার প্রেমাস্পদের অনুসারী হয়।

সুতরাং বলা যায়, শরিয়তের অনুসরণ করাই আল্লাহর মহব্বতের প্রমাণ। এ সম্পর্কে সাহল বিন আব্দুল্লাহ তসতরি (رضي الله عنه) বলেন, আল্লাহকে ভালোবাসার আলামত হলো কুরআনকে ভালোবাসা। আর কুরআনকে ভালোবাসার আলামত হলো নবিকে ভালোবাসা। আর নবিকে ভালোবাসার আলামত হলো সুন্নতকে ভালোবাসা। আর আল্লাহ, কুরআন, নবি এবং সুন্নতকে ভালোবাসার আলামত হলো আখেরাতকে ভালোবাসা, আখেরাতকে ভালোবাসার আলামত হলো নিজেকে ভালোবাসা আর নিজেকে

ভালোবাসার আলামত হলো দুনিয়াকে ঘৃণা করা। আর দুনিয়াকে ঘৃণা করার আলামত হলো দুনিয়া থেকে প্রয়োজনের বেশী গ্রহণ না করা। (التفسير المنير)

أطيعوا الله و أطيعوا الرسول :

তোমরা আল্লাহ তাআলার আনুগত্য কর এবং রসুল (ﷺ) এর আনুগত্য কর। আনুগত্যকে আরবিতে إطاعة বা طاعة বলে। আল্লাহ তাআলার আনুগত্য বলতে তাঁর হুকুম ও বিধান মেনে নেয়া, তাকে একমাত্র ইলাহ হিসেবে মানা এবং তাঁর সাথে কাউকে শরিক না করাকে বুঝায়।

ইবনুল জাওজি রহ. বলেন, রসুল (ﷺ) এর আনুগত্য বলতে– তাঁর জীবদ্দশায় তাঁর আদেশ পালন এবং নিষেধ বর্জন করা, আর ইন্তেকালের পর তার সুন্নাহর অনুসরণকে বুঝায়। (زاد المسير)

আল্লাহ তাআলার আনুগত্য করা ফরজে আইন। কারণ, তিনি সকলের ইলাহ বা মাবুদ। আর রসুলের আনুগত্য ফরজ হওয়ার কারণ হলো –রসুল আল্লাহ তাআলা কর্তৃক প্রেরিত। তাছাড়া রসুলের আনুগত্য ছাড়া আল্লাহর আনুগত্য সম্ভব নয় । কেননা, আল্লাহ তাআলার কথা আমরা রসুলের মাধ্যমেই জানতে পারি। তাই কোনো ব্যক্তি যদি রসুলের আনুগত্য না করে তবে তার নিকট থেকে আল্লাহর আনুগত্য গ্রহণ করা হবে না। কারণ, আল্লাহর ইবাদত ততক্ষণ পর্যন্ত সঠিক পন্থায় হয় না , যতক্ষণ পর্যন্ত না রসুলের পূর্ণ আনুগত্য জাহির করা হয় । যেমন, হাদিস শরিফে আছে–

فَمَنْ اَطَاعَ مُحَمَّدًا صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدْ اَطَاعَ اللهَ وَمَنْ عَصَى مُحَمَّدًا صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدْ عَصَى اللهَ وَمُحَمَّدٌ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرْقٌ بَيْنَ النَّاسِ (رواه البخاري)

যে ব্যক্তি মুহাম্মদ (ﷺ) এর আনুগত্য করে সে যেন আল্লাহর আনুগত্য করল। আর যে মুহাম্মাদের অবাধ্য হল, সে যেন আল্লাহর অবাধ্য হলো। মুহাম্মদ (ﷺ) হলেন মানুষের মাঝে পার্থক্যকারী। (বুখারি) অপর এক হাদিসে শুধুমাত্র মুহাম্মদ (ﷺ) এর আনুগত্য ও অবাধ্যতা জান্নাতি ও জাহান্নামি হবার কারণ বলা হয়েছে। রসুল (ﷺ) বলেন, আমার সকল উম্মত জান্নাতে যাবে, তবে যে অস্বীকার করে সে ব্যতীত। সাহাবায়ে কেরাম বললেন, কে অস্বীকার করে ? তিনি বললেন, যে আমার আনুগত্য করবে সে জান্নাতে যাবে। আরে যে আমার অবাধ্য হলো সে আমাকে অস্বীকার করলো।

(বুখারি ও মুসলিম)

আল্লাহ তাআলা ও তাঁর রসুলের এতায়াতের একমাত্র পুরস্কার হলো জান্নাত। যেমন –

تِلْكَ حُدُوْدُ اللهِ وَمَنْ يُّطِعِ اللهَ وَرَسُوْلَهٗ يُدْخِلْهُ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خٰلِدِيْنَ فِيْهَا وَذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ (سورة النساء/١٣)

এসব আল্লাহর নির্ধারিত সীমা। কেউ আল্লাহ ও তাঁর রসুলের আনুগত্য করলে আল্লাহ তাকে দাখিল করবেন জান্নাতে, যার পাদদেশে নদী প্রবাহিত; সেখানে তারা স্থায়ী হবে এবং এটা মহাসাফল্য। (সুরা নিসা, ১৩)

وأولى الأمر منكم এর দ্বারা উদ্দেশ্য:

আর তোমাদের মধ্যে যারা উলুল আমর তাদের আনুগত্য কর। আয়াতে "উলুল আমর" বলে কাদেরকে বুঝানো হয়েছে সে সম্পর্কে তাফসিরে زاد المسير এ বলা হয়েছে-

১. হজরত আবু হুরায়রা (رضي الله عنه) এর মতে أمير বা নেতা উদ্দেশ্য।

২. ইবনে আব্বাস (رضي الله عنه) ও হাসান বসরি (রহ.) প্রমুখের মতে عالم উদ্দেশ্য।

৩. মুজাহিদ (রহ.) বলেন, সাহাবায়ে কেরাম উদ্দেশ্য।

৪. ইকরামা (রহ.) বলেন, হজরত আবু বকর (رضي الله عنه) উদ্দেশ্য।

উলুল আমর সম্পর্কে তাফসিরে মাজহারিতে একখানা হাদিস বর্ণনা করা হয়েছে। রসুল (ﷺ) বলেন–

وَمَنْ يُّطِعِ الْأَمِيْرَ فَقَدْ أَطَاعَنِيْ وَمَنْ يَعْصِ الْأَمِيْرَ فَقَدْ عَصَانِيْ (متفق عليه)

যে ব্যক্তি আমিরের আনুগত্য করল, সে যেন আমার আনুগত্য করল। আর যে আমিরের অবাধ্য হলো, সে যেন আমার অবাধ্য হলো। (বুখারি ও মুসলিম)

৫. ইবনুল আরাবি রহ. বলেন- والصحيح عندي أنهم الأمراء والعلماء جميعا . (أحكام القرآن)
আমার মতে বিশুদ্ধ কথা হলো, উলুল আমর বলে আমির এবং আলেম উভয় শ্রেণিকে বুঝানো হয়েছে।

কেননা, আমিরদের থেকে মূলত আমর বা নির্দেশ প্রকাশিত হয়ে থাকে। আলেমদের নিকট জনগণের প্রশ্ন করা واجب এবং তাদের উত্তর দেওয়া واجب পরবর্তীতে তাদের ফতোয়া মোতাবেক জনগণের জন্যে আমল করাও واجب

৬. ফখরুদ্দিন রাজি রহ. বলেন, اولى الأمر দ্বারা মুজতাহিদ আলেমগণ উদ্দেশ্য।

فإن تنازعتم في شيء فردوه إلى الله و الرسول :

আর যদি তোমরা কোনো বিষয়ে মতবিরোধ কর তবে তা আল্লাহ এবং রসুলের দিকে ফিরিয়ে দাও। এর ব্যাখ্যায় উলামায়ে কেরামের মতামত নিম্নরূপ-

১. হজরত মুজাহিদ রহ. বলেন, আল্লাহর দিকে ফিরানো বলতে তার কিতাবের দিকে এবং রসুলের দিকে বলতে তার সুন্নাহর দিকে ফিরানো বুঝানো হয়েছে। (زاد المسير)

২. ইবনুল আরাবি রহ. বলেন, মতবিরোধ হলে তোমরা উহা আল্লাহর কিতাবের দিকে ফিরাও। যদি সেখানে না পাও, তবে সুন্নাহর দিকে ফিরাও। যদি সেখানেও না পাও, তবে হজরত আলি (رضي الله عنه) যেমন বলেছেন, আমাদের নিকট আল্লাহর কিতাব, এই ছহিফা এবং মুসলমানের বুঝ ব্যতীত কিছু নাই। অথবা নবি (ﷺ) যেমন মুয়াজ (رضي الله عنه) কে বলেছিলেন, কী দ্বারা ফয়সালা দিবে? সে বলল: আল্লাহর কিতাব দ্বারা, তিনি বললেন, যদি তাতে না পাও ? সে বলল, রসুলের সুন্নাত দ্বারা, তিনি বললেন, তাতেও যদি না পাও ? সে বলল, আমার রায় দ্বারা গবেষণা করব এবং কসুর করব না। তিনি বললেন, সমস্ত প্রশংসা ঐ আল্লাহর, যিনি তার রসুলের দূতকে ভালো কাজের তাওফিক দিয়েছেন। (أحكام القرآن لابن العربي)

ড. ওয়াহবা জুহাইলি বলেন, যদি তোমাদের মাঝে এবং উলুল আমরের মাঝে দীনি কোনো ব্যাপার নিয়ে এখতেলাফ হয় এবং কুরআন ও সুন্নায় কোনো দলিল পাওয়া না যায়, তবে বিষয়টিকে কুরআন ও সুন্নাহ থেকে প্রমাণিত সূত্রের দিকে ধাবিত করতে হবে এবং যা উক্ত কায়দার অনুকূল তা গ্রহণীয় হবে এবং যা কিছু প্রতিকূল তা বর্জনীয় হবে। একে উসুলে ফিকহের পরিভাষায় কিয়াস বলে।

(التفسير المنير)

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. আল্লাহকে পেতে হলে নবির অনুসরণ করা জরুরি।

২. নবির অনুসরণ আল্লাহর মহব্বত লাভ ও গুনাহ মাফের কারণ।

৩. রসুলের আনুগত্যেই আল্লাহর আনুগত্য।

৪. উলুল আমরের আদেশ মান্য করাও আবশ্যক।

৫. ড. ওয়াহবা আয্যুহাইলি বলেন, সুরা নিসার ৫৯ নং আয়াত থেকে উলামায়ে কেরাম শরিয়তের চার প্রকার দলিল তথা কুরআন, হাদিস, ইজমা ও কিয়াসের ভিত্তি উদ্ভাবন করেছেন। যেমন, أطيعوا الله থেকে কুরআন, أطيعوا الرسول থেকে সুন্নাহ এবং اولى الأمر منكم যদি ঐক্যমত্যে হয় তবে এর থেকে إجماع এবং ঐকমত্য না হলে তার থেকে قياس প্রমাণ করেছেন।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. اتبعوني শব্দটি কোন باب থেকে ব্যবহৃত ?

ক. سمع খ. نصر
গ. إفعال ঘ. افتعال

২. ذنوب এর একবচন কী ?

ক. ذناب খ. ذانب
গ. ذنب ঘ. ذنيب

৩. محبة মোট কত প্রকার ?

ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার

৪. আল্লাহ তাআলার এতায়াত মানে –

i. আল্লাহর আনুগত্য প্রকাশ ii. রসুলের আনুগত্য প্রকাশ
iii. নেতার আনুগত্য প্রকাশ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৫. اولوا الأمر বলে বুঝানো হয়েছে–

i. العلماء ii. الأمراء

iii. الرعايا

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

খ. সৃজনশীল প্রশ্ন :

এক লোক বলল, আমি আল্লাহ তাআলার কথা তথা কুরআন মানি। কিন্তু নবি মানুষ তাই আমি তার কথা মানবো না। খালেদ বলল, তুমি কাফের।

ক. إطاعة শব্দের অর্থ কী?

খ. اولوا الأمر বলে কাকে বুঝানো হয়েছে ?

গ. লোকটির অবস্থা বিচার কর।

ঘ. লোকটির ব্যাপারে খালেদের মন্তব্যকে তুমি কি সমর্থন কর ? তোমার মতামত যুক্তিসহ বিশ্লেষণ কর।

তৃতীয় পাঠ

ধৈর্যশীলতা

এই পৃথিবী কন্টকাকীর্ণ। বিশেষ করে মুমিনদের জন্যে এর পরিবেশ প্রতিকূল। অসৎ ও অবিশ্বাসী সম্প্রদায় সদা তাদেরকে কষ্ট দেয়। দীনি দাওয়াত দিলে তারা শুধু প্রত্যাখ্যানই করে না, বরং মৌখিক ও দৈহিকভাবে কষ্ট দেয়। এমতাবস্থায় সবর বা ধৈর্যের বিকল্প নেই। আল্লাহ তাআলার আদেশ পালনের কথা চিন্তা করে সৎকাজে লেগে থাকা শ্রেয়। আল্লাহ তাআলা বলেন–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১২৭. তুমি ধৈর্য ধারণ কর, তোমার ধৈর্য তো আল্লাহর সাহায্যে। তাদের জন্য দুঃখ করিও না এবং তাদের ষড়যন্ত্রে তুমি মনঃক্ষুণ্ন হইও না। ১২৮. আল্লাহ তাদেরই সঙ্গে আছেন যারা তাকওয়া অবলম্বন করে এবং যারা সৎকর্মপরায়ণ। (সুরা নাহল–১২৭–১২৮)	١٢٧- وَاصْبِرْ وَمَا صَبْرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِيْ ضَيْقٍ مِّمَّا يَمْكُرُوْنَ ١٢٨- اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوْا وَّالَّذِيْنَ هُمْ مُّحْسِنُوْنَ (سورة النحل: ١٢٧-١٢٨)

تحقيقات الألفاظ (শব্দ বিশ্লেষণ) :

واصبر : এখানে و শব্দটি حرف عطف অর্থ- এবং, ছিগাহ أمر حاضر বাহাছ واحد مذكر حاضر মাদ্দাহ ر + ب + ص জিনস صحيح অর্থ- আপনি সবর করুন। মাসদার الصبر বাব ضرب معروف

لا تك : মূলে ছিল لا تكن, ছিগাহ واحد مذكر حاضر বাহাছ نصر বাব نهى حاضر معروف মাসদার الكون মাদ্দাহ ن + و + ك জিনস أجوف واوي অর্থ- আপনি হবেন না।

ضيق : এটি বাবে ضرب থেকে মাসদার। অর্থ সংকীর্ণতা বা সংকীর্ণ হওয়া।

يمكرون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব نصر মাসদার المكر মাদ্দাহ ر + ك + م জিনস صحيح অর্থ- তারা চক্রান্ত করে।

اتقوا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব افتعال মাসদার الاتقاء মাদ্দাহ ي + ق + و জিনস لفيف مفروق অর্থ- তারা ভয় করে।

محسنون : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব إفعال মাসদার الإحسان মাদ্দাহ ن + س + ح জিনস صحيح অর্থ- সৎকর্মপরায়নগণ।

তারকিব :



মূল বক্তব্য :

কাফেরদেরকে ইসলাম ধর্মের দাওয়াত দিতে গেলে তাদের পক্ষ থেকে যদি কোনো আক্রমণাত্মক কর্মকাণ্ড প্রকাশিত হয়, তবে দীনের প্রতি আহ্বানকারীর কর্তব্য কী হবে- এ প্রসঙ্গে আল্লাহ তাআলা তাঁর নবিকে বলেন– যদি তারা আপনাকে কোনো প্রকার কষ্ট দেয় তবে আপনি প্রতিশোধ না নিয়ে সবর করুন। সাথে সাথে একথাও বলা হয়েছে যে, আপনার সবর আল্লাহর সাহায্যে হবে। অর্থাৎ, সবর করা আপনার জন্যে সহজ হবে। কারণ,আল্লাহ তাআলার সাহায্য তাদের সাথে থাকে, যারা ২টি গুণে গুণান্বিত। এক – তাকওয়া অপরটি এহসান। তাকওয়ার অর্থ– সৎকর্ম করা এবং এহসানের অর্থ সৃষ্ট জীবের সাথে সদ্ব্যবহার করা। অর্থাৎ যারা শরিয়ত অনুযায়ী নিয়মিত সৎকর্ম সম্পাদন করে এবং মাখলুকের সাথে সদ্ব্যবহার করে আল্লাহ তাআলা তাদের সঙ্গে থাকেন। বলা বাহুল্য, যে ব্যক্তি আল্লাহ তাআলার সান্নিধ্য অর্জন করতে সক্ষম হয়, তার অনিষ্ট করে সাধ্য কার ? মোট কথা, বর্ণিত আয়াতে ধৈর্য ধারণ করার এবং সৎকাজে লেগে থাকার প্রতি উৎসাহ প্রদান করা হয়েছে এবং এও বলা হয়েছে যে, পরহেজগার এবং নেককার বান্দাহদের সাথে আল্লাহ আছেন।

টীকা :

اِنَّ اللّٰهَ مَعَ الَّذِيْنَ اتَّقَوْا وَّالَّذِيْنَ هُمْ مُّحْسِنُوْنَ এর ব্যাখ্যা :

আয়াতের অর্থ হচ্ছে– নিশ্চয় আল্লাহ তাদের সঙ্গে আছে, যারা পরহেজগার এবং যারা সৎকর্ম করে। অর্থাৎ আল্লাহ তাআলার সাহায্য তাদের সাথে আছে, যারা ২টি গুণে গুণান্বিত। তাহলো তাকওয়া ও এহসান। তাকওয়ার অর্থ সৎকর্ম করা এবং এহসানের অর্থ (এখানে) সৃষ্ট জীবের সাথে সদ্ব্যবহার করা। অর্থাৎ যারা শরিয়তের অনুসারী হয়ে নিজে নিয়মিত সৎকর্ম সম্পাদন করে এবং অপরের সাথে সদ্ব্যবহার করে আল্লাহ তাআলা তাদের সাথে আছেন। (মাআরেফুল কুরআন, পৃ–৭৬৩)

ধৈর্যশীলতা বা সবরের পরিচয় :

ধৈর্যশীলতার আরবি হলো صبر (সবর)। সবর এর বাংলা অর্থ হলো – অটল থাকা, নিজেকে আটকিয়ে রাখা, বিচলিত না হওয়া ইত্যাদি। ইমাম রাজি র. বলেন, সবর অর্থ – বিপদে বিচলিত না হওয়া।

সবরের প্রকার:

সবর তিন প্রকার। যথা :

১. الصبر على الطاعات অর্থাৎ, আল্লাহর আদেশ পালনে অবিচল থাকা। যেমন, আল্লাহ তাআলা বলেন– واستعينوا بالصبر والصلوة অর্থাৎ, তোমরা ধৈর্য ও সালাতের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর।

২. পাপ কাজ থেকে নিজেকে সরিয়ে রাখার মাধ্যমে সবর।

৩. বিপদ-আপদে অস্থির না হওয়ার মাধ্যমে সবর।

একথা সর্বজন স্বীকৃত যে, সবর একটা মহৎগুণ। প্রবাদ আছে مَنْ صَبَرَ ظَفَرَ যে সবর করে সে বিজয়ী হয়। আল্লাহ তাআলা সবরকারীকে ভালোবাসেন। তিনি তাদেরকে সাহায্য করে থাকেন। যেমন তিনি বলেন إن الله مع الصابرين নিশ্চয় আল্লাহ পাক ধৈর্যশীলদের সাথে আছেন।

হজরত ইবনে মাসউদ (رضي الله عنه) বলেন- اَلصَّبْرُ نِصْفُ الْإِيْمَانِ وَالْيَقِيْنُ الْإِيْمَانُ كُلُّه অর্থাৎ সবর হচ্ছে ইমানের অর্ধাংশ, আর একিন হচ্ছে পুরো ইমান।

এছাড়াও ব্যক্তিগত জীবনে সফলতা লাভের ক্ষেত্রে সবরের গুরুত্ব অপরিসীম। সৎভাবে জীবন যাপন করতে হলে অসংখ্য বিপদের সম্মুখীন হতে হয়। অনেক কিছু বিসর্জন দিতে হয়। কিন্তু অসৎভাবে জীবন যাপন করা অত্যন্ত সহজ। সৎভাবে জীবন পরিচালনায় কঠিন সাধনার প্রয়োজন। সবরের মাধ্যমেই এ সাধনায় সফলতা আসতে পারে। সবর না থাকলে কোনো অবস্থাতেই কেউ জীবনে উন্নতি লাভ করতে পারে না। মহান আল্লাহ তাআলা বলেন-

فاصبر لحكم ربك

অর্থাৎ, অতএব তুমি অটল থাকো তোমার প্রতিপালকের নির্দেশের প্রতি।

তাছাড়া সমাজ ব্যবস্থাপনাকে সুপথে পরিচালিত করার জন্য প্রত্যেকটি লোকের ধৈর্যশীল হওয়া একান্ত প্রয়োজন। সামাজিক জীবনের প্রতিটি ক্ষেত্রে বিভিন্ন কারণে বহু বাধা-বিপত্তি দেখা দিতে পারে। তখন মহা অশান্তির সৃষ্টি হবে। তাই সবরের মাধ্যমে সকল বিশৃংখলাজনিত সমস্যার সমাধান করতে হবে।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. ধৈর্যশীলতা অবলম্বন করা ফরজ।

২. সবর হবে একমাত্র আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে।

৩. কাফেরদের ষড়যন্ত্রে হীনবল না হয়ে ধৈর্যধারণ করতে হবে।

৪. আল্লাহর সাহায্য সবরকারীর সাথে রয়েছে।

৫. ইবাদতে, আচরণে ও বিপদাপদের পরিপ্রেক্ষিতে ধৈর্যশীল হতে হবে।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. لا تك – এর মাদ্দাহ কী ?

ক. تكو খ. تكن

গ. كون ঘ. لتك

২. সবর শব্দের অর্থ

i. ধৈর্যধারণ করা ii. আটকিয়ে রাখা

iii. অটল থাকা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. সবর কত প্রকার ?

ক. ২ প্রকার খ. ৩ প্রকার

গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার।

৪. إنَّ কোন প্রকার حرف ?

ক. حرف تاكيد খ. حرف توقع

গ. حرف مشبه بالفعل ঘ. حرف زائد

৫. সবর ইমানের কত অংশ ?

ক. অর্ধেক খ. এক তৃতীয়াংশ

গ. এক চতুর্থাংশ ঘ. এক পঞ্চমাংশ

খ. সৃজনশীল প্রশ্ন :

খালেদ ঠিকমতো সালাত পড়ে না, কিন্তু বিপদে সে কখনো অস্থির হয় না। লোকজন বলাবলি করে সে খুব সবরকারী। কিন্তু এলাকার জনৈক মুসল্লি বলল, তার সবর ঠিক নাই। কারণ, সে তো সালাতই পড়ে না।

ক. صبر অর্থ কী ?

খ. صبر বলতে কী বুঝায় ?

গ. খালেদ কি সত্যিই সবরকারী বিবেচিত হবে ? বর্ণনা কর।

ঘ. তুমি কি জনৈক মুসল্লির কথার সাথে একমত ? তোমার মতামত ব্যক্ত কর।

৪র্থ পাঠ

প্রতিবেশী ও সঙ্গী–সাথীদের সাথে সদাচরণ

মানুষ সামাজিক জীব। সমাজে বসবাস করতে হলে তাকে অবশ্যই অন্যের সাথে মিলেমিশে চলতে হয়। তাই প্রতিবেশী ও সঙ্গী–সাথীদের গুরুত্ব অপরিসীম। তাদের সাথে সুন্দর আচরণ করা ইসলামের দাবি ও কুরআনি শিক্ষা। আল্লাহ তাআলা বলেন–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াত	অনুবাদ
وَاعْبُدُوا اللّٰهَ وَلَا تُشْرِكُوْا بِهٖ شَيْئًا وَّبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّبِذِي الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَالْجَارِ ذِى الْقُرْبٰى وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنْۢبِ وَابْنِ السَّبِيْلِ ۙ وَمَا مَلَكَتْ اَيْمَانُكُمْ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُوْرًا ۔ (سورة النساء:٣٦)	৩৬- তোমরা আল্লাহর ইবাদত করবে ও কোন কিছুকে তাঁর শরিক করবে না; এবং পিতা-মাতা, আত্মীয়-স্বজন, ইয়াতিম, মিসকিন, নিকট-প্রতিবেশী, দূর-প্রতিবেশী, সঙ্গী-সাথী, মুসাফির ও তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সদ্ব্যবহার করবে। নিশ্চয়ই আল্লাহ পছন্দ করেন না দাম্ভিক, অহংকারীকে। (সুরা নিসা–৩৬)

(শব্দ বিশ্লেষণ) : تحقيقات الألفاظ

اعبدوا : ছিগাহ أمر حاضر معروف বাহাছ جمع مذكر حاضر বাব نصر মাসদার العبادة মাদ্দাহ ع + ب + د জিনস صحيح অর্থ- তোমরা ইবাদত করো।

لا تشركوا : ছিগাহ نهي حاضر معروف বাহাছ جمع مذكر حاضر বাব إفعال মাসদার الإشراك মাদ্দাহ ش + ر + ك জিনস صحيح অর্থ- তোমরা শিরক করো না।

والدين : অর্থ- পিতা-মাতা। শব্দটি والد এর দ্বিবচন।

اليتمى : অর্থ- এতিমগণ। ইহা اليتيم এর বহুবচন।

المساكين : অর্থ- মিসকিনগণ। ইহা المسكين এর বহুবচন।

ابن السبيل: অর্থ- পথিক, মুসাফির। ইহা একবচন, বহুবচনে ابناء السبيل

ملكت : ছিগাহ ماضي مثبت معروف বাহাছ واحد مؤنث غائب বাব ضرب মাসদার الملك মাদ্দাহ ك + ل + م জিনস صحيح অর্থ- সে অধিকারী হলো।

لا يحب : ছিগাহ مضارع منفي معروف বাহাছ واحد مذكر غائب বাব إفعال মাসদার الإحباب মাদ্দাহ ب+ب+ح জিনস مضاعف ثلاثي অর্থ- তিনি পছন্দ করেন না।

তারকিব :



মূল বক্তব্য :

ইসলামে আল্লাহর হকের পাশাপাশি বান্দার হক রক্ষার ব্যাপারেও অনেক গুরুত্ব দেওয়া হয়েছে। আলোচ্য আয়াতে আল্লাহর ইবাদতের পাশাপাশি মাতা-পিতা, এতিম-মিসকিন, দূরবর্তী ও নিকটবর্তী প্রতিবেশী, সহকর্মী এবং অসহায় লোকদের প্রতি সদাচরণ করার ব্যাপারে গুরুত্বারোপ করা হয়েছে। আয়াতের শেষে ইঙ্গিত দেওয়া হয়েছে যে, একমাত্র দাম্ভিক এবং অহংকারীরাই অন্যের হক বিনষ্ট করে।

টীকা :

واعبدوا الله ولا تشركوا به شيئا :

অর্থাৎ, তোমরা আল্লাহর ইবাদত কর এবং তাঁর সাথে কিছুকে শরিক করোনা। এই আয়াতে একান্তভাবে আল্লাহ তাআলার ইবাদত করার ব্যাপারে এবং তাঁর সাথে কাউকে শরিক না করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

শিরক (شرك) এর পরিচয়:

شرك শব্দের অর্থ হচ্ছে অংশীদার স্থাপন করা।

পরিভাষায়– আল্লাহ ছাড়া অন্য কোনো সত্ত্বাকে তাঁর সমকক্ষ মনে করা, তাঁর ইবাদতে বা সত্ত্বায় অংশীদার স্থাপন করাকে শিরক বলে। শিরক প্রধানত ২ প্রকার।

১. শিরকে জলি। যেমন : ত্রিত্ববাদে বিশ্বাস করা।
২. শিরকে খফি। যেমন : রিয়া বা লৌকিকতা।

প্রথম প্রকার শিরক তথা শিরকে জলি আবার কয়েক প্রকার যথা :

১. الشرك في الألوهية : অর্থাৎ আল্লাহর ইলাহ্ হওয়া তথা মাবুদ হওয়ার ক্ষেত্রে অংশীদার স্থাপন করা। যেমন : খ্রীষ্টানরা তিন খোদায় বিশ্বাসী।

২. الشرك في الربوبية : আল্লাহর প্রতিপালনে শিরক। যেমন : হিন্দুরা লক্ষ্মীকে ধন– সম্পদদাতা এবং স্বরস্বতীকে বিদ্যাদাতা মনে করে।

৩. الشرك في العبادة : আল্লাহর ইবাদতে শিরক। যেমন– মূর্তি পূজারিরা আল্লাহ ইবাদত বাদ দিয়ে মূর্তির পূজা করে। উপরোক্ত সকল প্রকারের শিরক থেকে বেঁচে থাকার জন্য আল্লাহ তাআলা নির্দেশ প্রদান করেছেন এবং কঠোর হুশিয়ারী উচ্চারণ করেছেন। আল্লাহ তাআলা বলেন– إن الشرك لظلم عظيم (سورة لقمان) অর্থাৎ, নিশ্চয়ই শিরক চরম জুলুম।

অতএব, আমাদের কর্তব্য হলো– ইখলাস সহকারে আল্লাহর ইবাদত করা এবং তার সাথে শরিক স্থাপন করা থেকে বেঁচে থাকা।

وبالوالدين إحسانا :

অর্থাৎ, তোমরা পিতা–মাতার সাথে সদাচারণ কর। এ আয়াত থেকে প্রমাণিত হয় যে, পিতা-মাতার সাথে ভালো আচরণ করা ফরজ। পক্ষান্তরে, তাদের সাথে খারাপ আচরণ করা হারাম। রসুল (ﷺ) এর বাণীসমূহে যেমনিভাবে পিতা–মাতার আনুগত্য ও তাদের সাথে সদাচরণের তাগিদ রয়েছে, তেমনিভাবে তার সীমাহীন ফজিলতের কথাও বর্ণিত আছে। রসুল (ﷺ) ইরশাদ করেন– اَلْجَنَّةُ تَحْتَ أَقْدَامِ الْأُمَّهَاتِ (رواه القضاعي عن أنس) অর্থাৎ মায়ের পায়ের নিচে সন্তানের বেহেশত। এছাড়া তিরমিজি শরিফে বর্ণিত আছে, পিতার সন্তুষ্টিতে আল্লাহর সন্তুষ্টি এবং পিতার অসন্তুষ্টিতে আল্লাহর অসন্তুষ্টি। অতএব, পিতা মাতার সকল বৈধ আদেশ পালন করা সন্তানের জন্য ফরজ এবং তাদের সাথে খারাপ আচরণ করা হারাম।

وبذي القربى :

অর্থাৎ, আর আত্মীয় স্বজনের সাথে সদাচরণ কর। উল্লেখিত আয়াতে পিতা–মাতার পরেই সমস্ত আত্মীয় স্বজনের সাথে সৎ ব্যবহার করার তাকিদ দেওয়া হয়েছে।

আর যারা আত্মীয় স্বজনের সাথে সদাচরণ করে না বা সম্পর্ক ছিন্ন করে তাদের ব্যাপারে হাদিসে কঠোর হুঁশিয়ারী এসেছে। রসুল (ﷺ) ইরশাদ করেন – لا يدخل الجنة قاطع (البخاري)

অর্থাৎ, আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী বেহেশতে প্রবেশ করবে না। (বুখারি)

সুতরাং, আমাদের প্রত্যেকের উচিত আত্মীয়তার বন্ধন অটুট রাখা এবং তাদের হক আদায় করা।

والجار ذي القربى والجار الجنب:

আর নিকটতম প্রতিবেশী এবং দূরবর্তী প্রতিবেশীর সাথে সদ্ব্যবহার করো।

প্রতিবেশীর সাথে ভালো ব্যবহার করা, তাদেরকে কষ্ট না দেওয়া, তাদের হক যথাযথভাবে আদায় করা ইসলামে واجب বলা হয়েছে। হাদিস শরিফে এসেছে–

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيُحْسِنْ إِلٰى جَارِهِ (رواه البخاري ومسلم)

অর্থাৎ," যে ব্যক্তি আল্লাহ ও আখেরাতে বিশ্বাস করে সে যেন প্রতিবেশীর সাথে ভালো ব্যবহার করে।" এখানে প্রতিবেশীর সাথে উত্তম আচরণ করাকে ইমানের অঙ্গ বলা হয়েছে।

যারা আমাদের বাড়ির আশে পাশে বসবাস করে তারাই আমাদের প্রতিবেশী। হাসান বসরি র. বলেন, তোমার বাড়ির সামনের, পিছনের, ডানের এবং বামের ৪০ বাড়ি তোমার প্রতিবেশী। ইমাম জুহরি র. বলেন, তোমার চার পাশের ৪০ গজের মধ্যে যারা আছে তারা তোমার প্রতিবেশী। (রুহুল মায়ানি)

আলোচ্য আয়াতে দু'রকম প্রতিবেশীর কথা বলা হয়েছে। যথা :

١. الجار ذي القربى

٢. الجار الجنب

এতদুভয় প্রকার প্রতিবেশীর বিশ্লেষণ প্রসঙ্গে মুসলিম মনীষীগণ বিভিন্ন মতামত প্রকাশ করেছেন। যেমন–

১. ইবনে আব্বাস (رضي الله عنه) এর মতে, الجار ذي القربى হলো আত্মীয় প্রতিবেশী এবং الجار الجنب হলো অনাত্মীয় প্রতিবেশী।

২. সাহাবি نوف البكالي (رضي الله عنه) বলেন, الجار ذي القربى হলো মুসলিম প্রতিবেশী এবং الجار الجنب হলো অমুসলিম প্রতিবেশী।

৩. হজরত আলি (رضي الله عنه) ও ইবনে মাসউদ (رضي الله عنه) বলেন, الجار ذي القربى হলো স্ত্রী এবং الجار الجنب হলো সফর সঙ্গী। (ইবনে কাসির)

৪. ইমাম কুরতুবি র. বলেন, তোমার বাড়ি হতে যার বাড়ি নিকটে সে হলো الجار ذي القربى এবং যার বাড়ি দূরে সে হলো الجار الجنب

তাফসিরে রুহুল মাআনিতে বলা হয়েছে, এখানে সকল প্রকার প্রতিবেশী উদ্দেশ্য। চাই তার সাথে বাড়ির নৈকট্য বা আত্মীয়তা অথবা একাত্মতা থাকুক, চাই না থাকুক। সুতরাং সকলের সাহায্য–সহযোগিতা এবং তাদের খোঁজ খবর নেয়া কর্তব্য।

ইমাম বাজ্জার র. হজরত জাবের (رضي الله عنه) হতে বর্ণনা করেন, রসুল (ﷺ) বলেন, প্রতিবেশী ৩ প্রকার। যথা–

১. যে প্রতিবেশীর মাত্র ১টি হক। যেমন – অনাত্মীয় অমুসলিম প্রতিবেশী।
২. যে প্রতিবেশীর ২টি হক। যেমন– অনাত্মীয় মুসলিম প্রতিবেশী।
৩. যে প্রতিবেশীর ৩টি হক। যেমন–আত্মীয় মুসলিম প্রতিবেশী।

প্রতিবেশীর হক এত বেশি যে, তাকে ক্ষুধার্ত রেখে পেটভরে ভক্ষণকারী ইমানদার নয় বলে হাদিসে ধমক দেওয়া হয়েছে। অন্য হাদিসে প্রতিবেশীকে কষ্টদাতা মুমিন নয় বলে হুশিয়ারী উচ্চারণ করা হয়েছে। তাইতো ভালো খাবার রান্না করলে তা প্রতিবেশীকে দেওয়া উচিত এবং কোনো খাবার তাদের না দিতে পারলে তাদের ছোট ছেলে মেয়ের দৃষ্টিগোচর হয় এমন স্থানে উহার ময়লা না ফেলা উচিৎ বলে হাদিসে বর্ণিত হয়েছে।

রসুলে কারিম (ﷺ) বলেন– ما زال جبرائيل يوصيني بالجار حتى ظننت أنه سيورثه (البخاري)

অর্থাৎ, জিবরাইল (عليه السلام) আমাকে সর্বদা প্রতিবেশীর ব্যাপারে উপদেশ দিতেন। এমন কি আমি ধারণা করলাম যে হয়তো প্রতিবেশীকে ওয়ারিশ বানিয়ে দেবে। (বুখারি)

তাই প্রতিবেশীকে কষ্ট দেওয়া হারাম এবং তাদের হক আদায় করা জরুরি। তবে দূরবর্তী অপেক্ষা নিকটবর্তী প্রতিবেশীর হক বেশি অগ্রগামী। হজরত আয়েশা (رضي الله عنها) বলেন, আমি বললাম, যে আল্লাহর রসুল (ﷺ) আমার দুজন প্রতিবেশী আছে, আমি কাকে হাদিয়া দেব? তিনি বললেন, যার দরজা তোমার বেশি কাছে। (রুহুল মাআনি)

রসুল (ﷺ) ইহুদি প্রতিবেশীকেও হাদিয়া দিতেন। একবার বকরি জবেহ দিলে তিনি খাদেমকে জিজ্ঞাসা করেছিলেন, আমাদের ইহুদি প্রতিবেশীদের হাদিয়া দিয়েছো কি ? তাইতো তিনি আবু যর (رضي الله عنه) কে বলেছেন, إذا طبخت مرقة فأكثر ماءها و تعاهد جيرانك অর্থাৎ, যখন তুমি ঝোল পাকাবে বেশি করে পানি দিবে, যাতে প্রতিবেশীকেও দিতে পারো। (قرطبي)

প্রতিবেশীর হক সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ হাদিস ইমাম কুরতুবি র. স্বীয় তাফসির গ্রন্থে উল্লেখ করেছেন, হজরত মুয়াজ বিন জাবাল (رضي الله عنه) বলেন, আমরা বললাম, হে আল্লাহর রসুল ! প্রতিবেশীর হক কি ? তিনি বললেন–

১. সে ঋণ চাইলে ঋণ দিবে।
২. সে সহায়তা চাইলে সহায়তা করবে।
৩. সে অভাবী হলে দান করবে।
৪. সে মারা গেলে তার দাফন কার্যে সাহায্য করবে।
৫. তার কোনো কল্যাণ হলে খুশির ভাব প্রকাশ করবে।
৬. তার কোনো অকল্যাণ হলে তাকে সান্ত্বনা দিবে।
৭. তোমার পাত্রের খাবার তাকে না দিলে উচ্ছিষ্ট দেখিয়ে অহেতুক কষ্ট দিবে না।
৮. তার অনুমতি না নিয়ে বাড়ি এমন উঁচু করবে না যাতে বাতাস বন্ধ হয়ে যায়।
৯. যদি কোনো ফল ক্রয় করো তবে তাকে কিছু হাদিয়া দাও। নতুবা গোপনে ঘরে নিয়ে যাও এবং তোমার সন্তানরা যেন তার কোনো অংশ নিয়ে বের না হয় যাতে প্রতিবেশীর সন্তানরা কষ্ট পায়। তোমরা কি আমার কথা বুঝেছ ? অতি অল্প ব্যক্তিই প্রতিবেশীর হক আদায় করে থাকে। (কুরতুবি)

والصاحب بالجنب :

৬ষ্ঠ পর্যায়ে বলা হয়েছে والصاحب بالجنب এর শাব্দিক অর্থ হলো সহকর্মী। এতে সেসব সফর সঙ্গীরাও অন্তর্ভুক্ত, যারা রেল, জাহাজ, বাস, মোটর প্রভৃতিতে পাশাপাশি বসে ভ্রমণ করে এবং সে সব লোকও অন্তর্ভুক্ত, যারা কোনো সাধারণ বা বিশেষ বৈঠকে এক সাথে বসে। ইসলামি শরিয়ত নিকটবর্তী ও দূরবর্তী স্থায়ী প্রতিবেশীদের অধিকার সংরক্ষণকে যেমন ওয়াজিব করে দিয়েছে, তেমনিভাবে ব্যক্তি সাহচর্যের অধিকার বা হককেও অপরিহার্য করে দিয়েছে। যে সকল ব্যক্তিবর্গ সামান্য সময়ের জন্য হলেও কোনো মজলিস, বৈঠক অথবা সফরের সময় তোমার সমপর্যায়ে উপবেশন করে, তাদের মধ্যে মুসলমান, অমুসলমান, আত্মীয়, অনাত্মীয় সকলেই সমান। সবার সাথে সদ্ব্যবহার করার জন্য উদ্বুদ্ধ করা হয়েছে। সর্বনিম্ন পর্যায় হচ্ছে এই যে, তোমার কোনো কথায় বা কাজে যেন সে কোনো রকম কষ্ট না পায়। এমন কোনো কথা বলবে না যাতে তার কষ্ট হতে পারে। যেমন, সিগারেট পান করে তার দিকে ধোঁয়া ছোড়া, পান খেয়ে তার দিকে পিক ফেলা এবং এমনভাবে বসা যাতে তার বসার জায়গা সংকুচিত হয়ে যায় প্রভৃতি। (معارف القرآن)

- কোনো কোনো তাফসিরকারক বলেছেন, এমন প্রতিটি লোকই الصاحب بالجنب এর অন্তর্ভুক্ত, যে কোনো কাজে, কোনো পেশায় বা কোনো বিষয়ে তোমার সাথে জড়িত বা অংশীদার; তা শিল্পশ্রমেই হোক অথবা অফিস আদালতের চাকরিতেই হোক কিংবা কোনো সফরে বা স্থায়ী বসবাসেই হোক।
- হজরত সাইদ বিন জুবাইর রহ. বলেন الصاحب بالجنب বলতে বন্ধুকে বুঝানো হয়েছে।
- হজরত যায়েদ বিন আসলামের মতে, সফর সঙ্গীকে বুঝানো হয়েছে। হজরত আলি ও ইবনে মাসউদ (رضي الله عنه) এর মতে, স্ত্রীকে বুঝানো হয়েছে।
- যামাখশারির মতে, সফরসঙ্গী, প্রতিবেশী, সহকর্মী, সহপাঠী, পার্শ্ববর্তী মুসল্লী ইত্যাদি সকলকে বুঝানো হয়েছে।
- ইবনে জুরাইজ বলেন, যে তোমার নিকট কোনো ব্যাপারে উপকার নিতে এসেছে সে الصاحب بالجنب এর অন্তর্ভুক্ত। (তাফসিরে কাসেমি, ইবনে কাসির, কুরতুবি, রুহুল মাআনি)

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. আল্লাহর ইবাদত করা ফরজ এবং শিরক করা হারাম।
২. পিতা-মাতার সাথে সদাচরণ করা ফরজ।
৩. আত্মীয় স্বজন ও এতিম মিসকিনের সাথে সদ্ব্যবহার করতে হবে।
৪. প্রতিবেশী, সহকর্মী ও অন্যান্যদের সাথে ভালো আচরণ আবশ্যক।
৫. গর্ব-অহংকার ও দাম্ভিকতা প্রদর্শন করা হারাম ও নিন্দনীয়।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. ابن السبيل কী ?

ক. পথের সাথী খ. পথিক
গ. ভিখারী ঘ. পথের ছেলে।

২. واعبدوا الله আয়াতে الله শব্দ তারকিবে কী হয়েছে ?

ক. فاعل খ. نائب الفاعل
গ. مفعول به ঘ. مفعول له

৩. শিরক প্রধানত কত প্রকার ?

ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার।

৪. পিতা–মাতার সাথে সদাচরণ করা কী ?

ক. فرض খ. واجب
গ. سنة ঘ. مستحب

৫. জান্নাতে প্রবেশ করবে না–

i. মিথ্যাবাদী ii. আত্মীয়তা ছিন্নকারী
iii. ওয়াদা খেলাফকারী

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

খ. সৃজনশীল প্রশ্ন :

আব্দুল করিম সাহেব তার মেয়ের বিয়েতে ধুমধাম করে খাবার পাকিয়ে সকলকে দাওয়াত দিয়ে খাওয়ালো। কিন্তু প্রতিবেশীর কোনো খোঁজ নিলনা।

ক. جار অর্থ কী ?

খ. প্রতিবেশীর পরিচয় বুঝিয়ে লেখ ।

গ. আব্দুল করিম সাহেবের কর্মকাণ্ডটি ইসলামের দৃষ্টিতে মূল্যায়ন কর।

ঘ. আব্দুল করিম সাহেবের করণীয় সম্পর্কে তোমার মতামত পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর।

৫ম পাঠ

অঙ্গীকার পূরণের গুরুত্ব

ওয়াদা পালন বা অঙ্গীকার পূরণ করা ইমানের অঙ্গ। পক্ষান্তরে, তা ভঙ্গ বা খেলাফ করা মুনাফিকের আলামত। অঙ্গীকার পূরণ প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াত	অনুবাদ
١- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَوْفُوْا بِالْعُقُوْدِ اُحِلَّتْ لَكُمْ بَهِيْمَةُ الْاَنْعَامِ اِلَّا مَا يُتْلٰى عَلَيْكُمْ غَيْرَ مُحِلِّي الصَّيْدِ وَاَنْتُمْ حُرُمٌ اِنَّ اللّٰهَ يَحْكُمُ مَا يُرِيْدُ. (سورة المائدة :١)	১. হে মুমিনগণ! তোমরা অঙ্গীকার পূর্ণ করবে। যা তোমাদের নিকট বর্ণিত হচ্ছে তা ব্যতীত চতুষ্পদ জন্তু তোমাদের জন্য হালাল করা হল, তবে ইহ্‌রাম অবস্থায় শিকার করাকে বৈধ মনে করবে না। নিশ্চয়ই আল্লাহ যা ইচ্ছা আদেশ করেন। **(সুরা মায়েদা- ১)**
٩١- وَاَوْفُوْا بِعَهْدِ اللّٰهِ اِذَا عَاهَدْتُّمْ وَلَا تَنْقُضُوا الْاَيْمَانَ بَعْدَ تَوْكِيْدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللّٰهَ عَلَيْكُمْ كَفِيْلًا اِنَّ اللّٰهَ يَعْلَمُ مَا تَفْعَلُوْنَ. (سورة النحل:٩١)	৯১. তোমরা আল্লাহর অঙ্গীকার পূর্ণ কর যখন পরস্পর অঙ্গীকার কর এবং তোমরা আল্লাহকে তোমাদের যামিন করে শপথ দৃঢ় করার পর তা ভঙ্গ করিও না। তোমরা যা কর নিশ্চয়ই আল্লাহ তা জানেন। (সুরা নাহল-৯১)

تحقيقات الألفاظ : শব্দ বিশ্লেষণ

أوفوا : ছিগাহ أمر حاضر معروف বাহাছ جمع مذكر حاضر বাব إفعال মাসদার الإيفاء মাদ্দাহ و+ف+ي জিনস لفيف مفروق অর্থ- তোমরা পূর্ণ করো।

أحلت : ছিগাহ ماضي مثبت مجهول বাহাছ واحد مؤنث غائب বাব إفعال মাসদার الإحلال মাদ্দাহ ح+ل+ل জিনস مضاعف ثلاثي অর্থ- হালাল করা হয়েছে।

الأنعام : শব্দটি বহুবচন। একবচনে النعم অর্থ- চতুষ্পদ জন্তুসমূহ।

ما يتلى : এখানে ما শব্দটি اسم موصول ছিগাহ مضارع مثبت مجهول বাহাছ واحد مذكر غائب বাব نصر মাসদার التلاوة মাদ্দাহ ت+ل+و জিনস ناقص واوي অর্থ- যা তেলাওয়াত করা হয়েছে।

يريد : ছিগাহ مضارع مثبت معروف বাহাছ واحد مذكر غائب বাব إفعال মাসদার الإرادة মাদ্দাহ ر+و+د জিনস أجوف واوي অর্থ- তিনি ইচ্ছা করেন।

لا تنقضوا : ছিগাহ نهي حاضر معروف বাহাছ جمع مذكر حاضر বাব نصر মাসদার النقض মাদ্দাহ ن+ق+ض জিনস صحيح অর্থ- তোমরা ভঙ্গ করো না।

جعلتم : ছিগাহ ماضي مثبت معروف বাহাছ جمع مذكر حاضر বাব فتح মাসদার الجعل মাদ্দাহ ج+ع+ل জিনস صحيح অর্থ- তোমরা বানিয়েছ।

يعلم : ছিগাহ مضارع مثبت معروف বাহাছ واحد مذكر غائب বাব سمع মাসদার العلم মাদ্দাহ ع+ل+م জিনস صحيح অর্থ- তিনি জানেন।

তারকিব :



মূল বক্তব্য:

প্রথমোক্ত আয়াতে ইমানদারদেরকে অঙ্গীকার পূর্ণ করার কথা বলা হয়েছে। সাথে সাথে মুহরিম অবস্থায় শিকারের মূলনীতি ব্যক্ত করা হয়েছে এবং হালাল হারামের বিধান বর্ণনা করা হয়েছে। অর্থাৎ সব প্রাণী হালাল। তবে যেগুলোর ব্যাপারে আল্লাহ ও তার রসুলের হারাম হওয়ার ঘোষণা রয়েছে সেগুলো ছাড়া। দ্বিতীয় আয়াতে আল্লাহর সাথে কৃত চুক্তি পূর্ণ করার কথা বলা হয়েছে এবং দৃঢ় শপথ ভঙ্গ না করতে নির্দেশ দেওয়া হয়েছে।

ওয়াদা বা অঙ্গীকার :

কারো সাথে মৌখিকভাবে বা লিখিতভাবে চুক্তি করা বা কথা দেওয়াকে ওয়াদা বা অঙ্গীকার বলে। অঙ্গীকার দু'প্রকার। যথা-

১. **আল্লাহ ও বান্দার মাঝে অঙ্গীকার**। যেমন– সৃষ্টির সূচনালগ্নে আল্লাহ বান্দার থেকে অঙ্গীকার নিয়েছেন এই বলে ألست بربكم আমি কি তোমাদের প্রভু নই? তখন সকল সৃষ্টি তাঁকে নির্বিবাদে প্রভু বলে স্বীকৃতি দিয়েছিল। এ হচ্ছে আল্লাহ ও বান্দার মাঝে কৃত অঙ্গীকার। মুমিন হোক, কাফের হোক প্রত্যেকেই এ অঙ্গীকার করেছে। তাছাড়া মুমিনগণ আরো একটি অঙ্গীকার করেছে لا إله إلا الله محمد رسول الله স্বীকারের মাধ্যমে। এ অঙ্গীকারের সারমর্ম হলো, আল্লাহর বিধানাবলির পূর্ণ আনুগত্য করা ও তার সন্তুষ্টি অর্জন করা।

২. **দ্বিতীয় অঙ্গীকার হচ্ছে– কোনো এক মানুষের অঙ্গীকার অপর মানুষের সাথে**। এতে ব্যক্তির সামাজিক, রাজনৈতিক, বাণিজ্যিক ও লেনদেন সম্পর্কিত চুক্তি অন্তর্ভুক্ত।

প্রথম প্রকারের অঙ্গীকার পূর্ণ করা সকল মানুষের উপর ফরজ। আর ২য় প্রকারের মধ্যে যেসব চুক্তি শরিয়ত বিরোধী নয় সেগুলো পূর্ণ করা ফরজ।

শরিয়ত বিরোধী হলে প্রতিপক্ষকে জানিয়ে সমঝোতার মাধ্যমে তা শেষ করে দেওয়া ওয়াজিব। দ্বিপাক্ষিক অঙ্গীকার যদি কোনো এক পক্ষ পূর্ণ না করে তবে সালিশে উত্থাপন করে তাকে পূর্ণ করতে বাধ্য করার অধিকার প্রতিপক্ষের রয়েছে। শরিয়ত সম্মত ওজর ব্যতিত কারও সাথে ওয়াদা করে তা ভঙ্গ করলে সে গুনাহগার হবে এবং মুনাফিকের কাতারে শামিল হবে। হাদিস শরিফে এসেছে–

اٰيَةُ الْمُنَافِقِ ثَلَاثٌ اِذَا وَعَدَ أَخْلَفَ وَاِذَا حَدَّثَ كَذَبَ وَاِذَا اؤْتُمِنَ خَانَ (البخاري)

অর্থাৎ, মুনাফিকের আলামত তিনটি। (১) যখন ওয়াদা করে তা ভঙ্গ করে, (২) কথা বললে মিথ্যা বলে, (৩) আমানত রাখলে খেয়ানত করে।

ওয়াদা পূর্ণ করার গুরুত্ব বর্ণনা করে আল্লাহ তাআলা বলেন, وأوفوا بالعهد إن العهد كان مسؤولا

অর্থাৎ, এবং প্রতিশ্রুতি পালন কর; নিশ্চয়ই প্রতিশ্রুতি সম্পর্কে কৈফিয়ত তলব করা হবে।

অঙ্গীকার ভঙ্গ করা হারাম। মূলত যেসব লেনদেন ও চুক্তি কথার মাধ্যমে জরুরি করে নেয়া হয়। তাতে কসম খাওয়া হোক বা না হোক, কাজ করার সাথে সম্পর্কযুক্ত হোক বা না করার সাথে সম্পর্ক যুক্ত করা হোক সবগুলোই অঙ্গীকারের শামিল। (মাআরেফুল কুরআন পৃ-৭৫৪)

কারও সাথে অঙ্গীকার কারার পর অঙ্গীকার ভঙ্গ করা কবিরা গুনাহ এর অন্তর্ভুক্ত। কিন্তু অঙ্গীকার ভঙ্গ করার কারণে কোনো নির্দিষ্ট কাফফারা দিতে হয় না, বরং পরকালে শাস্তি ভোগ করতে হবে। রসুল (ﷺ) বলেন, কিয়ামতের দিন অঙ্গীকার ভঙ্গকারীর পিঠে একটি পতাকা লাগিয়ে দেওয়া হবে, যা হাশরের মাঠে তার অপমানের কারণ হবে।

চুক্তি ও অঙ্গীকার পূর্ণ করার ব্যাপারে সুরা মায়েদার প্রথম আয়াত সবিশেষ গুরুত্বের দাবিদার। এ কারণেই রসুল (ﷺ) যখন আমর ইবনে হাজমকে শাসনকর্তা নিযুক্ত করে প্রেরণ করেন এবং একটি ফরমান লিখে তার হাতে অর্পণ করেন তখন উক্ত ফরমানের শিরোনামে নিম্নোক্ত আয়াতটি লিখে দেন। আয়াতটি হলো, يا أيها الذين امنوا أوفوا بالعقود - হে মুমিনগণ! তোমরা অঙ্গীকার পূর্ণ কর।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. অঙ্গীকার পূর্ণ করা ওয়াজিব।
২. মুহরিম ব্যক্তি ছাড়া অন্যদের জন্য প্রাণী শিকার বৈধ।
৩. আল্লাহ তাআলা সবকাজের হুকুমদাতা।
৪. শপথ ভঙ্গ করা হারাম।
৫. অঙ্গীকার শরিয়ত বিরোধী না হলে পূর্ণ করা ওয়াজিব।

অনুশীলনী

(ক) বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. ওয়াদা ভঙ্গ করা কার আলামত ?

ক. কাফেরের　　খ. মুশরেকের
গ. মুনাফিকের　　ঘ. ফাসেকের

২. عقود এর مفرد কী ?

ক. عقاد　　খ. عقد
গ. عقدة　　ঘ. عقادة

৩. أحلت এর باب কী ?

ক. إفعال খ. إفعل

গ. ضرب ঘ. نصر

৪. إن الله يحكم ما يريد এটি কোন প্রকারের جملة ?

ক. اسمية খ. فعلية

গ. ظرفية ঘ. شرطية

নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :

নিয়াজ তার বন্ধু রিয়াজের নিকট থেকে দশ হাজার টাকা ধার নিয়েছিল, চলতি মাসের ৩০ তারিখ দিবে এ শর্তে। কিন্তু উল্লেখিত তারিখে সে রিয়াজের টাকা দেয়নি। এমনকি তার সাথে কোনো সাক্ষাতও করেনি।

৫. নিয়াজের কর্মের দ্বারা কোন দলের কথা স্মরণ হয় ?

ক. المسلم খ. المجاهد

গ. الكافر ঘ. المنافق

৬. রিয়াজ নিয়াজকে উপদেশ দিতে পারে নিচের যে আয়াত দ্বারা সেটি হলো–

ক. يا أيها الذين امنوا أوفوا بالعقود খ. يا أيها الذين امنوا ادخلوا في السلم كافة

গ. ياأيها الذين امنوا بالله ঘ. يا أيها الذين امنوا اتقوا الله

(খ) সৃজনশীল প্রশ্ন :

ইমাম সাহেব জুমার সালাতের পূর্বে আলোচনা করতে গিয়ে বললেন, অঙ্গীকার বা ওয়াদা পূরণ একজন মুমিনের অন্যতম গুণ। কারণ,আমরা সকলেই আল্লাহর কাছে অঙ্গীকার করে এ পৃথিবীতে এসেছি। এ কথা শ্রবণান্তে নিয়ামত সাহেব বললেন, আজকের সমাজে সম্মানি ব্যক্তিদের মাঝেও এর বাস্তবায়ন অনেক সময় পাওয়া যায় না।

ক. أوفوا শব্দের অর্থ কী ?

খ. إن الله يعلم ما تفعلون এর ব্যাখ্যা কর।

গ. ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর।

ঘ. নিয়ামত সাহেবের মন্তব্য সঠিক হলে সমাজে কোন ধরনের পদক্ষেপ নেয়া যেতে পারে বিশ্লেষণ কর।

(খ) আখলাকে যামিমা বা অসৎ চরিত্র

১ম পাঠ

খারাপ ধারণা

ইসলাম শান্তির ধর্ম। সামাজিক শান্তি–শৃঙ্খলা প্রতিষ্ঠার প্রতি ইসলামে অধিকতর গুরুত্ব দেওয়া হয়েছে। এ জন্য কুধারণা করা, গিবত ও পরনিন্দাকে হারাম ঘোষণা করা হয়েছে। কেননা, এসব থেকেই সমাজে ঝগড়া–বিবাদ ও বিশৃংখলার সুত্রপাত ঘটে। এ সম্পর্কে আল্লাহ তাআলা বলেন-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াত	অনুবাদ
١٢- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اجْتَنِبُوْا كَثِيْرًا مِّنَ الظَّنِّ اِنَّ بَعْضَ الظَّنِّ اِثْمٌ وَّلَا تَجَسَّسُوْا وَلَا يَغْتَبْ بَّعْضُكُمْ بَعْضًا ۭ اَيُحِبُّ اَحَدُكُمْ اَنْ يَّاْكُلَ لَحْمَ اَخِيْهِ مَيْتًا فَكَرِهْتُمُوْهُ ۭ وَاتَّقُوا اللّٰهَ ۭ اِنَّ اللّٰهَ تَوَّابٌ رَّحِيْمٌ . (سورة الحجرات:١٢)	১২.হে মুমিনগণ, তোমরা অধিকাংশ অনুমান থেকে দূরে থাক। কারণ অনুমান কোন কোন ক্ষেত্রে পাপ এবং তোমরা একে অপরের গোপনীয় বিষয় সন্ধান করিও না। এবং একে অপরের পিছনে নিন্দা করিও না। তোমাদের মধ্যে কি কেউ তার মৃত ভাইয়ের গোশত খেতে চাবে? বস্তুত তোমরা একে ঘৃণার্হ মনে কর। তোমরা আল্লাহকে ভয় কর। আল্লাহ তাওবা গ্রহণকারী, পরম দয়ালু। (সুরা হুজুরাত, ১২)

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

امنوا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব إفعال মাসদার الإيمان মাদ্দাহ أ+م+ن জিনস مهموز فاء অর্থ- তারা বিশ্বাস আনায়ন করল।

اجتنبوا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব افتعال মাসদার الاجتناب মাদ্দাহ ج+ن+ب জিনস صحيح অর্থ- তোমরা বেঁচে থাকো।

لا تجسسوا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ نهي حاضر معروف বাব تفعل মাসদার التجسس মাদ্দাহ ج+س+س জিনস مضاعف ثلاثي অর্থ- তোমরা দোষ অনুসন্ধান করো না।

ولا يغتب : و টি حرف عطف ছিগাহ واحد مذكر غائب বাহাছ نهي غائب معروف বাব افتعال মাসদার الاغتياب মাদ্দাহ غ+ي+ب জিনস أجوف يائي অর্থ- এবং সে যেন পিছনে দোষ চর্চা না করে বা গিবত না করে।

أ يحب : أ শব্দটি حرف استفهام ছিগাহ واحد مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإحباب মাদ্দাহ ح+ب+ب জিনস مضاعف ثلاثي অর্থ- সে কি পছন্দ করে বা ভালোবাসে?

أن يأكل : أن শব্দটি (مصدرية) حرف ناصب ছিগাহ واحد مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব نصر মাসদার الأكل মাদ্দাহ أ+ك+ل জিনস مهموز فاء অর্থ- খাওয়া।

اتقوا : ছিগাহ جمع مذكر حاضر বাহাছ أمر حاضر معروف বাব افتعال মাসদার الاتقاء মাদ্দাহ و+ق+ي জিনস لفيف مفروق অর্থ- তোমরা ভয় কর।

رحيم : এটি صفة مشبهة মাসদার الرحمة মাদ্দাহ ر+ح+م জিনস صحيح অর্থ- অতি দয়ালু। এটি আল্লাহ তাআলার একটি সিফাতি নাম।

তারকিব :



মূল বক্তব্য :

আলোচ্য আয়াতে আল্লাহ তাআলা কুধারণা করতে নিষেধ করেছেন এবং গোয়েন্দাগিরি করা ও গিবত করাকে হারাম সাব্যস্ত করেছেন। পরিশেষে এ সমস্ত গুনাহ থেকে বিরত থাকার উপদেশ দিয়েছেন।

اجتنبوا كثيرا من الظن :

অত্র আয়াতাংশে আল্লাহ তাআলা খারাপ ধারণা পোষণ করতে বারণ করতে গিয়ে বলেন, "হে ঈমানদারগণ। তোমরা অধিকহারে ধারণা করা থেকে বেঁচে থাক। কেননা, কিছু কিছু ধারণা পাপ।

আয়াতে ظن অর্থ ধারণা করা বা আন্দাজে কথা বলা। তবে ধারণা দ্বারা ظن سوء বা কুধারণা উদ্দেশ্য এবং উহাই শুধুমাত্র হারাম। আল্লামা ইবনে কাসির রহ. বলেন, আলোচ্য আয়াতে অপবাদ হয়ে যাওয়ার ভয়ে অধিকহারে ধারণা করা থেকে বারণ করা হয়েছে।

হজরত উমার (رضي الله عنه) বলেন, তোমার মুসলিম ভাই থেকে কোনো কথা প্রকাশ পেলে তা ভালো অর্থে প্রয়োগ করা সম্ভব হলে শুধুমাত্র ভালো অর্থই গ্রহণ কর। (ইবনে কাসির)

মুমিন ব্যক্তির সম্মান ও মর্যাদা সম্পর্কে হাদিস শরিফে আছে, মহানবি (ﷺ) (কাবা তাওয়াফ করার সময় কাবাকে খেতাব করে) বলেন, ঐ সত্তার শপথ, যার হাতে মুহাম্মদ (ﷺ) এর প্রাণ, আল্লাহর নিকট মুমিনের মর্যাদা তোমা অপেক্ষা বেশী। (ইবনে মাজাহ)

প্রকাশ থাকে যে, ظن বা ধারণা চার প্রকার। যথা –

১. হারাম ধারণাঃ আল্লাহর প্রতি কুধারণা পোষণ করা। যেমন, তিনি আমাকে শাস্তি দেবেন বা সর্বদা বিপদেই রাখবেন। এমনিভাবে যে মুসলমানকে বাহ্যিকভাবে সৎ মনে হয় তার সম্পর্কে কুধারণা করাও হারাম। হাদিসে আছে : إِيَّاكُمْ وَالظَّنَّ فَإِنَّ الظَّنَّ أَكْذَبُ الْحَدِيْثِ তোমরা কুধারণা করা হতে বেঁচে থাক। কেননা, কুধারণা সবচেয়ে বড় মিথ্যা কথা। (তিরমিজি)

২. ওয়াজিব ধারণা : যেখানে কুরআন ও হাদিসের স্পষ্ট প্রমাণ নেই সেখানে প্রবল ধারণানুযায়ী আমল করা واجب যেমন : মোকাদ্দামার ফয়সালা নির্ভর সাক্ষীদের সাক্ষ্যানুযায়ী রায় দেওয়া।

৩. জায়েজ ধারণাঃ যেমন সালাতের রাকাত সম্পর্কে সন্দেহ হলে (৩/৪ রাকাত) তখন প্রবল ধারণানুযায়ী আমল করা জায়েজ।

৪. মুস্তাহাব ধারণাঃ সাধারণভাবে প্রত্যেক মুসলমান সম্পর্কে ভালো ধারণা পোষণ করা মুস্তাহাব। হাদিসে আছে – حُسْنُ الظَّنِّ مِنْ حُسْنِ الْعِبَادَةِ অর্থাৎ, ভালো ধারণা পোষণ করা উত্তম ইবাদতের অন্তর্ভুক্ত। (আবু দাউদ, বায়হাকি)

تجسس :

গোয়েন্দাগিরি করা বা কারো দোষ সন্ধান করা। কোনো মুসলমানের দোষ অনুসন্ধান করে বের করা জায়েজ নয়। হাদিস শরিফে আছে, যে ব্যক্তি মুসলমানদের দোষ অনুসন্ধান করবে, আল্লাহ তার দোষ অনুসন্ধান করবেন। আর আল্লাহ যার দোষ অনুসন্ধান করেন তাকে স্বগৃহে লাঞ্ছিত করেন। (কুরতুবি)

সুতরাং, গোপনে বা নিদ্রার ভান করে কারো কথাবার্তা শোনা নিষিদ্ধ এবং تجسس এর অন্তর্ভুক্ত। এটা যদি ক্ষতির আশংকা থাকে কিংবা নিজের বা অন্য মুসলমানদের হেফাজতের উদ্দেশ্য থাকে তবে শত্রুর গোপন ষড়যন্ত্র ও দুরভিসন্ধিমূলক কথাবার্তা গোপনে শোনা জায়েজ। (বয়ানুল কুরআন)

الغيبة :

গিবত কথাটা غيب হতে এসেছে। যার অর্থ –অনুপস্থিত । আর গিবত অর্থ পশ্চাতে নিন্দা করা। পরিভাষায়- ذِكْرُكَ أَخَاكَ بِمَا يَكْرَهُ فِيْ حَالِ غَيْبِهِ তোমার ভাইয়ের অনুপস্থিতিতে তাকে কষ্ট দেয় এমন বিষয় আলোচনা করাকে গিবত বলা হয়।

কারো গিবত করা হারাম। যদি উল্লেখিত দোষ সংশ্লিষ্ট ব্যক্তির মধ্যে থাকে, তবে তা গিবত হবে। অন্যথায় অপবাদ হবে ; যা আরো মারাত্মক। গিবত করা কবিরা গুনাহ। একে পবিত্র কুরআনে মৃত ভাইয়ের গোশত খাওয়ার সাথে তুলনা করা হয়েছে। গিবত করা ও গিবত শ্রবণ করা সমান অপরাধ। হজরত মায়মুন রহ. বলেন : একদিন আমি স্বপ্নে দেখলাম. জনৈক সঙ্গী ব্যক্তির মৃতদেহ পড়ে আছে এবং এক ব্যক্তি আমাকে বলছে, একে ভক্ষণ কর। আমি বললাম, আমি একে কেন ভক্ষণ করব ? সে বলল, তুমি অমুক ব্যক্তির সঙ্গী গোলামের গিবত করেছ। আমি বললাম, আল্লাহর কসম আমি তো তার সম্পর্কে কোনো মন্দ কথা বলিনি। সে বলল, হ্যাঁ, একথা ঠিক। কিন্তু তুমি তার গিবত শুনেছ এবং এতে সম্মত রয়েছ। এ ঘটনার পর থেকে হজরত মায়মুন রহ. নিজে কখনও কারো গিবত করেননি এবং তার মজলিসে কারো গিবত করতে দেননি। (মাজহারি)

একটি হাদিসে রসুল (ﷺ) বলেন- الغيبة أشد من الزنا (رواه البيهقي في شعب الإيمان عن أنس)

অর্থাৎ, গিবত ব্যভিচারের চাইতেও মারাত্মক গুনাহ। অপর বর্ণনায় আছে, সাহাবায়ে কেরাম আরজ করলেন, এটা কিরূপে? তিনি বললেন, এক ব্যক্তি ব্যভিচার করার পর তাওবা করলে তার গুনাহ মাফ হয়ে যায়। কিন্তু যে গিবত করে তাকে গিবতকৃত ব্যক্তি মাফ না করা পর্যন্ত তার গুনাহ মাফ হয় না। (মাজহারি)

তাই গিবতকৃতের নিকট থেকে মাফ চেয়ে নিতে হবে। সে মারা গেলে তার কবর জিয়ারত করে তার জন্য দোআ করলে মাফের আশা করা যায়।

গিবত যেমন কথা দ্বারা হয়, তেমনি কর্ম ও ইশারা দ্বারাও হয়। শিশু, পাগল ও কাফেরের গিবত করাও হারাম। তবে প্রকাশ্য ফাসিকের অপকর্মের কথা বলা, কাজির কাছে নালিশের জন্য কারো দোষ বলা ইত্যাদি গিবতের পর্যায়ভুক্ত নয়।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত:

১. কুধারণা করা হারাম।
২. ধারণা করা থেকে বেঁচে থাকা উত্তম।
৩. অপরের দোষ অনুসন্ধান করা হারাম।
৪. গিবত করা হারাম।
৫. গিবত করা মানে মৃত ভাইয়ের গোশত খাওয়া।

অনুশীলনী

(ক) বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. أن يأكل এর মধ্যকার أن শব্দটি কী ?

ক. حرف ناصب
খ. حرف جازم
গ. حرف مشبه بالفعل
ঘ. حرف إيجاب

২. إن الله تواب رحيم বাক্যের رحيم শব্দটি তারকিবে কী হয়েছে ?

ক. صفة
খ. بيان
গ. خبر إن
ঘ. اسم إن

৩. ظَنّ কত প্রকার ?

ক. তিন
খ. চার
গ. পাঁচ
ঘ. ছয়

৪. ভালো ধারণা করা কী ?

ক. واجب
খ. سنة
গ. مستحب
ঘ. مباح

৫. মুমিনের মর্যাদা–

i. কুরআনের চেয়ে বেশী
ii. কাবার চেয়ে বেশী
iii. হাদিসের চেয়ে বেশী

নিচের কোনটি সঠিক?

ক. i
খ. ii
গ. iii
ঘ. i, ii ও iii

(খ) সৃজনশীল প্রশ্ন :

একদা আব্দুর রহিম ক্লাসে অনুপস্থিত ছিল। পরের দিন শিক্ষক তাকে জিজ্ঞেস করলেন, তুমি গতকাল কেন আসোনি ? খালেদ বলল, স্যার! সে মনে হয় অসুস্থ ছিল। আব্দুর রহিম বলল : স্যার, আমি মামা বাড়ি গিয়েছিলাম।

ক. ظن অর্থ কী ?

খ. কুধারণার বিধান কী ? বুঝিয়ে লেখ।

গ. খালেদের কাজটি ইসলামের দৃষ্টিতে বিচার কর।

ঘ. উক্ত পরিস্থিতিতে স্যারের কর্তব্য সম্পর্কে তোমার মতামত ব্যাখ্যা কর।

২য় পাঠ

ঠাট্টা–বিদ্রূপ ও উপহাস করা থেকে বিরত থাকা

ঠাট্টা–বিদ্রূপ ও উপহাস ঝগড়া–বিবাদের সূত্রপাত ঘটায়। যা সামাজিক শান্তি বিনষ্ট করে। ইসলাম সর্বদা অপরের সম্মান বজায় রাখতে অন্যকে উপহাস না করার জন্য নির্দেশ দান করেছে। এ সম্পর্কে মহান আল্লাহ তাআলার অমীয় বাণী হলো–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১১. হে মু'মিনগণ ! কোন পুরুষ যেন অপর কোন পুরুষকে উপহাস না করে ; কেননা যাকে উপহাস করা হয় সে উপহাসকারী অপেক্ষা উত্তম হতে পারে এবং কোন নারী অপর কোন নারীকেও যেন উপহাস না করে; কেননা যাকে উপহাস করা হয় সে উপহাসকারিণী অপেক্ষা উত্তম হতে পারে । তোমরা একে অপরের প্রতি দোষারোপ কর না এবং তোমরা একে অপরকে মন্দ নামে ডেকো না ; ইমানের পর মন্দ নাম অতি মন্দ । যারা তওবা না করে তারাই জালিম । (সুরা হুজুরাত, ১১)	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا يَسْخَرْ قَوْمٌ مِّنْ قَوْمٍ عَسٰٓى اَنْ يَّكُوْنُوْا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَآءٌ مِّنْ نِّسَآءٍ عَسٰٓى اَنْ يَّكُنَّ خَيْرًا مِّنْهُنَّ وَلَا تَلْمِزُوْٓا اَنْفُسَكُمْ وَلَا تَنَابَزُوْا بِالْاَلْقَابِ بِئْسَ الِاسْمُ الْفُسُوْقُ بَعْدَ الْاِيْمَانِ وَمَنْ لَّمْ يَتُبْ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ . (سورة الحجرات :١١)

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

امنوا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব إفعال মাসদার الإيمان মাদ্দাহ أ+م+ن জিনস مهموز فاء অর্থ- তারা বিশ্বাস আনায়ন করল।

لا يسخر : ছিগাহ نهي غائب معروف বাহাছ واحد مذكر غائب বাব سمع মাসদার السخر মাদ্দাহ س+خ+ر জিনস صحيح অর্থ- সে যেন উপহাস না করে।

قوم : শব্দটি একবচন। বহুবচনে أقوام মাদ্দাহ ق+و+م জিনস أجوف واوي অর্থ- গোত্র।

أن : أن يكونوا শব্দটি حرف ناصب ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব نصر মাসদার الكون মাদ্দাহ ن + و + ك জিনস أجوف واوي অর্থ- তারা হবে।

نساء : শব্দটি বহুবচন। একবচনে امرأة অর্থ- মহিলাগণ।

لا تلمزوا : ছিগাহ نهي حاضر معروف বাহাছ جمع مذكر حاضر বাব ضرب মাসদার اللمز মাদ্দাহ ز+م+ل জিনস صحيح অর্থ- তোমরা সম্মুখে দোষ চর্চা করো না।

انفسكم : كم শব্দটি ضمير مجرور متصل আর أنفس শব্দটি বহুবচন। একবচনে نفس মাদ্দাহ س+ف+ن জিনস صحيح অর্থ- তোমাদের আত্মাসমূহ।

لا تنابزوا : ছিগাহ نهي حاضر معروف বাহাছ جمع مذكر حاضر বাব تفاعل মাসদার التنابز মাদ্দাহ ز+ب+ن জিনস صحيح অর্থ- তোমরা ব্যঙ্গ করো না।

فسوق : শব্দটি বাবে نصر থেকে মাসদার। অর্থ- পাপ, গুনাহ।

لم يتب : ছিগাহ مضارع منفي بلم الجحد معروف বাহাছ واحد مذكر غائب বাব نصر মাসদার التوبة মাদ্দাহ ب+و+ت জিনস أجوف واوي অর্থ- সে তাওবা করেনি।

ظالمون : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব ضرب মাসদার الظلم মাদ্দাহ م+ل+ظ জিনস صحيح অর্থ- জালিম বা অত্যাচারীগণ।

তারকিব :



শানে নুজুল:

হজরত আবু জুবায়ের আনসারি (رضي الله عنه) বলেন, এই আয়াত আমাদের সম্পর্কে নাজিল হয়েছে। রসুলুল্লাহ (ﷺ) যখন মদিনায় আগমন করেন তখন আমাদের অধিকাংশের দুই, তিনটি করে নাম ছিল। তন্মধ্যে কোনো কোনো নাম সংশ্লিষ্ট ব্যক্তিকে লজ্জা দেওয়া ও লাঞ্ছিত করার জন্য লোকেরা ব্যবহার করত। তখন প্রথম আয়াতটি অবতীর্ণ হয়।

টীকা :

سخرية :

سخرية শব্দটি আরবি। এর অর্থ উপহাস করা, বিদ্রূপ করা। পরিভাষায় – কোনো ব্যক্তিকে হেয় প্রতিপন্ন ও অপমান করার জন্য তার কোনো দোষ এমনভাবে উল্লেখ করা, যাতে শ্রোতারা হাসতে থাকে, তাকে سخرية বলা হয়। এটা যেমন মুখের দ্বারা হতে পারে, তেমনি হস্তপদ ইত্যাদি তথা অঙ্গ-প্রত্যঙ্গ দ্বারাও হতে পারে। কেউ কেউ বলেন, শ্রোতাদের হাসির উদ্রেক করে এমনভাবে কারো সম্পর্কে আলোচনা করাকে سخرية বলা হয়। ইহা সর্ববিস্থায় হারাম। নবি করিম (ﷺ) বলেন–

اَلْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُوْنَ مِنْ لِّسَانِهٖ وَيَدِهٖ (رواه البخاري)

যার হাত ও মুখ থেকে অপর মুসলমান নিরাপদ থাকে সেই প্রকৃত মুসলিম। (বুখারি)

لمز :

لمز আরবি শব্দ। এর অর্থ–কারো দোষ বের করা, দোষ প্রকাশ করা, দোষের কারণে ভর্ৎসনা করা ইত্যাদি। আয়াতে বলা হয়েছে لَا تَلْمِزُوْٓا اَنْفُسَكُمْ তোমরা নিজেরা নিজেদের দোষ বের করো না। অর্থাৎ অন্যের দোষ বের করো না, তাহলে সেও তোমার দোষ বের করবে। ফলে তুমিই তোমার নিজের দোষ বের করার কারণ হলে। প্রবাদে বলা হয় فيك عيوب وللناس عيون অর্থাৎ তোমার মধ্যেও দোষ আছে এবং মানুষেরও চোখ আছে। সুতরাং তুমি কারো দোষ বের করলে সেও তোমার দোষ বের করবে। তাই হাদিস শরিফে বলা হয়েছে–

طوبى لمن شغله عيبه عن عيوب الناس . (الديلمي عن أنس)

ঐ ব্যক্তির জন্য সুসংবাদ, যার নিজের দোষ অপরের দোষ চর্চা করা হতে বিরত রাখে। (দোয়লামি)

تنابز بالألقاب :

ইবনে আব্বাস (رضي الله عنه) বলেন, تنابز بالألقاب এর অর্থ হচ্ছে, কেউ কোনো গুনাহ অথবা মন্দ কাজ করে তাওবা করার পরেও তাকে সেই মন্দ কাজের নামে ডাকা। যেমন– কাউকে চোর, জিনাকারী ইত্যাদি বলে ডাকা। নবি করিম (ﷺ) বলেন, যে ব্যক্তি কোনো মুসলমানকে এমন গুনাহ দ্বারা লজ্জা দেয়, যা থেকে সে তাওবা করেছে, তাহলে তাকে সেই গুনাহে লিপ্ত করে ইহকাল ও পরকালে আল্লাহ তাআলা লাঞ্ছিত করেন। (কুরতুবি)

তবে কোনো ব্যক্তি যদি এমন নামে খ্যাত হয়ে যায় যা আসলে মন্দ এবং উপনাম ছাড়া তাকে কেউ চিনে না, তবে লজ্জা দেওয়ার ইচ্ছা না থাকলে তাকে ঐ নামে ডাকা বৈধ। যেমন- কোনো কোনো মুহাদ্দিসের নামের সাথে اعرج (লেংড়া) যুক্ত আছে। যেমন : عبد الرحمن الاعرج তবে ভালো নামে ডাকা সুন্নাত। প্রকাশ থাকে যে, উপরোক্ত খাসলাতগুলো সবই উপহাসমূলক বা অপমানজনক। তাই এ কাজগুলো হারাম। কেননা, মুসলমানের সম্মান নষ্ট করা বা তাকে হেয় করা কবিরা গুনাহ। হাদিস শরিফে আছে– إِنَّ مِنْ أَرْبَى الرِّبَا الْاِسْتِطَالَةُ فِيْ عِرْضِ الْمُسْلِمِ بِغَيْرِ حَقٍّ (أبو داود عن سعيد بن زيد) অর্থাৎ, অন্যায়ভাবে কোনো মুসলমানের সম্মান নষ্ট করা সবচেয়ে বড় সুদের অন্তর্ভুক্ত।

প্রকাশ থাকে যে, সুদের ৭০ টি গুনাহ। তন্মধ্যে ছোট গুনাহ হলো মায়ের সাথে ব্যভিচার করার সমতুল্য গুনাহ। আর তার চেয়ে বড় অপরাধ হলো মুসলমানকে অপমান করা। অপর একটি হাদিসে অন্যকে লাঞ্ছিত করাকে কিবর বা অহংকার বলা হয়েছে। যেমন মহানবি (ﷺ) বলেন– الكبر بطر الحق و غمط الناس অহমিকা বলতে বুঝায়, সত্যকে পদদলিত করা এবং মানুষকে লাঞ্ছিত করা। (বুখারি) আর অহংকারের পরিণতি সম্পর্কে তো সকলের জানা আছে। অর্থাৎ, অহংকার পতনের মূল।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. ঠাট্টা– বিদ্রূপ করা হারাম।
২. ঠাট্টাকারী অপেক্ষা ঠাট্টাকৃত ব্যক্তি উত্তম হতে পারে।
৩. কারো সামনা-সামনিও তার দোষ বলা যাবে না।
৪. কাউকে মন্দ বা বিকৃত নামে ডাকা নিষেধ।
৫. অপরকে ঠাট্টা-বিদ্রূপকারী জালিম।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. انفسكم এর মধ্যকার كم টি কোন ধরনের জমির ?

ক. مجرور متصل খ. منصوب متصل
গ. مرفوع متصل ঘ. مرفوع منفصل

২. قوم এর বহুবচন কী ?

ক. قومة খ. أقوام
গ. قومون ঘ. أقومة

৩. سخرية অর্থ কী ?

ক. নিন্দা করা খ. বিদ্রূপ করা
গ. গিবত করা ঘ. অপবাদ দেওয়া

৪. سخرية করা কী ?

ক. حرام খ. مكروه
গ. مباح ঘ. خلاف أولى

৫. أولئك هم الظالمون বাক্যে أولئك হলো–

i. اسم إشارة ii. مبتدأ
iii. خبر

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii
গ. i ও ii ঘ. i, ii ও iii

(খ) সৃজনশীল প্রশ্ন :

আব্দুর রহিম ও আব্দুল করিম দুই বন্ধু। আব্দুল করিম কালো এবং খাটো। কিন্তু আব্দুর রহিম লম্বা ও ফর্সা। মাঝে মধ্যে অন্যের সাথে তাল মিলিয়ে আব্দুর রহিম আব্দুল করিমকে কালুমিয়া ও বাটুল বলে ডাকে। এতে আব্দুল করিম মনে কষ্ট পায়।

(ক) ولا تنابزوا অর্থ কী ?

(খ) سخرية এর পরিচয় ও হুকুম বর্ণনা কর।

(গ) আব্দুর রহিমের কর্মকাণ্ড শরিয়তের দৃষ্টিতে বিচার কর।

(ঘ) দুই বন্ধুর প্রতি তোমার উপদেশ পাঠ্যপুস্তকের আলোকে লিপিবদ্ধ কর।

৩য় পাঠ

দ্বিমুখী স্বভাব (নামিমা)

ইসলাম সামাজিক শৃংখলায় বিশ্বাসী। তাই দ্বিমুখী স্বভাব বা চোগলখোরি স্বভাব এখানে নিষিদ্ধ। কেননা, সামাজিক শান্তি বিনষ্টে এগুলোর কার্যকারিতা সবচেয়ে বেশী। এ সম্পর্কে আল্লাহ তাআলা বলেন–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১। নুন-শপথ কলমের এবং তারা যা লিপিবদ্ধ করে তার, ২। আপনার প্রতিপালকের অনুগ্রহে আপনি উন্মাদ নন। ৩। আপনার জন্য অবশ্যই রয়েছে নিরবচ্ছিন্ন পুরস্কার, ৪। আপনি অবশ্যই মহান চরিত্রে অধিষ্ঠিত। ৫। শীঘ্রই আপনি দেখবেন এবং তারাও দেখবে- ৬। তোমাদের মধ্যে কে বিকারগ্রস্ত। ৭। আপনার প্রতিপালক তো সম্যক অবগত আছেন কে তাঁর পথ হতে বিচ্যুত হয়েছে এবং তিনি সম্যক জানেন তাদেরকে, যারা সৎপথপ্রাপ্ত। ৮। সুতরাং আপনি মিথ্যাচারীদের অনুসরণ করবেন না। ৯। তারা চায় যে, আপনি নমনীয় হন, তাহলে তারাও নমনীয় হবে, ১০। এবং অনুসরণ করবেন না তার- যে কথায় কথায় শপথ করে, যে লাঞ্ছিত, ১১। পিছনে নিন্দাকারী, যে একের কথা অপরের নিকট লাগিয়ে বেড়ায়। ১২। যে কল্যাণের কাজে বাধা দান করে, যে সীমালংঘনকারী, পাপিষ্ঠ। (সুরা কলম, ১-১২)	نٓ وَالْقَلَمِ وَمَا يَسْطُرُوْنَ (١) مَآ اَنْتَ بِنِعْمَةِ رَبِّكَ بِمَجْنُوْنٍ (٢) وَاِنَّ لَكَ لَاَجْرًا غَيْرَ مَمْنُوْنٍ (٣) وَ اِنَّكَ لَعَلٰى خُلُقٍ عَظِيْمٍ (٤) فَسَتُبْصِرُ وَيُبْصِرُوْنَ (٥) بِاَيِّيْكُمُ الْمَفْتُوْنُ (٦) اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ (٧) فَلَا تُطِعِ الْمُكَذِّبِيْنَ (٨) وَدُّوْا لَوْ تُدْهِنُ فَيُدْهِنُوْنَ (٩) وَلَا تُطِعْ كُلَّ حَلَّافٍ مَّهِيْنٍ (١٠) هَمَّازٍ مَّشَّآءٍۭ بِنَمِيْمٍ (١١) مَنَّاعٍ لِّلْخَيْرِ مُعْتَدٍ اَثِيْمٍ (١٢) [القلم: ١ – ١٢]

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

يسطرون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব نصر মাসদার السطر মাদ্দাহ ر + ط + س জিনস صحيح অর্থ- তারা লিপিবদ্ধ করে।

مجنون : ছিগাহ واحد مذكر বাহাছ اسم مفعول বাব ضرب মাসদার الجنون মাদ্দাহ ج + ن + ن জিনস مضاعف ثلاثي অর্থ- পাগল।

ممنون : ছিগাহ واحد مذكر বাহাছ اسم مفعول বাব نصر মাসদার المن মাদ্দাহ م+ن+ن জিনস مضاعف ثلاثي অর্থ- হ্রাসকৃত।

يبصرون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإبصار মাদ্দাহ ب + ص + ر জিনস صحيح অর্থ- তারা দৃষ্টি দিবে।

مفتون : ছিগাহ واحد مذكر বাহাছ اسم مفعول বাব ضرب মাসদার الفتنة মাদ্দাহ ف + ت + ن জিনস صحيح অর্থ- ফেতনায় পতিত।

مهتدين : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব افتعال মাসদার الاهتداء মাদ্দাহ ه + د + ي জিনস ناقص يائي অর্থ- হিদায়াতপ্রাপ্তগণ।

مكذبين : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব تفعيل মাসদার التكذيب মাদ্দাহ ك + ذ + ب জিনস صحيح অর্থ- মিথ্যাবাদীরা।

تدهن : ছিগাহ واحد مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإدهان মাদ্দাহ د + ه + ن জিনস صحيح অর্থ- তুমি খোশামোদ করবে।

يدهنون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإدهان মাদ্দাহ د + ه + ن জিনস صحيح অর্থ- তারা খোশামোদ করবে।

لا تطع : ছিগাহ واحد مذكر حاضر বাহাছ نهي حاضر معروف বাব إفعال মাসদার الإطاعة মাদ্দাহ ط + و + ع জিনস أجوف واوي অর্থ- তুমি আনুগত্য করো না।

معتدٍ : ছিগাহ واحد مذكر বাহাছ اسم فاعل বাব افتعال মাসদার الاعتداء মাদ্দাহ ع + د + و জিনস ناقص واوي অর্থ- সীমালংঘনকারী।

তারকিব :



মূল বক্তব্য :

আলোচ্য আয়াতগুলোতে আল্লাহ তাআলা লেখনী ও লেখার কসম করে বলেছেন যে, মুহাম্মদ (ﷺ) আল্লাহর নেয়ামতপ্রাপ্ত এবং সর্বশ্রেষ্ঠ চরিত্রের অধিকারী এবং তিনি চাটুকারী বা দ্বিমুখী স্বভাবের কোনো কাফেরের অনুসরণ করতে পারেন না।

শানে নুজুল :

ইবনে জুরাইজ (রহ.) বলেন, কাফেররা নবি করিম (ﷺ) কে বলত, তিনি পাগল। তখন আল্লাহ তাআলা নবিকে সান্ত্বনা দিতে নাজিল করেন- ما أنت بنعمة ربك بمجنون

টীকা:

ن ـ والقلم وما يسطرون : নুন। কলমের শপথ এবং তারা যা লিখে। ن হরফটি হরফে মুকাত্তাআত। যেমন, ق ـ ص ইত্যাদি। এর অর্থ আল্লাহ তাআলাই ভালো জানেন। কেননা, ইহা আয়াতে মুতাশাবিহাত। আর القلم বলে ভাগ্যলিখনীকে উদ্দেশ্য করা হয়েছে। যেমন, ইবনে আসাকির হজরত আবু হুরায়রা (رضي الله عنه) থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি রসুল (ﷺ) কে বলতে শুনেছি, নিশ্চয় আল্লাহ তাআলা প্রথম কলম সৃষ্টি করলেন। অতঃপর নুন তথা দোআত সৃষ্টি করলেন এবং কলমকে বললেন, কিয়ামত পর্যন্ত যা হবে তা লিখ। ফলে কলম তা লিখে ফেলল। যেমন, ইমাম

তবারানি ইবনে আব্বাস (رضي الله عنه) থেকে বর্ণনা করেন, রসুল (ﷺ) বলেন, আল্লাহ তাআলা সর্বপ্রথম কলম এবং হুত (মাছ) সৃষ্টি করলেন। কলমকে বললেন, তুমি লেখ। কলম বলল, কি লিখব, তিনি বললেন, কিয়ামত পর্যন্ত যা ঘটবে সব কিছু। অতঃপর তিনি তেলাওয়াত করলেন-

ن ـ والقلم وما يسطرون

وإنك لعلى خلق عظيم :

নিশ্চয় আপনি মহান চরিত্রের উপর অধিষ্ঠিত আছেন। হাদিস শরিফে আছে রসুল (ﷺ) বলেন, إن الله بعثني لأتمم مكارم الأخلاق নিশ্চয় আল্লাহ তাআলা আমাকে সচ্চরিত্র পূর্ণ করার জন্য পাঠিয়েছেন। (তাফসিরে মুনির)

মা আয়েশা (رضي الله عنها) থেকে বর্ণিত, তাকে একদা মহানবি (ﷺ) এর চরিত্র সম্পর্কে জিজ্ঞেস করা হলো, তিনি বললেন, কুরআনই তার চরিত্র। তুমি কি পড়নি? وإنك لعلى خلق عظيم হজরত ইবনে মাসউদ (رضي الله عنه) থেকে বর্ণিত, রসুল (ﷺ) বলেন – أدبني ربي فأحسن تأديبي আমার প্রভু আমায় আদব শিখিয়েছেন, ফলে আমার আদব সুন্দর হয়েছে। (ابن السمعاني) আর আল্লাহ তাআলা মহানবি (ﷺ) কে শিক্ষা দিয়েছেন – خذ العفو وأمر بالعرف و أعرض عن الجاهلين আপনি ক্ষমাপরায়ণতা অবলম্বন করুন, সৎকাজের নির্দেশ দিন এবং অজ্ঞদেরকে এড়িয়ে চলুন। অতঃপর যখন তিনি উক্ত চরিত্র গ্রহণ করলেন তখন আল্লাহ তাআলা বললেন- وإنك لعلى خلق عظيم হজরত আনাস (رضي الله عنه) বলেন, আমি দশ বছর নবি (ﷺ) এর খেদমত করেছি। তিনি কোনো দিন উফ বলেননি, কোনো দিন বলেননি কেন এ কাজটি করেছ বা কেন ওটা করোনি। (বুখারি) মা আয়েশা (رضي الله عنها) বলেন, রসুল (ﷺ) নিজ হাতে কখনো কোনো কর্মচারীকে বা স্ত্রীকে প্রহার করেননি। (আহমদ)

خلق: خلق অর্থ চরিত্র। চরিত্র মানব মনের এমন একটি বৈশিষ্ট্য যার কারণে তার থেকে সহজে ভালোকাজ প্রকাশ পায়। আর خلق عظيم হলো মহান চরিত্র যার উপরে আর কোনো চরিত্র নাই। মহানবি (ﷺ) বলেন, কিয়ামতের দিনে মিজানের পাল্লায় সচ্চরিত্রের চেয়ে ভারী আর কিছু হবে না। (তাফসিরে মুনির)

فلا تطع المكذبين :

অর্থাৎ, আপনি মিথ্যারোপকারীদের কথা মানবেন না। তারা তো চায়, আপনি প্রচার কার্যে কিছুটা নমনীয় হলে এবং শিরক ও প্রতিমা পূজায় তাদেরকে বাধা না দিলে তারা ও নমনীয় হয়ে যাবে এবং

আপনার প্রতি বিদ্রূপ, দোষারোপ ও নির্যাতন ত্যাগ করবে। (কুরতুবি)

ولا تطع كل حلاف مهين :

মুফতি শফি রহ. বলেন, এর অর্থ হলো– আপনি আনুগত্য করবেন না এমন ব্যক্তির, যে কথায় কথায় শপথ করে, যে লাঞ্ছিত, যে দোষারোপ করে, যে পশ্চাতে নিন্দা করে, যে একের কথা অপরের কাছে লাগায়, যে সৎকাজে বাধা দেয়, যে সীমালংঘন করে এবং যে অত্যধিক পাপাচারী।

هماز بنميم :

চোগলখোর বা দ্বিমুখী স্বভাবের অধিকারী। তাফসিরে ইবনে কাসিরে বলা হয়েছে, هماز بنميم বলা হয় ঐ ব্যক্তিকে, যে মানুষের মাঝে চলাফেরা করে তাদের উত্তেজিত করে, পারস্পরিক সম্পর্ক বিনষ্ট করার জন্য একের কথা অন্যের নিকট বর্ণনা করে। এ সম্পর্কে হজরত ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে, একদা রসুল (ﷺ) ২টি কবরের পাশ দিয়ে যাচ্ছিলেন। তিনি বললেন, এ দু'জনকে আজাব দেওয়া হচ্ছে। তবে কোনো বড় বিষয়ের জন্য নয়। একজন পেশাব থেকে বাঁচতো না। অপরজন চোগলখোরি করত। (বুখারি) হজরত হুজাইফা (রাঃ) থেকে বর্ণিত, রসুল (ﷺ) বলেন – لا يدخل الجنة قتات أي نمام চোগলখোর জান্নাতে প্রবেশ করবে না। (আহমদ) হজরত আব্দুর রহমান বিন গানাম (রাঃ) বলেন, রসুল (ﷺ) বলেন, আল্লাহর বান্দাদের মাঝে সর্বোৎকৃষ্ট হলো ঐ ব্যক্তি, যাকে দেখলে আল্লাহর কথা স্মরণ হয় আর সর্বোনিকৃষ্ট হলো ঐ ব্যক্তি যে চোগলখোরি করে প্রিয় ব্যক্তিদের মাঝে ভাঙন সৃষ্টি করে এবং যে পূত পবিত্রদের অশালীন কাজে জড়াতে চায়। (আহমদ) نميمة শব্দের মূল অর্থ– প্রকাশ করা, উত্তেজিত করা। পরিভাষায়– ঝগড়া সৃষ্টির উদ্দেশ্যে একের কথা অন্যের কাছে প্রকাশ করাকে নামিমা বা দ্বিমুখী স্বভাব বলে। ইসলামে নামিমা হারাম।

গিবত ও নামিমা তথা চোগলখোরির মধ্যে পার্থক্য হলো– গিবত করার সময় ঝগড়া সৃষ্টির উদ্দেশ্য থাকে না, কিন্তু চোগলখোরিতে ঝগড়া সৃষ্টির উদ্দেশ্য থাকে।

হুকুম :

ইমাম জাহাবি রহ. বলেন, নামিমা সর্বসম্মতিক্রমে হারাম এবং কবিরা গুনাহ। ইহা গিবত অপেক্ষা মারাত্মক। কারণ , গিবতে ঝগড়া সৃষ্টির উদ্দেশ্য থাকে না, কিন্তু নামিমায় তা থাকে। সর্বোপরি কথা হলো দ্বিমুখী স্বভাব বা নামিমা একটি জঘন্য চরিত্র। আমাদের সকলকে এ থেকে বাঁচতে হবে।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. কলম একটি গুরুত্বপূর্ণ ও পবিত্র বস্তু ।
২. মহানবি (ﷺ) সর্বশ্রেষ্ট চরিত্রের অধিকারী।
৩. মিথ্যুকের অনুসরণ করা হারাম।
৪. অধিক শপথ করা পাপী লোকের স্বভাব।
৫. চোগলখোরী করা মহাপাপ।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. القلم শব্দের বহুবচন কী ?

ক. القلام　　খ. الأقلام

গ. القلوم　　ঘ. الأقلمة

২. আনাস (رضي الله عنه) মহানবি (ﷺ) এর খেদমত করেছেন কত বছর ?

ক. ১০ বছর　　খ. ১২ বছর

গ. ১৫ বছর　　ঘ. ২০ বছর

৩. মহানবি (ﷺ) এর চরিত্র ছিল –

i. কুরআন　　ii.হাদিস

iii. আহার

নিচের কোনটি সঠিক ?

ক. i　　খ. ii

গ. iii　　ঘ. i, ii ও iii

৪. মহানবি (ﷺ) এর চরিত্রকে কী বলা হয় ?

ক. خلق كبير　　খ. خلق عظيم

গ. خلق جميل　　ঘ. خلق حسن

৫. نميمة এর হুকুম কী ?

ক. حرام　　খ. مكروه

গ. مباح　　ঘ. خلاف أولى

খ. সৃজনশীল প্রশ্ন :

একদা খালেদ ও যায়েদ কোনো একটি বিষয় নিয়ে আলাপ করছিল। পরদিন যায়েদ উক্ত ঘটনা আব্দুল করিমের নিকট বলতে গিয়ে বলল, খালেদ তোমাকে অপমান করতে চায়। এতে আব্দুল করিম উত্তেজিত হয়ে উঠল।

ক. مشّاء بنميم অর্থ কী ?

খ. নামিমা ও গিবতের মধ্যে পার্থক্য কী ?

গ. যায়েদের কাজটি শরিয়ার দৃষ্টিতে বিচার কর।

ঘ. আব্দুল করিমের প্রতি তোমার কী উপদেশ হতে পারে? বর্ণনা কর।

৪র্থ পাঠ

জুলুম

ইসলাম চির সুন্দর ধর্ম। তাই এতে হক্কুল ইবাদের প্রতি অত্যাধিক গুরুত্বারোপ করা হয়েছে। জুলুম করা হক্কুল ইবাদ প্রতিষ্ঠার বিপরীত। তাই ইসলামে সামান্য পরিমাণ জুলুমও হারাম। এ সম্পর্কে আল্লাহ তাআলা বলেন–

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
৪০. মন্দের প্রতিফল অনুরূপ মন্দ এবং যে ক্ষমা করে দেয় ও আপোস-নিষ্পত্তি করে তার পুরস্কার আল্লাহর নিকট আছে। আল্লাহ জালেমদের পছন্দ করেন না। ৪১. তবে অত্যাচারিত হবার পর যারা প্রতিবিধান করে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হবে না; ৪২. কেবল তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে যারা মানুষের উপর অত্যাচার করে এবং পৃথিবীতে অন্যায়ভাবে বিদ্রোহাচরণ করে বেড়ায়, তাদের জন্য মর্মন্তুদ শাস্তি। ৪৩. অবশ্য যে ধৈর্য ধারণ করে এবং ক্ষমা করে দেয়, এটা তো হবে দৃঢ় সংকল্পেরই কাজ। (সুরা শুরা, ৪০-৪৩)	٤٠- وَجَزٰٓؤُا سَيِّئَةٍ سَيِّئَةٌ مِّثْلُهَا ۚ فَمَنْ عَفَا وَاَصْلَحَ فَاَجْرُهٗ عَلَى اللّٰهِ ۗ اِنَّهٗ لَا يُحِبُّ الظّٰلِمِيْنَ ٤١- وَلَمَنِ انْتَصَرَ بَعْدَ ظُلْمِهٖ فَاُولٰٓئِكَ مَا عَلَيْهِمْ مِّنْ سَبِيْلٍ ٤٢- اِنَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَظْلِمُوْنَ النَّاسَ وَيَبْغُوْنَ فِى الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ ۗ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ٤٣- وَلَمَنْ صَبَرَ وَغَفَرَ اِنَّ ذٰلِكَ لَمِنْ عَزْمِ الْاُمُوْرِ. (سورة الشورى:٤٠-٤٣)

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

أصلح : ছিগাহ واحد مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব إفعال মাসদার الإصلاح মাদ্দাহ ص+ل+ح জিনস صحيح অর্থ- সে সংশোধন করল।

لا يحب : ছিগাহ مضارع منفي معروف বাহাছ واحد مذكر غائب বাব إفعال মাসদার الإحباب মাদ্দাহ ح+ب+ب জিনস مضاعف ثلاثي অর্থ- তিনি ভালোবাসেন না।

الظالمين : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব ضرب মাসদার الظلم মাদ্দাহ ظ+ل+م জিনস صحيح অর্থ- জালিমগণ বা অত্যাচারীগণ।

انتصر : ছিগাহ ماضي مثبت معروف বাহাছ واحد مذكر غائب বাব افتعال মাসদার الانتصار মাদ্দাহ ن+ص+ر জিনস صحيح অর্থ- সে প্রতিশোধ গ্রহণ করল।

يظلمون : ছিগাহ مضارع مثبت معروف বাহাছ جمع مذكر غائب বাব ضرب মাসদার الظلم মাদ্দাহ ظ+ل+م জিনস صحيح অর্থ- তারা অত্যাচার করে বা জুলুম করে।

ويبغون : و শব্দটি حرف عطف ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব ضرب মাসদার البغي মাদ্দাহ ب+غ+ي জিনস ناقص يائي অর্থ- আর তারা বিদ্রোহ করে।

أليم : শব্দটি فعيل ওজনে اسم فاعل مبالغة মাদ্দাহ أ+ل+م জিনস مهموز فاء অর্থ- কষ্টদায়ক।

صبر : ছিগাহ ماضي مثبت معروف বাহাছ واحد مذكر غائب বাব ضرب মাসদার الصبر মাদ্দাহ ص+ب+ر জিনস صحيح অর্থ- সে ধৈর্যধারণ করল।

وغفر : و শব্দটি حرف عطف ছিগাহ ماضي مثبت معروف বাহাছ واحد مذكر غائب বাব ضرب মাসদার المغفرة মাদ্দাহ غ+ف+ر জিনস صحيح অর্থ- সে ক্ষমা করল।

তারকিব :



মূল বক্তব্য :

আলোচ্য আয়াতগুলোতে মহান আল্লাহ তাআলা জুলুমের পরিণাম সম্পর্কে উল্লেখ করেছেন। সাথে সাথে জুলুমের প্রতিবাদ করলে বা জুলুমকারীকে সংশোধন করলে তার প্রতিদানের কথাও উল্লেখ করেছেন। পাঠ শেষে জালেমের করুণ পরিণতির কথা বর্ণনা করা হয়েছে।

টীকা :

وجزاء سيئة سيئة مثلها :

আর মন্দের প্রতিদান সমমন্দ। এ আয়াতের আলোকে মুফাসসিরগণ মুমিনদেরকে ২ ভাগে ভাগ করেছেন। যথা –

১. যারা জালেমকে ক্ষমা করেন এবং প্রতিশোধ নেন না।

২. যারা জালেমদের কাছ থেকে প্রতিশোধ গ্রহণ করে থাকেন।

আলোচ্য আয়াতে ২য় প্রকারের মাজলুম মুমিনদের কথা আলোচনা করা হয়েছে। যারা জালেমদের কাছ থেকে প্রতিশোধ গ্রহণ করে। তবে তাদের প্রতিশোধ গ্রহণের সীমারেখাও দিয়ে দেওয়া হয়েছে। বলা হয়েছে– وجزاء سيئة سيئة مثلها মন্দের প্রতিফল অনুরূপ মন্দই হয়ে থাকে। মুফতি শফি রহ. বলেন, "তোমার যতটুকু আর্থিক বা শারিরীক ক্ষতি কেউ করে, তুমি ঠিক ততটুকুই তার ক্ষতি কর। তবে শর্ত হলো তোমার মন্দ কর্মটি যেন পাপকর্ম না হয়। যেমন, কেউ কাউকে জোরপূর্বক মদ পান করিয়ে দিলে তার জন্য উক্ত ব্যক্তিকেও বলপূর্বক মদ পান করিয়ে দেওয়া জায়েজ হবে না। (معارف القران)

প্রতিশোধ গ্রহণের নীতি সম্পর্কে আল্লাহ তাআলা বলেন –

وإن عاقبتم فعاقبوا بمثل ما عوقبتم به (النحل:١٢٦)

যদি তোমরা শাস্তি দাও, তবে ঠিক ততটুকু শাস্তি দিবে যতটুকু অন্যায় তোমাদের প্রতি করা হয়েছে। (সূরা নাহল, ১২৬)

প্রকাশ থাকে যে, যদিও সমান সমান প্রতিশোধ নেয়ার অনুমতি দেওয়া হয়েছে, কিন্তু পরে এ কথাও বলে দেওয়া হয়েছে যে, فمن عفا و أصلح فأجره على الله যে ব্যক্তি ক্ষমা করে এবং আপোষ নিষ্পত্তি করে তার পুরস্কার আল্লাহ তাআলার দায়িত্বে রয়েছে। এতে নির্দেশনা রয়েছে যে, ক্ষমা করাই উত্তম। যেমন হজরত আলি (رضي الله عنه) থেকে বর্ণিত আছে, واعف عمن ظلمك যে তোমার প্রতি জুলুম করে তাকে মাফ করে দাও।

হজরত হাসান বসরি রহ. বলেন, কিয়ামতের দিনে একজন ঘোষক ঘোষণা দিবে যে, আল্লাহর নিকট যার পাওনা আছে সে দাঁড়াও। তখন কেউ দাঁড়াবে না, তবে শুধু ঐ ব্যক্তি দাঁড়াবে যে ক্ষমা করেছিল।

ক্ষমা ও প্রতিশোধ গ্রহণের সুষম ফয়সালা :

হজরত ইবরাহিম নাখয়ি রহ. বলেন, পূর্ববর্তী মনীষীগণ এটা পছন্দ করতেন না যে, মুমিনগণ পাপাচারী লোকদের সামনে নিজেদেরকে হেয় প্রতিপন্ন করবেন, ফলে তাদের ধৃষ্ঠতা আরো বেড়ে যাবে। তাই যে ক্ষেত্রে ক্ষমা করার ফলে পাপাচারীর ধৃষ্ঠতা বেড়ে যাওয়ার আশংকা থাকে, সে ক্ষেত্রে প্রতিশোধ নেয়াই উত্তম।

ক্ষমা করা তখন উত্তম, যখন অত্যাচারী ব্যক্তি অনুতপ্ত হয় এবং তার পক্ষ থেকে অত্যাচার বেড়ে যাওয়ার আশংকা না থাকে। কাজি আবু বকর ইবনে আরাবি ও ইমাম কুরতুবি এ নীতিই পছন্দ করেছেন। তারা বলেন, ক্ষমা ও প্রতিশোধ উভয়টি অবস্থা ভেদে উত্তম। যে ব্যক্তি অনাচার করার পর লজ্জিত হয় তাকে ক্ষমা করা উত্তম। আর যে ব্যক্তি স্বীয় জেদ ও অত্যাচারে অটল থাকে তার থেকে প্রতিশোধ নেওয়াই উত্তম। (معارف القرآن)

হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রসুল (সা.) বলেন, ২ ব্যক্তি পরস্পর গালি গালাজ করলে প্রথম ব্যক্তি সীমালংঘন করে। এ প্রসঙ্গে হজরত আবু হুরায়রা (রা.) থেকে আরো বর্ণিত আছে যে, এক ব্যক্তি রসুল (সা.) এর উপস্থিতিতে হজরত আবু বকর (রা.) কে গালি দিল। তা দেখে রসুল (সা.) মুচকি হাসছিলেন। লোকটি যখন অনেক গালি দিল আবু বকর (রা.) গালির জবাব দিলেন। তখন রসুল (সা.) রাগ হয়ে উঠে গেলেন। হযরত আবু বকর (রা.) পিছে পিছে গিয়ে রসুল (সা.) কে বললেন, হে আল্লাহর রসুল (সা.)। লোকটি আমাকে গালি দিচ্ছিল। আর আপনি বসে ছিলেন। অতঃপর আমি যখন তার কোনো একটি কথার জবাব দিলাম আপনি রাগ হলেন এবং উঠে গেলন ? তখন রসুল (সা.) বললেন, তোমার সাথে একজন ফেরেশতা ছিল সে তোমার পক্ষ থেকে উত্তর দিচ্ছিল। কিন্তু যখন তুমি জবাব দিলে শয়তান এসে বসল। আমি তো আর শয়তানের সাথে বসতে পারি না। (আহমাদ, মাজহারি)

জুলুমের প্রতিশোধ নেয়া সম্পর্কে ফুজাইল ইবনে আয়াজ রহ. বলেন, যদি কোনো লোক তোমার নিকট অপর কারো বিরুদ্ধে অভিযোগ নিয়ে আসে। তবে বল, হে ভাই! তুমি মাফ করে দাও। কেননা, মাফ করা তাকওয়ার নিকটবর্তী। যদি সে বলে, অন্তর মানে না, তবে বলবে, যদি তুমি ন্যায় মাফিক প্রতিশোধ নিতে পার তবে নাও। অন্যথায় ক্ষমার দরজা প্রশস্ত। কেননা, যে ক্ষমা করে তার পুরস্কার আল্লাহর তাআলার নিকট। (ইবনে কাসির)

ظلم সম্পর্কে কিছু কথা :

ظلم শব্দটি আরবি। এর অর্থ হলো– অন্যায় বা অত্যাচার। পরিভাষায়– অন্যায়ভাবে অন্যের অধিকারে হস্তক্ষেপ করাকে জুলুম বলে। (نضرة النعيم)

আল্লামা জুরজানি রহ. এর মতে, জুলুম হলো অন্যের ক্ষমতায় হস্তক্ষেপ করা এবং সীমালংঘন করা। (نضرة النعيم)

এজন্য গুনাহকেও ظلم বলে। আর এ কারণেই شرك কে কুরআন মাজিদে বড় জুলুম বলা হয়েছে।

ظلم এর প্রকার : জুলুম তিন প্রকার। যথা :

১. **মানুষ ও আল্লাহ তাআলার মাঝে জুলুম :** যেমন: কুফর, শিরক, নেফাক ইত্যাদি। পবিত্র কুরআনে আছে, إن الشرك لظلم عظيم (لقمان:١٣) নিশ্চয়ই শিরক চরম জুলুম।

২. **মানুষের পরস্পরের মাঝে জুলুম :** যেমন: আল কুরআনে আছে, إنما السبيل على الذين يظلمون الناس (الشورى:٤٢) অভিযোগ তাদের উপর যারা মানুষের প্রতি জুলুম করে।

৩. **ব্যক্তির নিজের নফসের উপর জুলুম করা :** তথা গুনাহ করা। যেমন: আল কুরআনে আছে, ربنا ظلمنا أنفسنا ... الخ (الأعراف: ٢٣) হে আমাদের প্রভু! আমরা আমাদের আত্মার উপর জুলুম করেছি।

জুলুম করা কবিরা গুনাহ। হাদিস শরিফে আছে- اتقوا الظلم فإن الظلم ظلمات يوم القيامة তোমরা জুলুম থেকে বাঁচো। কেননা, জুলুম কিয়ামতের দিন অন্ধকারের কারণ হবে। (মুসলিম)

অন্য হাদিসে আছে, তোমরা মাজলুমের দোআকে ভয় কর। কেননা, তা অগ্নি–স্ফুলিঙ্গের ন্যায় আকাশে উঠে যায়। (হাকেম)

সুতরাং, সকল প্রকার জুলুম থেকে আমাদের বাঁচতে হবে। কেননা, আল্লাহ তাআলা জুলুমকারীকে পছন্দ করেন না। জালেমের জন্য কিয়ামতে রয়েছে যন্ত্রনাদায়ক শাস্তি।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. ক্ষতির বদলে সমান পরিমাণ ক্ষতি করা যায়।
২. ক্ষতিকারীকে ক্ষমা করা উত্তম।
৩. আল্লাহ তাআলা জালেমকে পছন্দ করেন না।
৪. জালেমের প্রতিশোধ নেয়া দোষের নয়।
৫. আসল দোষ হলো মানুষের প্রতি জুলুম করা এবং পৃথিবীতে অন্যায়ভাবে বিশৃংখলা করা।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. أصلح এর باب কী

ক. نصر খ. فتح

গ. إفعال ঘ. افّعّل

২. إنه لايحب الظالمين বাক্যে الظالمين শব্দটি তারকিবে হয়েছে–

i. نائب الفاعل ii. فاعل

iii. مفعول به

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. iii ঘ. i, ii ও iii

৩. মুমিন কত প্রকার ?

ক. দুই খ. তিন

গ. চার ঘ. পাঁচ

৪. সর্বোত্তম কোনটি ?

ক. প্রতিশোধ গ্রহণ করা খ. ক্ষমা করে দেওয়া

গ. ক্ষতি করা ঘ. সমান শাস্তি দেওয়া

৫. কিয়ামতের দিনে জুলুম কীরূপ হবে ?

ক. আলোচিত খ. নীলাভ বর্ণ

গ. অন্ধকার ঘ. স্ফটিকসাদৃশ

খ. সৃজনশীল প্রশ্ন :

জাফর বিভিন্ন পাপ কাজে জড়িত। কিন্তু সে বলে, আমি খলিল থেকে ভালো। কারণ, সে মানুষের প্রতি জুলুম করে। কিন্তু আমি কোনো জুলুম করি না। খলিল বলল, তুমিও জালেম।

ক. ظلم অর্থ কী ?

খ. জুলুম এর সংজ্ঞা বুঝিয়ে লেখ।

গ. খলিলের মন্তব্যের সঠিকতা প্রমাণ কর।

ঘ. তুমি কি জাফরের কথার সাথে একমত ? তোমার মতামত লেখ।

৫ম পাঠ

লৌকিকতা

লৌকিকতা বা লোক দেখানোর উদ্দেশ্যে কাজ করা ইসলামে নিষিদ্ধ। বিশেষ করে ইবাদত যদি এ উদ্দেশ্যে হয়, তবে তাকে গোপন শিরক বলা হয়েছে। এ সম্পর্কে কঠোর হুশিয়ারী উচ্চারণ করে আল্লাহ তাআলা বলেন-

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অনুবাদ	আয়াত
১৪২.নিশ্চয়ই মুনাফিকরা আল্লাহর সঙ্গে ধোঁকাবাজি করে ; বস্তুত তিনি তাদেরকে এর শাস্তি দেন, আর যখন তারা সালাতে দাঁড়ায় তখন শৈথিল্যের সঙ্গে দাঁড়ায়- কেবল লোক দেখানোর জন্য এবং আল্লাহকে তারা অল্পই স্মরণ করে । ১৪৩. দোটানায় দোদুল্যমান- না এদের দিকে, না তাদের দিকে! এবং আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তুমি তার জন্য কখনও কোন পথ পাবে না । (নিসাঃ ১৪২–১৪৩)	١٤٢- اِنَّ الْمُنٰفِقِيْنَ يُخٰدِعُوْنَ اللّٰهَ وَهُوَ خَادِعُهُمْ ۚ وَاِذَا قَامُوْٓا اِلَى الصَّلٰوةِ قَامُوْا كُسَالٰى ۙ يُرَآءُوْنَ النَّاسَ وَلَا يَذْكُرُوْنَ اللّٰهَ اِلَّا قَلِيْلًا ١٤٣- مُّذَبْذَبِيْنَ بَيْنَ ذٰلِكَ لَآ اِلٰى هٰٓؤُلَآءِ وَلَآ اِلٰى هٰٓؤُلَآءِ ۭ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَلَنْ تَجِدَ لَهٗ سَبِيْلًا. (سورة النساء)
৪. সুতরাং দুর্ভোগ সেই সালাত আদায়কারীদের, ৫. যারা তাদের সালাত সম্বন্ধে উদাসীন, ৬. যারা লোক দেখানোর জন্য তা করে, ৭. এবং গৃহস্থালীর প্রয়োজনীয় ছোট-খাটো সাহায্য দানে বিরত থাকে । (সুরা মাউন, ৪-৭)	٤- فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ٥- الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ ٦- الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ ٧- وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ. (سورة الماعون)

تحقيقات الألفاظ : (শব্দ বিশ্লেষণ)

يخادعون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব مفاعلة মাসদার المخادعة মাদ্দাহ خ+د+ع জিনস صحيح অর্থ- তারা ধোঁকাবাজি করে।

قاموا : ছিগাহ جمع مذكر غائب বাহাছ ماضي مثبت معروف বাব نصر মাসদার القيام মাদ্দাহ ق+و+م জিনস أجوف واوي অর্থ- তারা দাঁড়ায়।

خادع : ছিগাহ اسم فاعل বাহাছ واحد مذكر বাব فتح মাসদার الخداع মাদ্দাহ خ+د+ع জিনস صحيح অর্থ- ধোঁকাবাজ।

يراءون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব مفاعلة মাসদার المراءاة মাদ্দাহ ر+ء+ي জিনস مركب অর্থ- তারা লৌকিকতা করে।

لا يذكرون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع منفي معروف বাব نصر মাসদার الذكر মাদ্দাহ ذ+ك+ر জিনস صحيح অর্থ- তারা স্মরণ করে না।

يضلل : ছিগাহ واحد مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব إفعال মাসদার الإضلال মাদ্দাহ ض+ل+ل জিনস مضاعف ثلاثي অর্থ- সে গোমরাহ করে।

تجد : ছিগাহ واحد مذكر حاضر বাহাছ مضارع مثبت معروف বাব ضرب মাসদার الوجدان মাদ্দাহ و+ج+د জিনস مثال واوي অর্থ- তুমি পাবে।

المصلين : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব تفعيل মাসদার الصلاة মাদ্দাহ ص+ل+و জিনস ناقص واوي অর্থ- নামাজিগণ।

ساهون : ছিগাহ جمع مذكر বাহাছ اسم فاعل বাব نصر মাসদার السهو মাদ্দাহ س+ه+و জিনস ناقص واوي অর্থ- বে-খবর বা অমনোযোগীগণ।

يمنعون : ছিগাহ جمع مذكر غائب বাহাছ مضارع مثبت معروف বাব فتح মাসদার المنع মাদ্দাহ م+ن+ع জিনস صحيح অর্থ- তারা নিষেধ করে।

الماعون : শব্দটি একবচন, বহুবচনে المواعين অর্থ- আসবাবপত্র, গৃহস্থলীর জিনিসপত্র।

তারকিব :



মূলবক্তব্য :

আলোচ্য আয়াতগুলোতে আল্লাহ তাআলা মুনাফিকের খারাপ চরিত্রের বর্ণনা দিয়েছেন। তারা নামাজে অলসতা করে, লোক দেখানো ইবাদত করে এবং বখিলি করে। এর দ্বারা তারা আল্লাহ তাআলা এবং তার রসুলকে ধোঁকা দিতে চায়। মূলত তারা নিজেরাই ধোঁকাগ্রস্ত এবং দিকভ্রান্ত।

মুনাফিকের পরিচয় :

منافق শব্দটি আরবি। যার অর্থ কপট বা দ্বিমুখী স্বভাবের অধিকারী। পরিভাষায়– যে ব্যক্তি কুফরিকে গোপন রেখে ইসলামকে প্রকাশ করে তাকে মুনাফিক বলে।

এ মুনাফিক ২ প্রকার । যথা :

১. আকিদাগত মুনাফিক। একে কাফের বলে।
২. আমলগত মুনাফিক। একে ফাসেক বলে।

আকিদাগত মুনাফিকের শেষ ঠিকানা জাহান্নাম। যেমন আল কুরআনে আছে–

إن المنافقين في الدرك الأسفل من النار (النساء:١٢٥)

মুনাফিকরা তো জাহান্নামের নিম্নতম স্তরে থাকবে। (সুরা নিসা, ১৪৫)

তবে আমলগত মুনাফিক মূলত কবিরাগুনাহকারী ফাসেক। বিনা তাওবায় মারা গেলে তাকে শাস্তি পেতে হবে।

হাদিসে আছে মুনাফিকের আলামত ৩টি যথা–

১. মিথ্যা বলা ।
২. অঙ্গীকার ভঙ্গ করা।
৩. আমানতের খেয়ানত করা। (মুসলিম)

وإذا قاموا إلى الصلاة ـ الخ : এ আয়াতে মুনাফিকদের সালাতের ৩টি বেহাল দশার কথা আলোচনা করা হয়েছে। আর তা হলো–

১. মুনাফিক নামাজে দাঁড়ায় অলস ভঙ্গিতে তথা তার নামাজে সে একাগ্রচিত্তে থাকে না।
২. সে লোক দেখানোর জন্য সালাত পড়ে, তার নামাজে কোনো এখলাস থাকে না।
৩. সে নামাজে কম জিকির করে থাকে।

এ বৈশিষ্ট্যগুলো মুমিনের গুণের বিপরীত। কেননা, মুমিন খুশুর সহিত, একমাত্র আল্লাহ তাআলার জন্য এবং ধীরস্থিরতার সাথে সালাত আদায় করে থাকে।

الذين هم عن صلاتهم ساهون : যারা তাদের সালাত থেকে গাফেল থাকে বা অমনোযোগী থাকে। এর দ্বারা কয়েকটি উদ্দেশ্য হতে পারে। যেমন–

১. তাদের সালাত সম্পূর্ণরূপে ছুটে যায়।

২. অথবা তারা সালাতের সময় চলে যাওয়ার পরে নামাজ পড়ে।

৩. অথবা তারা নবি করিম (ﷺ) ও সালফে ছালেহিনদের মতো গুরুত্ব দিয়ে সালাত পড়ে না, বরং মোরগের মতো কয়েকটি ঠোকর মারে এবং خشوع এর সাথে সালাত পড়ে না।

ويمنعون الماعون :

অত্র আয়াতে মুনাফিকের আরেকটি দোষ বর্ণনা করা হচ্ছে এ মর্মে যে, তারা الماعون থেকে বাঁধা দেয় বা বিরত থাকে। তবে الماعون কী ? এর ব্যাখ্যায় উলামায়ে কেরাম নিম্নোক্ত মতামত প্রদান করেন। যেমন-

১. ইবনে আব্বাস (رضي الله عنه), ইবনে উমর (رضي الله عنه), মুজাহিদ রহ., কাতাদা রহ., ও হাসান বসরি রহ., প্রমুখের মতে, এখানে الماعون বলে জাকাতকে বুঝানো হয়েছে। জাকাতকে الماعون বলার কারণ হলো, মাউনের আসল অর্থ যৎকিঞ্চিৎ ও তুচ্ছ বস্তু। আর জাকাত ৪০ ভাগের ১ ভাগ হওয়ায় পূর্ণ মালের তুলনায় তা তুচ্ছ বস্তুর মতো। অর্থাৎ মুনাফিকরা যেমন নামাজে ত্রুটি করে, তেমনি জাকাত আদায়েও তারা গড়িমসি করে।

২. কারো কারো মতে, এখানে الماعون বলে গৃহস্থালীর উপকরণ তথা কুঠার, ডেগ, বালতি, কাঁচি, দা, কড়াই ইত্যাদি বুঝানো হয়েছে। অর্থাৎ মুনাফিকদের স্বভাব এতো নীচু যে, তারা এ সামান্য বস্তুও ধার দিতে চায় না। সুতরাং তাদের জাকাত দেওয়ার তো প্রশ্নই ওঠে না।

লৌকিকতা এর বিবরণ :

লৌকিকতা এর আরবি শব্দ رياء অর্থাৎ যা লোক দেখানোর জন্য করা হয়।

পরিভাষায়– هو إظهار العمل للناس ليروه و يظنوا به خيرا মানুষকে দেখানোর জন্য আমলকে প্রকাশ করা, যাতে তারা তার সম্পর্কে ভালো ধারণা করে।

আল্লামা জুরজানি র. বলেন– هو ترك الإخلاص في العمل بملاحظة غير الله فيه গাইরুল্লাহর দৃষ্টি আকর্ষণের জন্য আমলের মধ্যে এখলাসকে পরিত্যাগ করাকে রিয়া বলে।

ইমাম কুরতুবি র. বলেন, লৌকিকতা হলো إظهار الجميل ليراه الناس মানুষ যাতে দেখে এ উদ্দেশ্য ভালোকাজ জাহির করাই রিয়া বা লৌকিকতা।

ইবাদতে রিয়া করা মুনাফিকের লক্ষণ। হাদিসে রিয়া করাকে ছোট শিরক বলা হয়েছে। আল্লাহর কাছে রিয়াকারীর কোনো পুরষ্কার নেই । যেমন রসুল করিম (ﷺ) বলেন–

اِنَّ أَخْوَفَ مَا أَخَافَ عَلَيْكُمُ الشِّرْكُ الْأَصْغَرُ قَالُوْا يَا رَسُوْلَ اللهِ وَمَا الشِّرْكُ الْأَصْغَرُ قَالَ الرِّيَاءُ اِنَّ اللهَ تَبَارَكَ وَتَعَالٰى يَقُوْلُ يَوْمَ تُجَازَى الْعِبَادُ بِأَعْمَالِهِمْ اِذْهَبُوْا إِلَى الَّذِيْنَ كُنْتُمْ تَرَاؤُوْنَ بِأَعْمَالِكُمْ فِي الدُّنْيَا فَانْظُرُوْا هَلْ تَجِدُوْنَ عِنْدَهُمْ جَزَاءً (رواه أحمدعن محمود بن لبيد)

আমি তোমাদের উপর সবচেয়ে বেশি যার ভয় করি, তা হলো ছোট শিরক। সাহাবায়ে কেরাম বললেন, হে আল্লাহর রসুল (ﷺ) ছোট শিরক কী ? তিনি বললেন, রিয়া। আল্লাহ তাআলা যেদিন বান্দাদেরকে তাদের আমলের পুরষ্কার দিবেন সেদিন তাদেরকে বলবেন, যাও! দুনিয়াতে যাদেরকে দেখাতে তাদের কাছে ভালো কোনো কিছু পাও কিনা। (আহমদ)

রিয়ামুক্ত ইবাদতই দিদারে ইলাহি পেতে সহায়ক। এ সম্পর্কে আল্লাহ তাআলা বলেন–

فَمَنْ كَانَ يَرْجُوْ لِقَاءَ رَبِّه فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَّلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّه اَحَدًا (الكهف : ١١٠)

সুতরাং যে তার প্রতিপালকের সাক্ষাৎ কামনা করে, সে যেন সৎকর্ম করে ও তার প্রতিপালকের ইবাদতে কাউকেও শরিক না করে। (সুরা কাহফ, ১১০)

তবে, যদি কারো মনে লোক দেখানোর উদ্দেশ্য না থাকা সত্ত্বেও আপনা আপনি তার ভালোকাজ প্রকাশিত হয়ে পড়ে এবং এতে তার ভালো লাগে তবে এটা রিয়া হবে না। বরং এক্ষেত্রে নবি করিম

(ﷺ) এর বাণী হলো– (أبو يعلى) له أجران أجر السر و أجر العلانية তার জন্য দ্বিগুণ সাওয়াব। গোপন করার সাওয়াব এবং প্রকাশ করার সাওয়াব।

ইমাম কুরতুবি র. বলেন, رياء এর হাকিকত হলো- طلب ما في الدنيا بالعبادة ইবাদতের বিনিময়ে দুনিয়ার কোনো বস্তু কামনা করা। এর চারটি পর্যায় আছে। যথা–

১. الرياء بالسمت **(আচরণগত রিয়া) :** মানুষের প্রশংসা লাভ ও তাদের মাঝে প্রাধান্য বিস্তারের আশায় চরিত্রকে সুন্দর করা।

২. الرياء بالثياب **(আবরণগত রিয়া) :** মানুষ যাতে তাকে দরবেশ বা দুনিয়া বিরাগী বলে এ উদ্দেশ্য ছিন্নবেশ ধারণ করা।

৩. الرياء بالقول **(উক্তিগত রিয়া) :** কথার মাঝে দুনিয়াদারদের প্রতি ক্ষোভ প্রকাশ করে উপদেশ দেওয়া এবং ছুটে যাওয়া নেক কাজের জন্য আফসোস প্রকাশ করা ইত্যাদি।

৪. الرياء بالعمل **(আমলগত রিয়া) :** সালাত, দান, খয়রাত ইত্যাদি প্রকাশ করা। মানুষকে দেখানোর জন্য সালাতকে সুন্দর করা বা দীর্ঘ করা ইত্যাদি।

আয়াতের শিক্ষা ও ইঙ্গিত :

১. মুনাফিকরা খুবই খারাপ চরিত্রের হয়ে থাকে।
২. মুনাফিকদের শাস্তি আল্লাহ তাআলা অবশ্যই দিবেন।
৩. নামাজে অলসতা করা মুনাফিকের খাসলাত।
৪. রিয়া করা এক ধরণের নেফাক।
৫. মুনাফিকরা খুব কমই জিকির করে।
৬. অধিকহারে জিকির করা মুমিনের আলামত।
৭. মুনাফিকদের জন্য রয়েছে পরকালীন দুর্ভোগ।
৮. সালাতের সময়ের প্রতি অমনোযোগী হওয়া মুনাফিকের লক্ষণ।
৯. মুনাফিক সাধারণত কৃপণ স্বভাবের হয়ে থাকে।
১০. ছোট ছোট বস্তু ধার দিতে অস্বীকৃতি এক প্রকার নীচতা।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. يخادعون এর باب কী

ক. إفعال
খ. تفعيل
গ. مفاعلة
ঘ. تفعل

২. إن المنافقين يخادعون الله আয়াতে الله শব্দ তারকিবে কী হয়েছে ?

ক. فاعل
খ. نائب الفاعل
গ. مفعول به
ঘ. مفعول له

৩. মুনাফিক কত প্রকার ?

ক. দুই
খ. তিন
গ. চার
ঘ. পাঁচ

৪. মুনাফিক নামাজে–

i. অলস ভঙ্গিতে দাঁড়ায়
ii. লৌকিকতা করে
iii. কম জিকির করে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৫. রিয়া বা লৌকিকতা কত প্রকার ?

ক. দুই
খ. তিন
গ. চার
ঘ. পাঁচ

খ. সৃজনশীল প্রশ্ন :

আব্দুর রহিম ও খালেদ বিকাল বেলা মসজিদের মাঠে খেলা করছিল। ইতোমধ্যে মাগরিবের আজান হলে খালেদ বলল, চলো সালাত পড়ি, নইলে লোকে মন্দ বলবে। রহিম বলল, কারো প্রশংসা পাওয়ার আশায় ইবাদত করা অনুচিত।

ক. رياء অর্থ কী ?

খ. رياء পর্যায়গুলো কী কী ?

গ. খালেদের কর্মটি শরিয়াত দৃষ্টিতে ব্যাখ্যা কর।

ঘ. আব্দুর রহিমের মন্তব্যের সাথে কি তুমি একমত ? তোমার মতামত তোমার পাঠ্যবইয়ের আলোকে পেশ কর।

চতুর্থ অধ্যায়

তাজভিদ শিক্ষা

তাজভিদের পরিচয় ও গুরুত্ব

تجويد শব্দটি جودة হতে উৎকলিত। এর অর্থ التحسين বা সুন্দর করা। যে নিয়ম-কানুন অনুযায়ী কুরআন মাজিদ তেলাওয়াত করলে তেলাওয়াত শুদ্ধ ও সুন্দর হয়, তাকে ইলমে তাজভিদ বলে। তাজভিদ অনুযায়ী কুরআন তেলাওয়াত করা ফরজ। অন্যথায় অশুদ্ধ তেলাওয়াতের ফলে সালাত নষ্ট হয়ে যায়। আর অশুদ্ধ তেলাওয়াতকারী পাপী হয়। হাদিস শরিফে আছে–

رُبَّ تَالٍ لِلْقُرْاٰنِ وَالْقُرْاٰنُ يَلْعَنُهُ (كذا في الإحياء عن أنس)

অর্থ: কুরআনের এমন কিছু পাঠক আছে, কুরআন যাদের লানত করে। অর্থাৎ যারা অশুদ্ধ তেলাওয়াত করে। কারণ তাজভিদ অনুযায়ী কুরআন পাঠ শুধু নবি করিম (ﷺ) –এর নির্দেশই নয়, আল্লাহ তাআলার হুকুমও বটে। এরশাদ হচ্ছে- وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيْلًا (المزمل:٤) আর কুরআন আবৃত্তি কর ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে। অন্য আয়াতে আছে-

اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتَابَ يَتْلُوْنَهٗ حَقَّ تِلَاوَتِه (البقرة:١٢١)

অর্থাৎ, যাদেরকে আমি কিতাব দিয়েছি তাদের যারা যথাযথভাবে এটা তিলাওয়াত করে।

আর যেহেতু তাজভিদ অনুযায়ী না পড়লে কুরআনকে সঠিক ও শুদ্ধভাবে পড়া সম্ভব নয়, তাই তাজভিদ –এর জ্ঞান অর্জন করা ফরজ। এ প্রসঙ্গে আল্লামা জাজরি বলেন–

اَلْأَخْذُ بِالتَّجْوِيْدِ حَتْمٌ لَازِمٌ + مَنْ لَمْ يُجَوِّدِ الْقُرْاٰنَ اٰثِمٌ

অর্থাৎ, তাজভিদকে আঁকড়ে ধরা আবশ্যক, যে কুরআনকে তাজভিদসহ পড়ে না সে পাপী হয়। তাই আমাদের জন্য ইলমে তাজভিদের কায়দাগুলো জানা জরুরি।

১ম পাঠ

তায়া'উজ ও তাসমিয়া পড়ার নিয়ম

তায়াউজ আউযু বিল্লাহ (أعوذ بالله) পড়াকে বলে এবং তাসমিয়া বিসমিল্লাহ (بسم الله) পড়াকে বলে। কুরআন মাজিদ পাঠ করার পূর্বে শয়তানের প্রবঞ্চনা থেকে নিজেকে মুক্ত রাখার জন্য আল্লাহ তাআলার নিকট প্রার্থনা করা অতি জরুরি। এজন্য আল্লাহ তাআলার নির্দেশ রয়েছে।

আল্লাহ তাআলা বলেন :

فَإِذَا قَرَأْتَ الْقُرْاٰنَ فَاسْتَعِذْ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

অর্থ : যখন কুরআন পাঠ করবে তখন অভিশপ্ত শয়তান হতে আল্লাহর আশ্রয় নিবে।
(সুরা নাহল, ৯৮)

أعوذ بالله পাঠ করার কয়েক প্রকার বাক্য আছে । যেমন–

١. أعوذ بالله من الشيطان الرجيم.
٢. أعوذ بالله السميع العليم من الشيطان الرجيم.
٣. أعوذ بالله العظيم السميع العليم من الشيطان الرجيم.
٤. أعوذ الله من الشيطان الرجيم إن الله هو السميع العليم.
٥. أعوذ بالله القوي من الشيطان الغوي.
٦. اللّٰهُمَّ إني أعوذ بك من إبليس و جنوده.

তবে, অধিকাংশ মুহাক্কিক আলিমের মতে, أعوذ بالله من الشيطان الرجيم পাঠ করাই উত্তম। কেননা, হজরত নবি করিম (ﷺ) তা দ্বারাই কুরআন মাজিদ তেলাওয়াত আরম্ভ করতেন। أعوذ بالله পাঠ করার সাথে بسم الله পাঠ করাও জরুরি। ইমাম আছেম কুফি রহ. এর শাগ্‌রিদ ইমাম হাফছ রহ.– এর মতে, بسم الله الرحمن الرحيم প্রত্যেক সুরার অংশ বা একটি আয়াত। কাজেই কোনো সুরা بسم الله ব্যতীত পাঠ করলে সেই সুরা অসম্পূর্ণ থেকে যায়। এজন্য প্রত্যেক সুরার প্রারম্ভে بسم الله পাঠ করা একান্ত জরুরি। তবে সুরা তাওবার শুরুতে بسم الله পাঠ করতে হয় না। কারণ উক্ত সুরা নাজিলকালে بسم الله নাজিল হয়নি। তাছাড়া بسم الله الرحمن الرحيم আল্লাহর পক্ষ থেকে করুণা ও দয়া স্বরূপ। আর সুরা তাওবা কাফের ও মুশরিকদের উপর গজব ও আজাবের দৃষ্টিতে আল্লাহ তাআলা নাজিল করেছেন। এ কারণে এই সুরায় بسم الله নাজিল হয়নি। অতএব এ সুরার শুরুতে بسم الله পড়া হয় না। কেবল মাত্র أعوذ بالله من الشيطان الرجيم পাঠ করেই এ সুরা পড়া শুরু করতে হয়। তবে সুরা তাওবার মধ্যখান থেকে পাঠ করা শুরু করলে بسم الله পড়াতে কোনো দোষ নেই।

أعوذ بالله এবং بسم الله পাঠ করার নিয়ম চার প্রকার । যথা–

১. فصل كل (ফাসলি কুল)

২. وصل كل (ওয়াসলি কুল)

৩. فصل أول وصل ثاني (ফাসলি আউয়াল ওয়াসলি সানি)

৪. وصل أول فصل ثاني (ওয়াসলি আউয়াল ফাসলি সানি)

১. فصل كل (ফাসলি কুল) : অর্থাৎ بسم الله ও اعوذ بالله এবং পরবর্তী সুরার অংশ পাঠকালে প্রতি আয়াতে ওয়াক্‌ফ করে পাঠ করাকে ফাসলি কুল (فصل كل) বলে। যেমন–

أعوذ بالله من الشيطان الرجيم ○ بسم الله الرحمن الرحيم ○ قل أعوذ برب الناس ○

২. وصل كل (ওয়াসলি কুলল) : অর্থাৎ بسم الله ও اعوذ بالله এবং পরবর্তী সুরার অংশ পাঠকালে নিঃশ্বাস ও আওয়াজ বহাল রেখে একত্রে পাঠ করাকে (وصل كل) ওয়াসলি কুল বলে। যেমন– أعوذ بالله من الشيطان الرجيم بسم الله الرحمن الرحيم قل أعوذ برب الناس ○

৩. فصل أول وصل ثاني (ফাসলি আউয়াল ওয়াসলি সানি) : অর্থাৎ بسم الله ও اعوذ بالله এবং পরবর্তী সুরার অংশ পাঠকালে اعوذ بالله পাঠ করে ওয়াক্বফ করা এবং بسم الله সহ পরবর্তী সুরা পাঠকালে ওয়াক্বফ না করে একত্রে পাঠ করাকে فصل أول وصل ثاني (ফাসলি আউয়াল ওয়াসলি সানি) বলে। যেমন–

أعوذ بالله من الشيطان الرجيم ○ بسم الله الرحمن الرحيم قل أعوذ برب الناس ○

৪. وصل أول فصل ثاني (ওয়াসলি আউয়াল ফাসলি ছানি) : অর্থাৎ بسم الله ও اعوذ بالله এবং পরবর্তী সুরার অংশ পাঠকালে أعوذ بالله এবং بسم الله একত্রে পাঠ করে وقف (ওয়াক্বফ) করা এবং পরবর্তী সুরার অংশ পৃথকভাবে পাঠ করাকে وصل أول فصل ثاني (ওয়াসলি আউয়াল ফাসলি ছানি) বলে। যেমন–

أعوذ بالله من الشيطان الرجيم بسم الله الرحمن الرحيم ○ قل أعوذ برب الناس ○

তবে এই সব নিয়ম কুরআন পাঠ শুরুর ক্ষেত্রে জায়েজ। কিন্তু একটি সুরার শেষাংশে بسم الله কে মিলিয়ে পড়া এবং পরবর্তী সুরা থেকে বিচ্ছিন্ন করে পড়া জায়েজ নয়। এমতাবস্থায় بسم الله পূর্ববর্তী সুরার অংশ হওয়া বুঝায়। যেমন–

من شر حاسد إذا حسد بسم الله الرحمن الرحيم ○ قل أعوذ برب الناس ○

২য় পাঠ

মাদ্দের বর্ণনা

মাদ্দ (مد) অর্থ– দীর্ঘ করা। অর্থাৎ, মাদ্দ বিশিষ্ট হরফটি উচ্চারণকালে শ্বাস এবং আওয়াজকে দীর্ঘ করে পাঠ করা, যেন স্বাভাবিকভাবে মাদ্দটি পরিপূর্ণ হয়।
মাদ্দ প্রথমত দুই প্রকার। যথা–

১. মাদ্দে আসলি (مد أصلي) মূল মাদ্দ বা ভিত মাদ্দ।

২. মাদ্দে ফারয়ি (مد فرعي) উপ–মাদ্দ বা শাখা মাদ্দ।

১. মাদ্দে আসলির (مد أصلي) বর্ণনা :

মাদ্দের হরফ তিনটি। যথা : و ـ ا ـ ي একত্রে واي হয়। و সাকিনের পূর্বের হরফে পেশ, ا এর পূর্বের হরফে যবর এবং ي সাকিনের পূর্বের হরফে যের থাকলে তাকে মাদ্দের হরফ বা حرف مدّ বলে। যেমন– نوحيها একে মাদ্দে আসলি (مد أصليّ) বা মাদ্দে তাবয়ি (مد طبعي) বলে। এই মাদ্দ এক আলিফ পরিমাণ দীর্ঘ করে পাঠ করতে হয়।

এক আলিফ দুই হরকতের সমান। যেমন – ب + ب বলতে যে সময় প্রয়োজন হয় তা–ই এক আলিফের পরিমাণ। অথবা হাতের একটি আঙ্গুল সোজা অবস্থা থেকে মধ্যম গতিতে বন্ধ করতে যে সময়ের প্রয়োজন হয় তাকে এক আলিফ, দু'টি আঙ্গুল বন্ধ করতে যে সময়ের প্রয়োজন হয় তাকে দু'আলিফ, এভাবে তিন ও চার আলিফের পরিমাণ নির্ধারণ করা যায়।

মাদ্দে আসলির আর একটি ধারা হলো, যখন কোনো হরফে খাড়া যবর (ـٰـ), খাড়া যের (ـٖـ) এবং উল্টা পেশ (ـٗـ) থাকে। তখন খাড়া যবরে আলিফ যুক্ত মাদ্দের হুকুম, খাড়া যেরে ইয়া যুক্ত মাদ্দের

হুকুম এবং উল্টা পেশে ওয়াও যুক্ত মাদ্দের হুকুম প্রযোজ্য হবে। একেও মাদ্দে আসলি বা মদ্দে তাবয়ি –এর ন্যায় এক আলিফ দীর্ঘ করে পাঠ করতে হয়।

২. মাদ্দে ফারয়ি (مد فرعيّ) –এর বর্ণনা : মাদ্দে ফারয়ি দশ প্রকার। যথা –

১. মাদ্দে মুত্তাসিল বা ওয়াজিব (مد متصل أو واجب)

২. মাদ্দে মুনফাসিল বা জায়েজ (مد منفصل أو جائز)

৩. মাদ্দে আরিজ (مد عارض)

৪. মাদ্দে লিন (مد لين)

৫. মাদ্দে বদল (مد بدل)

৬. মাদ্দে সিলাহ (مد صلة)

৭. মাদ্দে লাজিম কালমি মুসাক্‌কাল (مد لازم كلمي مثقل)

৮. মাদ্দে লাজিম কালমি মুখাফ্‌ফাফ (مد لازم كلمي مخفف)

৯. মাদ্দে লাজিম হারফি মুছাক্‌কাল (مد لازم حرفي مثقل)

১০. মাদ্দে লাজিম হারফি মুখাফ্‌ফাফ (مد لازم حرفي مخفف)

উল্লেখ্য যে, মাদ্দে ফারয়ি–এর কোনো কোনো মা্দ্দ গঠন করতে মাদ্দে আসলির সম্পর্ক থাকবে। তখন তার বিস্তারিত বর্ণনা না দিয়ে কেবল মাদ্দে আসলি বলে উল্লেখ করা হবে এবং মাদ্দের পরিমাণ নির্ণয় নীতি সম্পর্কে দেওয়া বিবরণ স্মরণ রাখতে হবে।

১. মাদ্দে মুত্তাসিল (مد متصل) : একই শব্দের মধ্যে মাদ্দে আসলির পরে হামজা থাকলে তাকে মাদ্দে মুত্তাসিল বা ওয়াজিব মাদ্দ বলে। এটা চার আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়। যেমন: أُولَٰٓئِكَ ـ جَآءَ ـ سُوٓءَ ـ جِاْيٓءَ ইত্যাদি।

২. মাদ্দে মুনফাসিল (مد منفصل) : পাশাপাশি দুটি শব্দের প্রথম শব্দের শেষে মাদ্দে আসলি এবং দ্বিতীয় শব্দের প্রথমে হামজা থাকলে তাকে মাদ্দে মুনফাসিল বা জায়েজ মাদ্দ বলে। যথা وَمَآ أُنْزِلَ ـ الَّذِيٓ أَطْعَمَهُمْ ـ قُوٓا أَنْفُسَكُمْ ইত্যাদি।

৩. **মাদ্দে আরিজ** (مد عارض) : এই মাদ্দটি ওয়াক্‌ফ বা বিরতি অবস্থায় হয়। ওয়াসল বা মিলিয়ে পাঠ করলে মাদ্দ হয় না। ওয়াক্‌ফ বা বিরতির কারণে শব্দের শেষের হরফটি অস্থায়ী সাকিন করতে হয়। অস্থায়ী সাকিনের পূর্বে মাদ্দে আসলি থাকলে তাকে মাদ্দে আরিজ লিস্‌সুকুন (مد عارض للسكون) বলে। এটা তিন আলিফ থেকে চার আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়া হয়। তবে চার আলিফ পরিমাণ দীর্ঘ করা উত্তম। যেমন ঃ حِسَابٌ ـ تَعْلَمُوْنَ ـ رَبِّ الْعٰلَمِيْنَ ইত্যাদি।

৪. **মাদ্দে লিন** (مد لين) : লিন অর্থ নরম করা বা সহজ করা। এটি ওয়াকফ (وقف) বা বিরতি অবস্থায় মাদ্দ হয়। ওয়াসল (وصل) বা মিলিয়ে পাঠ করলে মাদ্দ হয় না। ওয়াও (و) সাকিন এবং ইয়া (ي) সাকিন এর পূর্বের হরফে যবর থাকলে তাকে মাদ্দে লিন (مد لين) বলে। এটা এক আলিফ থেকে দুই আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়। যেমন–بَيْتٌ ـ خَوْفٌ ـ سَيْرٌ ইত্যাদি।

৫. **মাদ্দে বদল** (مد بدل) : বদল অর্থ পরিবর্তন করা। হামজা সাকিনকে পূর্বের হরফের হরকত অনুযায়ী মাদ্দের হরফ (ا+و+ي) দ্বারা বদল বা পরিবর্তন করে পড়াকে মাদ্দে বদল (مد بدل) বলে। যেমন: آمن মূলে أأمن ছিল, اومن মূলে أأمن ছিল এবং إيمانا মূলে إإيمانا ছিল।

কেননা হামজা হরফে শিদ্দাহ সিফাত আছে বিধায় একত্রে দু'হামজা উচ্চারণ করা কঠিন। সুতরাং নিয়ম অনুযায়ী সহজ করার জন্য হরকতের মোতাবেক হরফ দ্বারা হামজাকে পরিবর্তন করা হয়েছে। এই মাদ্দ এক আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়।

৬. **মাদ্দে সিলাহ** (مد صلة) : সিলাহ অর্থ হা (ه) জমিরে একটি মাদ্দ বৃদ্ধি করা, অর্থাৎ হা (ه) জমিরে পেশ হলে তার সাথে ওয়াও সাকিন বৃদ্ধি করে পড়া এবং হা (ه) জমিরে যের হলে তার সাথে ইয়া সাকিন বৃদ্ধি করে পড়া। একে মাদ্দে সিলাহ (مد صلة) বলে। যেমন ঃ له–এর স্থলে لهو এবং به এর স্থলে بهي. ইত্যাদি।

মাদ্দে সিলাহ (مد صلة) দুই প্রকার :

ক. সিলাহ তবিলাহ (صلة طويلة)

খ. সিলাহ কাসিরাহ (صلة قصيرة)

ক. সিলাহ তবিলাহ (صلة طويلة) : হা (ه) জমিরের পূর্বে এবং পরে হরকত থাকলে এবং পরের হরকতটি হামজার উপর হলে তখন পেশের সাথে و (ওয়াও) বৃদ্ধি করে এবং যেরের সাথে ي (ইয়া) বৃদ্ধি করে মাদ্দে মুনফাসিলের ন্যায় তিন আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়াকে সিলাহ–এ তবিলাহ বলে। যেমন –مَالَهُۥٓ أَخۡلَدَهُۥ ۔ مِنۡ عِلۡمِهِۦٓ إِلَّا بِمَا شَآءَ ইত্যাদি।

খ. সিলাহ কাসিরা (صلة قصيرة) : হা (ه) জমিরের পূর্বে এবং পরে হরকত থাকলে এবং পরের হরফটি হামজা না হলে তখন তার পেশের সাথে ওয়াও (و) এবং যেরের সাথে ইয়া (ي) বৃদ্ধির করে মাদ্দে আসলির ন্যায় এক আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়াকে সিলাহ–এ কাসিরাহ বলে। যেমন– يُضِلُّ بِهِۦ كَثِيرًا এবং إنه هو ইত্যাদি।

৭. **মাদ্দে লাজিম কালমি মুসাককাল** (مد لازم كلمي مثقل) : একই শব্দের মধ্যে মাদ্দের হরফের পরে তাশদিদযুক্ত আসলি সাকিন হলে তাকে মাদ্দে লাজিম কালমি মুসাক্কাল বলে। যথা : حَآجَّهُۥ۔ دَآبَّةٌ۔ضَآلِّينَ ইত্যাদি। এটা চার আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়।

৮. **মাদ্দে লাজিম কালমি মাখাফ্ফাফ** (مد لازم كلمي مخفف) : একই শব্দের মধ্যে মাদ্দের হরফের পরে জযমযুক্ত আসলি সাকিন হলে তাকে মাদ্দে লাজিম কালমি মুখাফ্ফাফ বলে। যথা: ءَآلۡـَٰٔنَ –এটা চার আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়।

৯. **মাদ্দে লাজিম হারফি মুসাক্কাল** (مد لازم حرفي مثقل) : হুরুফে মুক্বাত্তাআত যা সুরার প্রারম্ভে থাকে, তার মধ্যে যে সমস্ত হরফের নাম তিন হরফ বিশিষ্ট তাতে যদি মাদ্দের হরফের পরে তাশ্‌দিদযুক্ত আসলি সাকিন থাকে তাহলে তাকে মাদ্দে লাজিম হারফি মুসাক্কাল বলে। যথা الٓمٓ۔ طسٓمٓ ইত্যাদি। একে চার আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়।

১০. **মাদ্দে লাজিম হারফি মুখাফ্ফাফ** (مد لازم حرفي مخفف) : হুরুফে মুক্বাত্তায়াত, যা সুরার প্রারম্ভে থাকে, তার মধ্যে যে সমস্ত হরফের নাম তিন হরফ বিশিষ্ট ঐ সমস্ত হরফে মাদ্দের হরফের পরে জযমযুক্ত আসলি সাকিন হলে তাকে মাদ্দে লাজিম হরফি মুখাফ্ফাফ বলে। যেমন: يسٓ۔الٓر۔ حمٓ۔نٓ۔صٓ ইত্যাদি। একে চার আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়।

৩য় পাঠ

হায়ে জমির পড়ার নিয়ম

আরবি ভাষার মধ্যে নাম পুরুষের সর্বনাম হিসেবে শব্দের শেষে 'হা' (ه) ব্যবহার করা হয়, একে 'হা' জমির (هاء ضمير) বলে। 'হা' জমির পড়ার নিয়মগুলো নিচে উল্লেখ করা হল।

১. হা (ه) জমিরের পূর্বে যের অথবা ইয়া সাকিন থাকলে ه (হা) জমিরে যের হয়। যেমন– وإليه ـ به কিন্তু দুই স্থানে এর ব্যতিক্রম বা বিপরীত। হাফসের মতে উক্ত স্থানদ্বয়ে পেশ পড়তে হয়। যথা-

(১) সুরা কাহফের ৬৩ নং আয়াতে وما أنسانيهُ

(২) সুরা ফাতহ এর ১০ নং আয়াতে عليهُ الله

এছাড়া হা–জমিরের পূর্বে যের থাকা সত্ত্বেও নিয়মের বিপরীত দুই স্থানে হা–জমির সাকিন পড়তে হয়। যেমন–

(১) সুরা শু'আরা এর ৩৬ নং আয়াত এবং সুরা আ'রাফ –এর ১১১ নং আয়াতে وأرجهْ

(২) সুরা নামল এর ২৮ নং আয়াতে فألقهْ

২. হা (ه) জমিরের পূর্বে যের অথবা ي (ইয়া) সাকিন না থাকলে হা (ه) জমিরে পেশ হবে। যেমন لَـهُ رَأَيْتُمُوْهُ ـ مِنْهُ ـ اَخَاهُ ـ কিন্তু একস্থানে নিয়মের বিপরীত হা (ه) জমিরে যের পড়তে হয় । যেমন– সুরা নুর এর সপ্তম রুকূতে ويتقهِ فأولئك

৩. হা (ه) জমিরের পূর্বের এবং পরের হরফে হরকত থাকলে হা (ه) জমিরের হরকতকে (إشباع) দীর্ঘ করে পড়তে হয়। অর্থাৎ যেরের সাথে ইয়ায়ে মাদ্দাহ (ياء مدة) এবং পেশের সাথে ওয়াও মাদ্দাহ (واو مدة) বৃদ্ধি করে পড়তে হয়। যেমন– مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ۔وَرَسُوْلُهٗۤ أَحَقُّ কিন্তু একস্থানে নিয়মের ব্যতিক্রম (إشباع) দীর্ঘ হবে না। সুরা জুমার এর প্রথম রুকুতে وإن تشكروا يرضهُ لكم পেশকে সিলাহ্ (صلة) ব্যতীত পড়তে হবে।

৪. হা (ه) জমিরের পূর্বে বা পরে যদি সাকিন হরফ থাকে তখন হা (ه) জমিরকে দীর্ঘ করে পড়তে হয় না। যেমন– أَوْ زِدْ عَلَيْهِ ـ بِهِ الْحَقُّ ـ بِيَدِهِ الْمُلْكُ ـ مِنْهُ قَلِيْلًا কিন্তু একটি স্থানে নিয়মের ব্যতিক্রম 'হা' (ه) জমির দীর্ঘ করে পড়তে হয়। তা হচ্ছে সুরা ফুরক্বান এর শেষ রুকুতে فيه مهانا এটা ইমাম হাফস রহ. –এর নিয়ম অনুযায়ী পাঠ করা হয়।

৪র্থ পাঠ

জমিরে 'আনা' পড়ার নিয়ম

কুরআন মাজিদে 'আনা' (أَنَا) শব্দের নুনের সাথে আলিফ লেখা আছে। পূর্বে এ আলিফ ছিল না। এতে (رسم الخط) রসমুলখত অনুযায়ী আলিফ লেখা হয়েছে, কিন্তু পড়ার সময় তা পড়তে হয় না। জমিরের নুন সর্বদা أَنَ (আনা) যবর বিশিষ্ট হয় এবং মাস্‌দারের নুন সর্বদা أَنْ (আন্) জযমবিশিষ্ট হয়। ইসলামের তৃতীয় খলিফা উসমান ইবন 'আফ্‌ফান (رضي الله عنه) –এর সময়ে কুরআন মাজিদ হরকতবিহীন ছিল। কোনটি জমিরের أَنَ (আনা) আর কোনটি মাসদারের أَنْ (আন্) হরতকবিহীন অবস্থায় তা একই রূপ ان এবং ان ছিল। এ কারণে সাধারণের পাঠে জটিলতা দেখা দেয়। এ জন্য সর্বসাধারণের নির্ভুল পাঠের সুবিধার্থে জমিরের أَنَ (আনা) এবং মাসদারের أَنْ (আন্) – কে পৃথক করার লক্ষ্যে জমিরের আনার নুনের সাথে একটি আলিফ বৃদ্ধি করে أَنَا (আনা) করা হয়। যার দ্বারা বুঝা যায় যে, এটা জমিরের أَنَ (আনা), মাসদারের আন্ (أَنْ) নয়। এটা লেখায় আসবে, কিন্তু পড়ায় আসবে না। যেমন– لٰكِنَّا هُوَ اللهُ ـ اَنَا اُحْيِي ـ وَلَا اَنَا عَابِدٌ ـ إِنْ أَنَا إِلَّا ইত্যাদি।

এখানে لٰكِنَّا শব্দের নুনের আলিফও أَنَا (আনা) শব্দের আলিফ। পূর্বের শব্দ لٰكِن + أَنَ ছিল। আনার আলিফকে বিলোপ করার পর নুনের সাকিনকে দ্বিতীয় নুনের মধ্যে ইদগাম করে لٰكِنَّ করা হয় এবং নুনের সাথে বর্ণিত রসমুলখত (رسم الخط) এর আলিফ চিহ্নটি যোগ করে لٰكِنَّا করা হয়। সুতরাং নুনের আলিফটি অতিরিক্ত। এ জন্য لٰكِنَّا هو الله –এর নুনের আলিফটি পড়ার সময় বাদ পড়ে যায়। উক্ত নুনের উপর وقف (ওয়াক্‌ফ) করলে আলিফ পড়া যাবে এবং এক আলিফ দীর্ঘ মাদ্দ করতে হয়। যেমন –لٰكِنَّا

এতদ্ব্যতীত أَنَابَ ـ أَنَابُوْا ـ أَنَامِلَ ـ أَنَاسِيَّ এ চার স্থানে নুনের সাথে যুক্ত আলিফ অতিরিক্ত নয়। এ আলিফকে ওয়াক্‌ফ (وقف) এবং ওয়াসল (وصل) উভয় অবস্থায় এক আলিফ পরিমাণ দীর্ঘ মাদ্দ করে পড়তে হয়।

৫ম পাঠ

পোর ও বারিকের বিবরণ

পোর অর্থ মুখভর্তি মোটা আওয়াজে উচ্চারণ করা এবং বারিক অর্থ হালকা, পাতলা আওয়াজে উচ্চারণ করা। আরবি হরফসমূহ সুন্দর করে উচ্চারণের ক্ষেত্রে পোর ও বারিকের অনেক গুরুত্ব রয়েছে। এজন্যে কুরআন মাজিদ পাঠকালে পোর ও বারিকের প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখা প্রয়োজন। পোর হরফ বারিকরূপে উচ্চারিত হলে তেলাওয়াতের সৌন্দর্য নষ্ট হয়। অনুরূপভাবে বারিক হরফ পোর উচ্চারণ করা হলে তাতেও সৌন্দর্য ব্যাহত হয়। কারণ কুরআন মাজিদকে খুব সুন্দরভাবে উচ্চারণ করে পাঠ করার প্রতি পবিত্র কুরআন ও হাদিস শরিফে অনেক গুরুত্ব দেওয়া হয়েছে।

আরবি হরফগুলোর মধ্যে হুরুফে মুস্তালিয়া (خص ضغط قظ) সর্বদা পোররূপে উচ্চারিত হয়।

পোর উচ্চারণের তিনটি স্তর রয়েছে। যথা – উচ্চস্তর, মধ্যমস্তর ও নিম্নস্তর।

হুরুফে মুস্তালিয়ার যে কোনো একটির পরে আলিফ (ا) যুক্ত হলে এবং তার পূর্বে যবর থাকলে উচ্চস্তরের পোর হয়। উক্ত আলিফ হরফ ব্যতীত শুধু যবর বা পেশ থাকলে মধ্যম স্তরের পোর হয় এবং যের থাকলে সর্বনিম্ন স্তরের পোর হয়। যথা :

উচ্চস্তরের পোর : خَالِدُوْنَ ـ صَادِقُوْنَ ـ غَافِلُوْنَ ইত্যাদি

মধ্যমস্তরের পোর : مِنَ الظُّلُمَاتِ ـ اِنْطَلَقُوْا ইত্যাদি

নিম্নস্তরের পোর : اَلصِّرَاطَ ـ ظِلّ ইত্যাদি

সাকিন হরফের পূর্বে হুরুফে মুস্তাফিলাহ (حروف مستفلة) এর ২২টি হরফের কোনো একটি হরফ হলে তা সর্বদা বারিক উচ্চারিত হয়। এ হরফগুলো হলো-

ا ـ ب ـ ت ـ ث ـ ج ـ ح ـ د ـ ذ ـ ر ـ ز ـ س ـ ش ـ ع ـ ف ـ ك ـ ل ـ م ـ ن ـ و ـ ه ـ ي

আলিফ (ا), রা (ر) এবং আল্লাহ (الله) শব্দের নাম (ل) এ তিনটি হরফ তাদের পূর্বে হরকত অনুযায়ী পোর বা বারিক হয়। যেমন–

صَآخَّةٌ ـ وَاللّٰهُ خَيْرُ الرَّازِقِيْنَ এটা হরকত অনুযায়ী পোর এবং بَائِسِيْنَ ـ ثَابِتِيْنَ ـ تَابِعِيْنَ এটা হরকত অনুযায়ী বারিক ইত্যাদি।

লাম (ل) হরফ পোর ও বারিক পড়ার নিয়ম :

(ل) লাম হরফ একাকি অবস্থায় যে কোনো হরকত ধারণ করুক না কেন তা বারিক পড়তে হয়। যেমন– لَ ، لِ ، لُ অবশ্য উক্ত লাম (ل) আল্লাহ (اللّٰه) শব্দের মধ্যে হলে এবং তার পূর্বে যবর বা পেশ থাকলে পোর পড়তে হয়। যেমন– اللّٰهُمَّ ـ عَبْدُ اللّٰهِ ـ اللّٰهُ ইত্যাদি। আর আল্লাহ শব্দের লামের পূর্বে যের হলে ঐ লাম বারিক পড়তে হয়। যেমন– بِسْمِ اللّٰهِ ـ اَلْحَمْدُ لِلّٰهِ ইত্যাদি।

ر (রা)- কে পোর পড়ার নিয়ম :

১. ر **(রা)** এর উপর যবর বা পেশ হলে ঐ "রা"–কে পোর বা মোটা করে উচ্চারণ করতে হয়। যেমন– رَسُوْل ـ رَقُوْد ـ رَعَد ـ رُزْقُوْا ইত্যাদি।

২. ر **(রা)** সাকিনের পূর্ববর্তী হরফে যবর বা পেশ থাকলে ঐ 'রা'– কে পোর বা মোটা করে উচ্চারণ করতে হয়। যেমন – بَرْق ـ يَرْجِعُوْن ـ قُرْاٰن ـ فُرْقَان ইত্যাদি।

৩. ر **(রা)** সাকিনের পূর্বে অস্থায়ী যের হলে ঐ রা– কে পোর বা মোটা করে উচ্চারণ করতে হয়। যথা– اَمِ ارْتَابُوْا ـ اِنِ ارْتَبْتُم ـ مَنِ ارْتَضٰى ইত্যাদি।

৪. ر **(রা)** সাকিনের পূর্ববর্তী হরফে যের এবং পরবর্তীকে হরফ মুস্তালিয়া হলে ঐ 'রা'– কে পোর বা মোটা করে উচ্চারণ করতে হয়। যথা- مِرْصَاد ـ قِرْطَاس ـ فِرْقَة ইত্যাদি।

৫. ر **(রা)** সাকিনের পূর্বের হরফ "ي " ইয়া ব্যতীত অন্য কোনো হরফ সাকিন হলে এবং তার পূর্বে যবর বা পেশ থাকলে ঐ 'রা' –কে ওয়াক্বফ অবস্থায়, পোর বা মোটা করে উচ্চারণ করতে হয়। যথা– شَهْر ـ قَدْر ـ أُمُوْر ـ أَمْر ইত্যাদি।

ر (রা) বারিক পড়ার নিয়ম :

১. ر **(রা)** এর নীচে যের হলে ঐ "রা"– কে বারিক বা হালকা পাতলা করে পড়তে হয়। যথা : أَرِنَا ـ رِزْقًا

২. ر **(রা)** সাকিনের পূর্ববর্তী হরফে যের থাকলে ঐ "রা"– কে বারিক বা হালকা পাতলা উচ্চারণ

করে পড়তে হয়। যথা– فِرْعَوْن ـ مِرْيَة ـ شِرْعَة ইত্যাদি।

৩. যে ر (রা) এর উপরে وقف (ওয়াক্বফ) করা হয় ঐ "রা" এর পূর্বে ي (ইয়া) সাকিন থাকলে ঐ "রা"– কে বারিক বা হালকা–পাতলা করে উচ্চারণ করতে হয়। যথা– قَدِيْر ـ بَصِيْر ـ خَبِيْر ইত্যাদি।

ষষ্ঠ পাঠ

লাহান

لحن শব্দটি বাবে فتح يفتح এর মাসদার। আরবি ভাষায় বলা হয়, لحن الرجل في كلامه أي أخطأ অর্থাৎ, লোকটি তার কথা বা বাক্যে ভুল করেছে। সুতরাং বলা যায়, لحن শব্দের শাব্দিক অর্থ ভুল করা বা অশুদ্ধ পড়া। তাজভিদ শাস্ত্রের পরিভাষায়, তাজভিদের নিয়মপদ্ধতির বিপরীত কুরআন শরিফ পড়লে তাকে لحن বলে।

أقسام اللحن : لحن দুই প্রকার : (١) اللحن الجلي (٢) اللحن الخفي

لحن جلي: علم التجويد –এর বিপরীত মারাত্মক ও প্রকাশ্য ভুলকে لحن جلي বলে। لحن جلي পাঠ করা হারাম। এতে কবিরা গুনাহ হয়। নামাজে لحن جلي করলে সালাত নষ্ট হয়ে যায়। لحن جلي করার কারণে কুফরির পর্যায় চলে যেতে পারে। যেমন – সুরা ফাতিহার মধ্যে أنعمتَ –এর জায়গায় أنعمتُ পড়লে কুফরি হবে। কেননা, সে সময় নেয়ামতের মালিক আল্লাহ না হয়ে পাঠক নিজেই মালিক হয়ে যান।

لحن خفي: علم التجويد –এর পরিপন্থী সূক্ষ্ম ও অপ্রকাশ্য ভুলকে لحن خفي বলে। لحن خفي – কে তাজভিদের পরিভাষায় মাকরুহ বলা হয়েছে। এতে গুনাহ হয় না, তবে এর থেকে বেঁচে থাকার চেষ্টা করতে হবে। যেমন– صِرَاط শব্দের ر বারিক করে পড়া। অথচ তাকে তাজভিদের নিয়ম অনুযায়ী পোর করে পড়া উচিত।

অনুশীলনী

ক. বহুনির্বাচনি প্রশ্নাবলি :

১. তাজভিদের আবশ্যকতাবোধক কবিতাটি কার ?

ক. শাতেবি খ. জজরি
গ. হাফস ঘ. কিসায়ি

২. تعوذ ও تسمية কত ভাবে পড়া যায় ?

ক. চার খ. পাঁচ
গ. ছয় ঘ. সাত

৩. أُولَٰئِكَ তে রয়েছে–

i. مد أصلي ii. مد متصل
iii. مد واجب

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৪. بسم الله – এর মধ্যে তাজভিদের কোন কায়দাটি প্রযোজ্য ?

ক. পোর খ. বারিক
গ. গুন্নাহ ঘ. এমালা

৫. وَلَا أَنَا عَابِدٌ –এর মধ্যে আছে–

i. ২টি مد أصلي ও ১টি مد منفصل
ii. ৩টি مد أصلي ও ১টি مد منفصل
iii. ২টি مد أصلي ও ১টি مد متصل

নিচের কোনটি সঠিক?

ক. i　　খ. ii

গ. iii　　ঘ. ii ও iii

খ. সৃজনশীল প্রশ্ন :

মাওলানা খালেদ সাহেব রমজান মাসে তারাবিহ পড়তে গিয়ে শুনলেন, হাফেজ সাহেব এতদ্রুত পড়ছেন যে, কিছুই বোঝা যাচ্ছেনা। সালাত শেষে মাওলানা খালেদ সাহেব বললেন, এভাবে কুরআন পড়লে সালাত হবে কিনা সন্দেহ।

ক. مد অর্থ কী ?

খ. তাজভিদ শিক্ষা করা জরুরি কেন ?

গ. হাফেজ সাহেব তার কেরাতে কি কি ভুল করতে পারে ? বর্ণনা কর।

ঘ. মাওলানা খালেদ সাহেবের মন্তব্যের ব্যাপারে তোমার মতামত বিশ্লেষণ কর।

শিক্ষক নির্দেশিকা

আল কুরআন মানব জীবনের সার্বিক বিষয়ে দিক নির্দেশনা দিয়েছে। এতে একদিকে যেমনিভাবে মানব জীবনের আত্মিক বিষয় বিবৃত হয়েছে। তেমনিভাবে মানুষের জাগতিক কর্মকাণ্ডের সুস্পষ্ট বিধানাবলি ও দিক নির্দেশনা রয়েছে। জ্ঞানের ভাণ্ডার আল কুরআন থেকে এসব নির্দেশনা প্রাপ্তির জন্য আল কুরআন অধ্যয়ন অপরিহার্য। এ লক্ষ্যেই মাদ্রাসা শিক্ষার সর্বস্তরের শিক্ষার্থীদের জন্য আল কুরআনকে পাঠ্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

আল কুরআন শিক্ষাদান পদ্ধতিতে এ পর্যন্ত গতানুগতিক ধারা অনুসৃত হয়ে আসছে। কিন্তু মানব জীবন গতিশীল এবং তার কর্মকাণ্ডের ধারাও পরিবর্তনশীল হওয়ায় শিক্ষাদান ব্যবস্থায়ও বিশ্বব্যাপী আমূল পরিবর্তন সূচিত হয়েছে।

তাই বিশ্বব্যাপী আর্থ-সামাজিক অবস্থার বিশেষ পরিবর্তন, নৈতিক শিক্ষার প্রয়োজন এবং জাতীয় ঐতিহ্যের প্রেক্ষিতে, সরকার কর্তৃক জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুমোদিত হয়েছে। এ শিক্ষানীতির আলোকে আল কুরআনের শিক্ষাকে বাস্তবমুখী, জীবনঘনিষ্ট, ফলপ্রসু এবং শিক্ষার্থীদেরকে আধুনিক মনস্ক, কর্তব্যপরায়ণ, দক্ষকর্মী, মূল্যবোধ সম্পন্ন, সৎ ও যোগ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে।

পুস্তকটি কারিকুলামের নির্দেশনা মোতাবেক আল কুরআনের উপর একটি ভূমিকা, মুখস্থকরণের জন্য কিছু সুরা এবং বিয়ষভিত্তিক আল কুরআনের আয়াত উল্লেখ করে তার মূল বক্তব্য, শানে নুজুল, প্রয়োজনীয় টীকাসহ বিস্তারিত ব্যাখ্যা কারা হয়েছে। বিষয় ভিত্তিক আলোচনায় প্রতিটি বিষয়ের

আলোচনা শেষে আধুনিক মূল্যায়ন পদ্ধতি "সৃজনশীল" অনুশীলনের নমুনা দেওয়া হয়েছে। শিক্ষার্থী মূল্যায়ন প্রক্রিয়ায় গতানুগতিক মুখস্থ নির্ভরতা পরিহার করে দক্ষতা ভিত্তিক অনুশীলনী সংযোজন করা হয়েছে। সবশেষে তাজভিদ অংশ সংযোজিত হয়েছে।

পাঠদান প্রক্রিয়ার, শিক্ষার্থীদেরকে পাঠ আয়ত্ব করানো এবং পাঠের প্রতি আগ্রহ উদ্দীপনা সৃষ্টি করা শিক্ষকের নিজস্ব কৌশল প্রয়োগের উপর বহুলাংশে নির্ভরশীল। এতদসত্ত্বেও নিম্নে কিছু পরামর্শ সম্মানিত শিক্ষকের দৃষ্টি আকর্ষণের জন্য প্রদত্ত হলো :

১। যেহেতু আল কুরআন আল্লাহর বাণী সম্বলিত মহাগ্রন্থ, সেহেতু পুস্তকটির পাঠদান শুরুর প্রাক্কালে ১/২ টি ক্লাসে এর মাহাত্ম, মর্যাদা ও গুরুত্ব সম্পর্কে আকর্ষণীয় ও প্রাঞ্জল ভাষায় উপস্থাপন করা দরকার। যাতে শিক্ষার্থীদের হৃদয়ে গ্রন্থটি জানার ও অধ্যয়নের আগ্রহ সৃষ্টি হয়। এক্ষেত্রে পুস্তকের বাহির হতে মর্মস্পর্শী ১/২ টি ঘটনা পেশ করা যেতে পারে।

২। শিক্ষক মহোদয় প্রতিটি পাঠ শুরু করার পূর্বে এর বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেবেন।

৩। প্রথমত আয়তের সরল অনুবাদ শিক্ষা দেবেন। এক্ষেত্রে শাব্দিক বিশ্লেষণ ভালোভাবে আয়ত্ব করিয়ে আয়াতের অনুবাদ শিক্ষা দেবেন। বিশেষ বিশেষ আয়াত মুখস্থ করাবেন।

৪। তাহকিক ও তারকিব বোর্ড ব্যবহার করে অনুশীলন করাবেন।

৫। আখলাক সম্পর্কিত বিষয়গুলো পাঠদানের ক্ষেত্রে সৎচরিত্রের প্রতি শিক্ষার্থীর আগ্রহবৃদ্ধি এবং অসৎ চরিত্রের প্রতি তার ঘৃণাবোধ জাগিয়ে তোলার ব্যাপারে সচেষ্ট হবেন।

৬। ইমান ও ইবাদত সম্পর্কিত আয়াতগুলো পাঠাদানের সময় শিক্ষার্থীদেরকে নেক আমলের প্রতি উৎসাহিত করবেন।

৭। ২য় অধ্যায়ের সুরাগুলো শিক্ষাদানের সময় তা তাজভিদসহ পাঠ করত অর্থসহ মুখস্থ করণের প্রতি গুরুত্ব দিতে হবে।

৮। সৃজনশীল পদ্ধতির পরিচয় সম্পর্কে শিক্ষার্থীদেরকে ভালোভাবে বুঝিয়ে দেবেন। অনুশীলনীতে সংযোজিত বহুনির্বাচনি প্রশ্ন ও রচনামূলক সৃজনশীল প্রশ্নমালার আলোকে পাঠদান ও মূল্যায়ন প্রক্রিয়া অনুসরণ করবেন। এক্ষেত্রে জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতামূলক যোগ্যতা যেন শিক্ষার্থীরা অর্জনে সক্ষম হয় তা বিবেচনায় রেখে সামগ্রিক পাঠ পরিকল্পনা, পাঠ উপস্থাপন ও পাঠ মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করবেন।

৯। শিক্ষক মহোদয় প্রতিটি পাঠ শেষে বোর্ডেই ১/২টি উদ্দীপক তৈরি করে চারটি দক্ষতার নমুনামূলক প্রশ্ন দেখাবেন এবং শিক্ষার্থীদেরকে অনুরূপ প্রশ্ন তৈরি করে বাড়ির কাজ হিসেবে পরের দিন আনতে বলবেন।

১০। প্রাতিষ্ঠানিক পরীক্ষাসমূহ ছাড়াও পাক্ষিক ও মাসিক পাঠদানের মধ্যে পরীক্ষা গ্রহণ করলে পাঠ মূল্যায়ন অত্যন্ত ফলপ্রসূ হবে।

১১। পরিশেষে, আবারো সম্মানিত শিক্ষক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, একজন শিক্ষা দরদী, নিষ্ঠাবান, কর্তব্যপরায়ণ শিক্ষকই পারেন তার শিক্ষার্থীদেরকে জ্ঞান অর্জনে যোগ্য করে তুলতে। আর এক্ষেত্রে শিক্ষকের নিজস্ব উদ্ভাবিত কৌশলের বিকল্প নাই।

সমাপ্ত

২০২৩
শিক্ষাবর্ষ
দাখিল
৭ম-কুরআন

বিপদে যে ধৈর্য ধারণ করে আল্লাহ্ তাকে উত্তমরূপে পুরস্কার প্রদান করেন
-আল কুরআন

শিক্ষা ও জ্ঞান অর্জনের মাধ্যমেই জীবনে সাফল্য অর্জন করতে হবে
–মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

তথ্য, সেবা ও সামাজিক সমস্যা প্রতিকারের জন্য '৩৩৩' কলসেন্টারে ফোন করুন

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে ১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন

শিক্ষা মন্ত্রণালয়

২০১০ শিক্ষাবর্ষ থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত এবং
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত